

পর্তুগালে প্রবাসী বাংলাদেশিদের সংখ্যা ৫৫ হাজার ছাড়িয়েছে

বাংলা পত্রিকা ডেস্কঃ পর্তুগিজ অভিবাসন সংস্থা এজেন্সি ফর ইন্টিগ্রেশন মাইগ্রেশন অ্যান্ড এসাইলাম (আইমা) প্রকাশিত সাম্প্রতিক প্রতিবেদনে জানানো হয়েছে যে, ৯-এর পৃষ্ঠায় দেখুন

গভর্মেন্ট শাটডাউনে সপ্তাহে ক্ষতি ১৫ বিলিয়ন ডলার

বাংলা পত্রিকা ডেস্কঃ দুই সপ্তাহ ধরে চলা যুক্তরাষ্ট্রের ফেডারেল গভর্মেন্ট শাটডাউন তথা অচলাবস্থা দেশের অর্থনীতিতে সপ্তাহে সর্বোচ্চ ১৫ বিলিয়ন ডলার পর্যন্ত ক্ষতির কারণ হতে পারে। স্থানীয় সময় গত বুধবার রাতে ইউএসএ ট্রেজারি বিভাগের এক কর্মকর্তা এই তথ্য জানিয়েছেন। এর মাধ্যমে তারা ট্রেজারি সেক্রেটারি তথা অর্থমন্ত্রী স্কট বেসেন্টের আগের বক্তব্য সংশোধন করেছে। বেসেন্ট বলেছিলেন প্রতিদিনই ১৫ বিলিয়ন ডলারের ক্ষতি হচ্ছে। ২৩-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 30 ‖ Issue 04 / October 20, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ‖ সংখ্যা ০৪ ‖ সোমবার, অক্টোবর ২০, ২০২৫, কার্তিক ০৪, ১৪৩২ ‖ রবিউস সানি ২৭, ১৪৪৭

আত্মবিশ্বাসী মামদানী, লাড়াইয়ের চেষ্টায় কুওমো



বাংলা পত্রিকা রিপোর্টঃ আর মাত্র ১৪ দিন বাকি নিউইয়র্ক সিটির মেয়র নির্বাচন। ২৫ অক্টোবর থেকে শুরু হচ্ছে আগাম নির্বাচন। শেষ মুহূর্তে মেয়র পদে মূলত ডেমোক্র্যাটিক প্রার্থী জোহরান মামদানী ও স্বতন্ত্র প্রার্থী অ্যান্ড্রু কুওমো এ দুইজনের মধ্যে হাড্ডাহাড্ডি লাড়াইয়ে সম্ভাবনা দেখা দিয়েছে। প্রচারণার শেষভাগে এসে অনেকটাই অপ্রতিরোধ্য হয়ে ওঠেছেন জোহরান মামদানী। প্রথম দিকে পিছিয়ে থাকলেও অ্যান্ড্রু কুওমোও আগের চেয়ে বেশ ব্যবধান কমিয়ে এনেছেন জোহরান মামদানীর থেকে। সর্বশেষ ১৬ অক্টোবরের মেয়রাল প্রার্থীদের প্রথম বিতর্কে নিজের অবস্থান আরো এগিয়ে নিলেন জোহরান মামদানী। মামদানীকে তীব্র আক্রমণ ১১-এর পৃষ্ঠায় দেখুন



সাক্ষর হলো 'জুলাই সনদ'

বাংলা পত্রিকা ডেস্কঃ দীর্ঘ সাত মাসের আলোচনায় কোথাও মতৈক্য এসেছে, আবার কোথাও থেকে গেছে মতানৈক্য। এসব মত-দ্বিমত, দোলাচলের মধ্যেই তৈরি হয় জুলাই জাতীয় সনদ। রাজনৈতিক দলগুলোর মতপার্থক্যের কারণে সনদে স্বাক্ষর সম্ভব হবে কি না, তা নিয়ে অনিশ্চয়তা ছিল শেষ দিন পর্যন্ত। তবে সব সংশয় ও অনিশ্চয়তা কাটিয়ে অবশেষে সই হলো ঐতিহাসিক 'জুলাই জাতীয় সনদ- ২০২৫'। গতকাল বৃহস্পতিবার বিকেলে জাতীয় সংসদ ভবনের দক্ষিণ প্লাজায় এক জমকালো ১২-এর পৃষ্ঠায় দেখুন

* ২৪ টি দলের দুজন করে প্রতিনিধির জুলাই জাতীয় সনদ স্বাক্ষর।
* অনুষ্ঠানে ছিল না এনসিপি, সিপিবি, বাসদ, বাংলাদেশ জাসদ ও বাসদ মার্ক্সবাদী।
* অনুষ্ঠানে যোগ দিলেও সনদে সই করেনি গণফোরাম।
* জুলাই যোদ্ধাদের বিক্ষোভে অঙ্গীকারনামায় পরিবর্তন ।

শিকাগোতে "অপারেশন মিডওয়ে ব্লিটজ"

আইস কর্মকর্তাদের বডি ক্যামেরা পরার নির্দেশ বিচারকের

বিক্ষোভ দমনে অতিরিক্ত বল প্রয়োগে ক্ষোভ

বাংলা পত্রিকা রিপোর্টঃ শিকাগো এলাকায় "অপারেশন মিডওয়ে ব্লিটজে" অংশ নেওয়া প্রত্যেক এজেন্টকে দেহে বডিক্যামেরা পরতে হবে, এবং সেটি অবশ্যই চালু রাখতে হবে।" এমন নির্দেশ দিয়েছেন যুক্তরাষ্ট্রের এক ফেডারেল বিচারক। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসনের অভিবাসন দমন অভিযানে আইন প্রয়োগকারী সংস্থার কর্মকর্তাদের বৃহস্পতিবার এই আদেশ দেন শিকাগোর ফেডারেল ডিস্ট্রিক্ট বিচারক সারা এলিস।

এসময় অভিবাসনবিরোধী বিক্ষোভ দমনে আইস কর্মকর্তাদের অতিরিক্ত শক্তি প্রয়োগের জন্য ক্ষোভ প্রকাশ করেন বিচারক। ফেডারেল বিচারক সারা এলিস বলেন বলেন, ক্যামেরাগুলো থাকলে সংঘর্ষ বা অভিযানের সময় কর্মকর্তাদের আচরণের সঠিক প্রমাণ পাওয়া যাবে। বিচারক নির্দেশ শিকাগোতে অভিবাসন অভিযানের ফিল্ড ডিরেক্টরকে সোমবার আদালতে হাজির হওয়ার নির্দেশ দেয়া ২৩-এর পৃষ্ঠায় দেখুন

শাহজালাল বিমানবন্দরের কার্গো ভিলেজ

১২ হাজার কোটি পণ্য পুড়িয়ে নিভল আগুন!

* আগুন লাগার প্রায় ২৭ ঘন্টা পর নিভেছে, ভবনকে ঝুঁকিপূর্ণ ঘোষণা।
* রূপপুর বিদ্যুৎকেন্দ্রের সরঞ্জাম, ওষুধের কাঁচামালসহ সব পণ্যই পুড়ে ছাই।
* ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের দাবি, ক্ষতি দাঁড়াতে পারে কয়েক হাজার কোটি টাকা।
* আগুনের ঘটনাগুলো নাশকতা কি না, খতিয়ে দেখছে সরকার। কমিটি গঠন।

বাংলা পত্রিকা ডেস্কঃ ঢাকার হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্গো ভিলেজের আমদানি কার্গো ভবনের আগুন প্রায় ২৭ ঘন্টার চেষ্টায় নিভেছে। এর আগেই ভবনে থাকা আমদানি করা সব পণ্য পুড়ে গেছে। এগুলোর ১১-এর পৃষ্ঠায় দেখুন

গভর্মেন্ট শাটডাউনের জেরে ট্রাম্প প্রশাসনের প্রতিশোধ

নিউইয়র্কসহ ডেমোক্র্যাট স্টেটগুলোর ২৭.২৪ বিলিয়ন তহবিল বাতিল!

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্টঃ গভর্মেন্ট শাটডাউনের দ্বিতীয় সপ্তাহে যুক্তরাষ্ট্রজুড়ে অবকাঠামো ও জ্বালানি খাতে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের প্রশাসন প্রায় ২৮ বিলিয়ন ডলারের তহবিল স্থগিত বা বাতিল করেছে। এসব অর্থে ২০০-রও বেশি উন্নয়ন প্রকল্পের কাজ চলছিল। আর এসব তহবিল বাতিলের তালিকায় নিউইয়র্ক, ইলিনয়েস'র মতো ডেমোক্র্যাট অধ্যুষিত স্টেট, ডিস্ট্রিক্ট ও সিটির উন্নয়ন প্রকল্পেরই বেশি। তহবিল বাতিলে বন্ধ ও ক্ষতিগ্রস্ত হবে ডেমোক্র্যাট অধ্যুষিত স্টেট, ডিস্ট্রিক্ট ও সিটির ৯৭ শতাংশ ২৭.২৪ বিলিয়ন ডলারের প্রকল্প। আর এর বিপরীতে রিপাবলিকান অধ্যুষিত ৯-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

এবার পেন্টাগন ফান্ডিং বিল পাসে ব্যর্থ সিনেট রিপাবলিকানরা
প্রকট হচ্ছে গভর্মেন্ট শাটডাউন সংকট
বাংলা পত্রিকা ডেস্কঃ গভর্মেন্ট শাটডাউনের ১৬তম দিনে এবার প্রতিরক্ষা খাতে অর্থায়নের বিল পাস করতে ব্যর্থ হলো রিপাবলিকান নেতৃত্ব। বৃহস্পতিবার সিনেটে পেন্টাগন ফান্ডিং বিলটি ভোটে তোলা হলেও ৬০ ভোট না পাওয়ায় তা আটকে যায়। সিনেটে বিলটি তোলা হলে ৫০-৪৪ ভোটে সীমাবদ্ধ থাকে। ডেমোক্র্যাটদের দাবি, স্বাস্থ্যবিমা কর ছাড়ের মেয়াদ বাড়ানো ছাড়া তারা কোনো বরাদ্দ বিল সমর্থন করবে না বলে জানায় ডেমোক্র্যাট সিনেট নেতারা। এর ফলে শাটডাউন নিয়ে সিনেটে রিপাবলিকান ও ডেমোক্র্যাটরা পাল্টাপাল্টি ৬-এর পৃষ্ঠায় দেখুন

TIME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
▶ প্রাইভেট অকশনের বাড়ি
▶ পাবলিক অকশনের বাড়ি
▶ ব্যাংক মালিকানা বাড়ি
▶ শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ ৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Great Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

কৌশল মিললে সই করবে এনসিপি

বাংলা পত্রিকা ডেস্ক : জুলাই জাতীয় সনদ ২০২৫-এ জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) স্বাক্ষর করেনি। এনসিপি সবাইকে অবাক করে জানায়, নিজেদের মতামত প্রতিফলিত না হওয়ায় জুলাই জাতীয় সনদে স্বাক্ষর করবে না। খোঁজ নিয়ে জানা গেছে, জুলাই সনদে স্বাক্ষর না করার পেছনে এনসিপির রয়েছে একাধিক রাজনৈতিক কৌশল। শেষ পর্যন্ত জুলাই জাতীয় সনদে এনসিপি স্বাক্ষর করবে এমন তথ্য পাওয়া গেছে। সনদে স্বাক্ষর করার আগে দলটি তাদের বেশ কিছু দাবিদাওয়া নিয়ে অন্তর্বর্তী সরকারের সঙ্গে দফারফায় আসতে চায়। স্বাক্ষর না করার পেছনে জনসমর্থন ঊর্ধ্বমুখী করারও কৌশল রয়েছে। ইস্যুটি ঘিরে নির্বাচনের দাবি করা দলগুলোর সমালোচনা করে চাপে রাখারও কৌশল রয়েছে এনসিপির। তবে এনসিপির শীর্ষ নেতারা সনদে স্বাক্ষর না করা নিয়ে কোনো কৌশল দেখছেন না।



এনসিপির কৌশল সম্পর্কে সংশ্লিষ্ট সূত্রগুলো দেশ রূপান্তরকে আরও বলেন, সনদে স্বাক্ষর নিয়ে জুলাই-আগস্ট আন্দোলনে থাকা রাজনৈতিক দলগুলোও দোটানায় পড়ে যায়। দলগুলোর শর্তের বেড়াজালে জুলাই জাতীয় সনদ ও জাতীয় ঐকমত্য কমিশনের প্রায় এক বছর ধরে কঠোর পরিশ্রমের ফসল। অনিশ্চয়তার মুখে পড়ে যাওয়ার ক্ষেত্র তৈরি হয়। সে জায়গা থেকে এনসিপি কৌশল করে স্বাক্ষর না করার ঘোষণা দেয়। এতে অন্য রাজনৈতিক দলগুলোর ভেতরে দ্রুত ঐক্য সৃষ্টি করে তোলে। জাতীয় ঐকমত্য কমিশনের সঙ্গে সংলাপে অংশ নেওয়া বেশিরভাগ রাজনৈতিক দল জুলাই জাতীয় সনদ ২০২৫-এ স্বাক্ষর করতে দ্রুত ঐকমত্যে পৌঁছে যায়।

সূত্রগুলো আরও জানায়, বোঝাপড়ার মধ্য দিয়েই সনদ স্বাক্ষরে পিছিয়ে থাকে এনসিপি। শেষ পর্যন্ত স্বাক্ষর করবে এনসিপি এমন তথ্যও জানা গেছে। সূত্রমতে, এনসিপি সনদে স্বাক্ষর করবে ধরে নিয়েই ঐকমত্য কমিশনের মেয়াদ আরেক দফা বাড়ানো হয়েছে। স্বাক্ষর করানোর জন্য দেনদরবার করা হচ্ছে, এ আলোচনাটিও সামনে নিয়ে আসা হয়েছে।

এ-সংক্রান্ত সূত্র আরও জানায়, সনদে স্বাক্ষর একটু পিছিয়ে থেকে এনসিপির জনসমর্থন কী পর্যায়ে আছে, সেটির একটি পরীক্ষাও নেয় তারা। তারা মনে করে, গত এক বছরের বেশি সময় ধরে কিছু ভুল-ত্রুটির ভেতরে পড়ে দলটি এক ধরনের জনসমর্থন ঝুঁকিতে পড়ে গেছে। এর মধ্য দিয়ে নিজেদের সামর্থ্য সম্পর্কে একটি ধারণা নিতে সক্ষম হয়েছে এনসিপি।

সূত্র আরও জানায়, সরকারের সঙ্গে ঘনিষ্ঠতা নিয়ে এক ধরনের অভিযোগ দলটির বিরুদ্ধে বেশ চাউর আছে। সনদ স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত না থেকে এনসিপি জানান দিয়েছে, সরকারের সঙ্গে মতবিরোধও রয়েছে তাদের।

খোঁজ নিয়ে আরও জানা গেছে, এনসিপির কৌশলের মধ্যে আরও রয়েছে সনদ স্বাক্ষর অনুষ্ঠান যেহেতু শেষ হয়ে গেছে, তাই এই মুহূর্তে বড় কিছু রাজনৈতিক দলের নানা কর্মকা- নিয়ে সমালোচনা করার সুযোগ হাতে পেয়েছে এনসিপি। স্বাক্ষর অনুষ্ঠানে না যাওয়ার মধ্য দিয়ে উদ্ভূত যে পরিস্থিতি সৃষ্টি হয়েছে, এ সুযোগ নিয়ে ওই দলগুলোর কর্মকা-ের সমালোচনা করে জনগণের কাছে তাদের প্রশ্নবিদ্ধ করা। তাতে ভোটের রাজনীতিতে কিছুটা সুবিধা পেতে পারে এনসিপি এমন কৌশলও আছে।

সংশ্লিষ্ট একাধিক সূত্র দেশ রূপান্তরকে জানায়, গত শুক্রবার জাতীয় সংসদের দক্ষিণ প্লাজায় অনুষ্ঠিত স্বাক্ষর অনুষ্ঠান আলোচনায় নিয়ে আসতে চেয়েছে এনসিপি। জুলাই জাতীয় সনদ স্বাক্ষর নিয়ে অন্য রাজনৈতিক দলের ভেতরে থাকা দ্বিধা দূর করতে চেয়েছে দলটি।

মূলত উল্লিখিত এ তিনটি রাজনৈতিক কৌশল গ্রহণ করে আনুষ্ঠানিকতার দিন জুলাই জাতীয় সনদ ২০২৫-এ স্বাক্ষর করেনি এনসিপি। তবে জুলাই জাতীয় সনদ প্রণয়ন নিয়ে দলটির সঙ্গে জাতীয় ঐকমত্য কমিশনের কিছুটা ভুল বোঝাবুঝি থাকলেও সনদবিরোধী এনসিপি সেটি কোনোভাবেই বলা যাবে না। এ প্রসঙ্গে জানতে চাইলে এনসিপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আবিদ দেশ রূপান্তরকে বলেন, আমরা জুলাই সনদ ২০২৫-এ স্বাক্ষর করব। সেটা তিনটি দাবি আদায় সাপেক্ষে। তিনি বলেন, জাতীয় ঐকমত্য কমিশনের সঙ্গে আমাদের আলাপ-আলোচনা অব্যাহত আছে। স্বাক্ষর না করা কি রাজনৈতিক কোনো কৌশল এমন প্রশ্নে আবিদ বলেন, না, এটি কোনো কৌশল নয়। জনগণ নানা সময়ে রাজনৈতিক দলগুলোর কাছে প্রত্যাশিত হয়েছে। এবার সেই সুযোগ দিতে চায় না এনসিপি। জুলাই জাতীয় সনদ স্বাক্ষর অনুষ্ঠান নিয়ে তিনি বলেন, বিয়ে অনুষ্ঠানের চেয়ে গায়েহলুদ অনুষ্ঠান বড় হয়ে যাওয়ার মতো হয়েছে।

এসব কৌশলেই প্রথম দিন সনদ স্বাক্ষর অনুষ্ঠানে যায়নি এবং স্বাক্ষর করেনি এনসিপি। তাদের নেওয়া সেই কৌশলে সুফলও পেয়েছে দলটি। বেশিরভাগ রাজনৈতিক দল সনদে স্বাক্ষর করে সরকারের সংস্কার উদ্যোগকে সফল করতে পেরেছে।

জানা গেছে, সংস্কারের দাবিতে মাঠে সরব থাকা এনসিপি জুলাই জাতীয় সনদে স্বাক্ষর না করলেও সরকারের পক্ষ থেকে দলটির সঙ্গে কোনো বৈরী আচরণ না করে বরং সংবেদনশীল আচরণের ইঙ্গিত পাওয়া যাচ্ছে। এনসিপির স্বাক্ষর না করার ভেতরে সরকারের সঙ্গে একটি বোঝাপড়ার ব্যাপার রয়েছে। সেটি আরও স্পষ্ট করে সরকারের পরিবেশ উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসানের বক্তব্য থেকে।

গতকাল রবিবার সচিবালয়ে এ প্রসঙ্গে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে পরিবেশ উপদেষ্টা জানান, ঐকমত্য কমিশনের সঙ্গে আলোচনা ফলপ্রসূ হলে ৩১ অক্টোবরের মধ্যে এনসিপি সনদে স্বাক্ষর করতে পারে। সরকারের সঙ্গে আলোচনা করে এনসিপি জুলাই সনদের স্বাক্ষর করেনি এমন অভিযোগ ভিত্তিহীন বলেও মন্তব্য করেন তিনি। এনসিপির সঙ্গে সরকারের দূরত্ব নেই। রিজওয়ানা হাসান আরও জানান, কমিশনের সুপারিশে জুলাই সনদের আইনি ভিত্তি দেবে অন্তর্বর্তী সরকার।

সূত্র আরও জানায়, এনসিপির কৌশলের মধ্যে রয়েছে সনদ স্বাক্ষর-পরবর্তী পরিস্থিতিতে একাধিক রাজনৈতিক দলকে চাপে রাখতে চায় দলটি। এরই অংশ হিসেবে গতকাল দলটির আহ্বায়ক নাহিদ ইসলাম তার ফেসবুক স্ট্যাটাসে জামায়াতকে নিয়ে এক ধরনের বিস্ফোরক মন্তব্য করেছেন। সেখানে তিনি পিআর পদ্ধতি নিয়ে জামায়াতের সমালোচনা করে বলেন, জামায়াতে ইসলামীর আনুপাতিক প্রতিনিধিত্ব বা পিআর আন্দোলন ছিল কৌশলগত রাজনৈতিক প্রতারণা। এটি ঐকমত্য কমিশনের সংস্কার প্রক্রিয়া ব্যাহত করার জন্য ইচ্ছাকৃতভাবে পরিকল্পিত হয়েছিল। আর এর উদ্দেশ্য ছিল গণঅভ্যুত্থানের প্রেক্ষাপটে রাষ্ট্র ও সংবিধান পুনর্গঠনের মূল প্রশ্ন থেকে জাতীয় সংলাপকে অন্যদিকে সরিয়ে দেওয়া।



হোম কেয়ার সার্ভিস (CDPAP) নিতে চান?



Bestcare
Home care, your care.

আমরা বাংলায় কথা বলি

PPL & NYS
DEPARTMENT OF HEALTH
অনুমোদিত
CDPAP - FACILITATOR

১৯৮১ সাল থেকে স্বাস্থ্যসেবায় কমিউনিটির সাথে আছি

আজই যোগাযোগ করুন - (516) 731-7808

3000 Hempstead Turnpike, Suite 205, Levittown, New York 11756
Email: cdpap@bestcare.com

Nassau	Queens	Bronx	Staten Island	Suffolk	Manhattan	Brooklyn
50 Clinton Street Suite 201 Hempstead, NY 11550	70-50 Austin Street Lower Level 130 Forest Hills, NY 11375	4119 White Plains Road Bronx, NY 10466	60 Bay Street Suite 506 Staten Island, NY 10301	97 West Main Street Bayshore, NY 11706	260 West 36th Street Suite 400 New York, NY 10018	1781 Flatbush Avenue 2nd Floor Brooklyn, NY 11210

ক্রিস্টি নোয়েমের ভিডিও বার্তা প্রচারে অস্বীকৃতি একাধিক বিমানবন্দরের

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: হোমল্যান্ড সিকিউরিটি বিভাগের সেক্রেটারি ক্রিস্টি নোয়েমের গভর্মেন্ট শাটডাউন নিয়ে 'জনসচেতনতামূলক' ভিডিও দেখাতে অস্বীকৃতি জানিয়েছে যুক্তরাষ্ট্রের একাধিক বিমানবন্দর।যেখানে তিনি চলমান গভর্মেন্ট শাটডাউন'র জন্য ডেমোক্র্যাটদের দায়ী করেছেন।

নিউইয়র্ক থেকে ওরেগন, নর্থ ক্যারোলাইনা থেকে নেভাদা দেশজুড়ে বড় বড় বিমানবন্দরগুলো এই "জনসেবামূলক বার্তা" প্রচারে অস্বীকৃতি জানিয়েছে। ভিডিওটি মূলত বিমানবন্দরের নিরাপত্তা চেকপয়েন্টে বাজানোর কথা ছিল, তবে এতে রাজনৈতিক বক্তব্য থাকায় অনেক বিমানবন্দর কর্তৃপক্ষ সেটি নিজেদের স্ক্রিনে প্রচার না করার সিদ্ধান্ত নেয়।

ডেট্রয়েট মেট্রো (মিশিগান) ও নর্থ ডাকোটার বিসমার্ক বিমানবন্দরে ভিডিওটি টিএসএ নিয়ন্ত্রিত মনিটরে দেখা গেছে। কিন্তু বেশিরভাগ বিমানবন্দর বলছে, এমন রাজনৈতিক বার্তা প্রচার তাদের নীতির পরিপন্থী।

ভিডিওটি শুরু হয় নিরীহ ভঙ্গিতে "টিএসএ আপনার নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি আনন্দদায়ক ও কার্যকর ভ্রমণ অভিজ্ঞতা দিতে চায়", কিন্তু এরপরই তা রাজনৈতিক সুর নেয়।

নোয়েম বলেন, "কংগ্রেসের ডেমোক্র্যাটরা সরকার চালুর অর্থায়ন প্রত্যাখ্যান করেছেন, যার ফলে বহু কার্যক্রম ব্যাহত হচ্ছে, আর আমাদের টিএসএ কর্মীদের বেশিরভাগই বেতন ছাড়াই কাজ করছেন।"

এর আগে বিমানবন্দরের মনিটরে সাধারণত নিরাপত্তা নির্দেশনা বা স্বাগত বার্তা প্রচার করা হতো, কিন্তু রাজনৈতিক মন্তব্য ছিল নজিরবিহীন।

নিউইয়র্কের অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দরে সংক্ষিপ্ত সময়ের জন্য ভিডিওটি প্রচারিত হলেও দ্রুত তা বন্ধ করে দেওয়া হয়। বিমানবন্দর কর্তৃপক্ষ জানায়, "টিএসএ কর্মীরা পূর্বানুমতি ছাড়াই ভিডিওটি চালায়। আমাদের নীতি হলো রাজনৈতিক বা দলীয় কোনো বার্তা প্রচার না করা, তাই সেটি বন্ধ করা হয়েছে।"

লাস ভেগাসের হ্যারি রিড আন্তর্জাতিক বিমানবন্দরও জানায়, তারা ভিডিওটি প্রত্যাখ্যান করেছে কারণ "এটি রাজনৈতিক বার্তা বহন করে, যা সাধারণত নিরপেক্ষ তথ্যভিত্তিক জনসেবামূলক ঘোষণার সঙ্গে সঙ্গতিপূর্ণ নয়।"

ওরেগনের পোর্ট অব পোর্টল্যান্ড কর্তৃপক্ষ আরো কঠোর ভাষায় বলেছে, "আমরা বিশ্বাস করি এই ভিডিওটি হ্যাচ অ্যাক্ট লঙ্ঘন করতে পারে, যা সরকারি সম্পদকে রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহারে নিষেধাজ্ঞা দেয়।"

১৯৩৯ সালের হ্যাচ অ্যাক্ট ফেডারেল কর্মীদের রাজনৈতিক কর্মকাণ্ডে সম্পৃক্ততা সীমিত করে, যাতে সরকারি কার্যক্রম দলনিরপেক্ষ থাকে।

নিউইয়র্ক ও নিউ জার্সির পোর্ট অথরিটিও বলেছে, তাদের দীর্ঘদিনের নীতি অনুযায়ী রাজনৈতিক বার্তা সম্প্রচারের অনুমতি নেই।

ওয়েস্টচেস্টার কাউন্টির প্রশাসন ভিডিওটি "অতিরিক্ত আতঙ্কসৃষ্টিকারী ও অনুপযুক্ত" বলে উল্লেখ করে।

সিয়াটল-টাকোমা আন্তর্জাতিক বিমানবন্দরও জানিয়েছে, রাজনৈতিক বিষয়বস্তু থাকার কারণে ভিডিওটি সেখানে প্রচার হবে না। বিমানবন্দর কর্তৃপক্ষ বলেছে, "আমরা দুই দলের মধ্যে সমঝোতার আহ্বান জানাচ্ছি, যাতে দ্রুত সরকার পুনরায় চালু হয় এবং বেতন ছাড়াই কাজ করা ফেডারেল কর্মীরা স্বস্তি পান।"

অন্যদিকে, স্বরাষ্ট্র নিরাপত্তা দপ্তর সিএনএনকে দেওয়া বিবৃতিতে আবারও ডেমোক্র্যাটদের দোষারোপ করেছে। বিবৃতিতে বলা হয়, "রাজনৈতিক খেলায় আমাদের কর্মীরা এমন অবস্থায় পড়েছে–এটি দুর্ভাগ্যজনক। আশা করি ডেমোক্র্যাটরা শিগগিরই সরকার পুনরায় চালুর গুরুত্ব বুঝবে।"

এদিকে অস্টিন, বোস্টন, ডেনভার, লিটল রক, পাম বিচ ও ট্যাম্পা বিমানবন্দর জানিয়েছে, তাদের নিজস্ব কোনো স্ক্রিনই নেই যেখানে ভিডিওটি প্রচার করা সম্ভব।

অ্যালবানি, আলবুকার্কি, আটলান্টা, ব্র্যাডলি (কানেকটিকাট), বাফেলো, ল্যানসিং, শার্লট, শিকাগো মিডওয়ে ও ও'হেয়ার, জেএফকে, লাস ভেগাস, লাগার্ডিয়া, মিনিয়াপোলিস, নিউয়ার্ক, স্টুয়ার্ট, ফিলাডেলফিয়া, ফিনিক্স, পোর্টল্যান্ড, সিয়াটল, স্প্রিংফিল্ড-ব্র্যানসন এবং ওয়েস্টচেস্টার কাউন্টি বিমানবন্দর।



মায়ামিতে প্রবাসী বাংলাদেশিদের ভোটার নিবন্ধন ও এনআইডি কার্যক্রমের উদ্বোধন

ফ্লোরিডা: ফ্লোরিডার মায়ামিতে অবস্থিত বাংলাদেশ কনস্যুলেট জেনারেলে প্রবাসী বাংলাদেশিদের ভোটার নিবন্ধন এবং জাতীয় পরিচয়পত্র (এনআইডি) প্রণয়ন কার্যক্রম চালুর আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়েছে।

এর মাধ্যমে অত্র কনস্যুলেট থেকে প্রবাসী বাংলাদেশীরা ভোটার হিসেবে নিবন্ধন ও এনআইডি সংক্রান্ত প্রয়োজনীয় সেবা গ্রহণ করতে পারবেন। এ কার্যক্রমের মাধ্যমে যাদের এনআইডি কার্ড নেই তারা নতুন করে ভোটার হিসেবে নিবন্ধন এবং এনআইডি পেতে সক্ষম হবেন। উল্লেখ্য এবার ৩১ অক্টোবর ২০২৫ তারিখের মধ্যে ভোটার হিসেবে নিবন্ধিত সব প্রবাসী বাংলাদেশি অনলাইনে মোবাইলে অ্যাপের মাধ্যমে রেজিস্ট্রেশন করে আসন্ন জাতীয় নির্বাচনে ভোট দিতে পারবেন।

পবিত্র কোরআন তেলাওয়াতের মধ্য দিয়ে অনুষ্ঠানের সূচনা করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) এ এস এম হুমায়ুন কবীর।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মায়ামিতে বাংলাদেশ কনস্যুলেটের কনসাল জেনারেল মিসেস সেহেলী সাবরীন।

প্রধান অতিথি অনুষ্ঠানে ভোটার নিবন্ধন ও আসন্ন জাতীয় নির্বাচনে বিদেশ থেকে ভোট প্রদান প্রক্রিয়া এর ওপর বিস্তারিত তুলে ধরেন। এছাড়াও তিনি ভোটার নিবন্ধন এবং জাতীয় পরিচয়পত্র (এনআইডি) প্রণয়ন কার্যক্রম বিষয়ে

প্রবাসীদের ২৩-এর পৃষ্ঠায় দেখুন

The Weekly Bangla Patrika
Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

গালাগাল

আমাদের জাতীয় কবি কাজী নজরুল ইসলাম হিন্দু-মুসলমান বিরোধ প্রসঙ্গে গালাগালিকে গলাগলিতে রূপান্তরিত করতে বলেছিলেন একদা। তাঁর এই পরামর্শ কতটা কাজে লেগেছে, তা নিয়ে আর মন্তব্য না করাই ভালো। ন্যূনতম সহনশীলতারও মৃত্যু হয়েছে কি না, তা নিয়েও ভাবছে মানুষ। রাজনীতির মাঠে প্রতিপক্ষকে অশ্রাব্য ভাষায় গালি দেওয়া হচ্ছে এবং গালি দেওয়াই উচিত বলে বয়ান তৈরি করা হচ্ছে। উত্তেজিত হলে নাকি ইচ্ছেমতো গাল দেওয়া যায়।

আজকের পত্রিকার ফিচার বিভাগ থেকে একটি বিচিত্র লেখা প্রকাশ করা হয়েছে। লেখাটির শিরোনাম 'অনলাইন গালির সংস্কৃতি: ইংরেজিতে কীভাবে গালি দেন আপনি'। সেখানে পরিষ্কার করে বলা হয়েছে ইন্টারনেটের লিঙ্গুয়া ফ্রাঙ্কা হচ্ছে ইংরেজি। পৃথিবীজুড়ে এই ভাষায় কে কাকে কতটা গালাগাল করে, তা নিয়েই ফিচারটি। যাঁরা সভ্য-ভব্য ইংরেজির চর্চা করে এসেছেন সারা জীবন, শেক্সপিয়ার, চার্লস ডিকেন্সের ভাষাকে আয়ত্ত করেছেন, তাঁরা কিন্তু এই ভার্চুয়াল ইংরেজির কাছে এসে বিপাকে পড়বেন। কারণ, এই ইংরেজিটা বইয়ের ইংরেজি থেকে অনেক দূরের ইংরেজি। ফলে পৃথিবীর বিভিন্ন দেশের মানুষ ইংরেজিতে ভার্চুয়াল জগতে যা লেখেন, তাতে গালাগালের প্রবণতা বাড়ছে।

এ ব্যাপারে ফিচারটিতে বেঞ্জামিন বার্গেনের একটি উদ্ধৃতি দেওয়া হয়েছে। লেখক বলছেন, 'আগে আপনি যে মিডিয়া দেখতেন, তা ছিল অত্যন্ত সম্পাদিত। সোশ্যাল মিডিয়ার কারণে হঠাৎ আমরা মানুষের ঘরোয়া ভাষা সরাসরি দেখতে পাচ্ছি। যখন আমরা মানুষের অনানুষ্ঠানিক যোগাযোগ দেখি এবং তাতে গালিগালাজ বেশি থাকে। এর মানে হলো, আমরা সেগুলোর সঙ্গে আরও বেশি পরিচিত হচ্ছি, যা এটিকে স্বাভাবিক করে তুলেছে। ফলে মানুষজন এতে অভ্যস্ত হয়ে পড়েছে।'

এখানে একটা বিষয় স্পষ্ট হয়, যে রুচির আবহ তৈরি হয় আনুষ্ঠানিক ভাষায়, তা ধীরে ধীরে বিলুপ্ত হয়ে যাচ্ছে। সামাজিক যোগাযোগমাধ্যমে সবাই বক্তা, তাই যে যার রুচির প্রকাশ ঘটাতে পারছে সেখানে। তাই ভাষার শালীনতা রক্ষা করার চেষ্টাও কেউ করে না।


বাস্তবজীবনে ক্ষমতাবান ও দুর্বলদের মধ্যে যে দূরত্ব থাকে, তাকে উড়িয়ে দেওয়া যায় ভার্চুয়াল জগতে। তখন আক্রমণাত্মক ভাষাকে মোক্ষম ভাষা হিসেবে ব্যবহার করা হয়। এই গালাগালই তাকে 'ক্ষমতার স্বাদ' দেয়। ভার্চুয়াল জগতে মন্তব্য, লাইক, শেয়ার ইত্যাদি 'মব মেন্টালিটি' তৈরি করে। একদল মানুষ গালাগাল শুরু করলে অন্যরাও তা দলগতভাবে সমর্থন দিতে থাকে। ফলে এই দলবদ্ধ আবেগ তাদের ব্যক্তিগত বিচারবুদ্ধিকেও আচ্ছন্ন করে ফেলে। আর অ্যালগরিদমের উসকানি তো আছেই। সামাজিক যোগাযোগমাধ্যমে অ্যালগরিদম এমন পোস্টকে সামনে নিয়ে আসে, যেগুলোতে বিতর্ক, উত্তেজনা বা রাগের প্রকাশ রয়েছে। 'মনোযোগ' আকর্ষণই পুঁজিবাজারের পণ্য হয়ে উঠেছে।

পুরোনো মূল্যবোধগুলো আক্রমণের শিকার হচ্ছে এখন। পাল্টে যাওয়া বিশ্ব পরিস্থিতিতে স্ল্যাং বা গালাগাল 'স্বাভাবিক প্রকাশভঙ্গি' হিসেবে স্বীকৃতি পেয়ে যাবে কি না, সে প্রশ্নও উঠছে। আনুষ্ঠানিক ভাষার প্রয়োজনীয়তা থাকবে কি না, সেটাও সময়ই বলে দেবে। সুতরাং বলতেই হয়, দেখার অনেক বাকি আছে। দেখা যাক পানি কোন দিকে গড়ায়।

সফলতার ২৮ বছরে
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

নির্বাচনের পথযাত্রায় স্পর্শকাতর ইস্যুগুলো

অরুণ কর্মকার



আগামী বছর ফেব্রুয়ারির প্রথমার্ধে, পবিত্র রমজানের আগে সাধারণ নির্বাচন অনুষ্ঠান নিশ্চিত বলেই ধরে নেওয়া যায়। যদিও দেশে-বিদেশে নির্বাচন নিয়ে ভিন্নতর জল্পনাও আছে। বিশেষ করে প্রবাসী কয়েকজন ইউটিউবার নানাভাবে পরিস্থিতি ব্যাখ্যা করে নিশ্চিত নির্বাচনের বিষয়ে জনপরিসরে একটি সংশয় সৃষ্টি করতে সক্ষম হয়েছেন। তবে এই কথাটি সত্য যে ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের পথযাত্রায়, আগামী চার মাসে অনেকগুলো স্পর্শকাতর ইস্যুর মীমাংসা হতে হবে। তাহলেই কেবল নিশ্চিত নির্বাচনের বিষয়ে মানুষের মনে আস্থা সৃষ্টি হতে পারে। একটি সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানের জন্য আইনশৃঙ্খলা পরিস্থিতির বিশেষ উন্নয়ন অপরিহার্য। কিন্তু সে বিষয়টি এখন পর্যন্ত চ্যালেঞ্জ হিসেবেই আছে। নির্বাচন কমিশনের পক্ষ থেকেও একাধিকবার সে কথা বলা হয়েছে। তবে এখানে যে স্পর্শকাতর ইস্যুগুলোর কথা বলা হচ্ছে সেগুলো অন্যতর কিছু। প্রধানত রাজনৈতিক ইস্যু।

> ...জুলাই অভ্যুত্থানের স্ট্রাইকিং ফোর্স ছাত্রদের দল জাতীয় নাগরিক পার্টিও (এনসিপি) স্বাক্ষর অনুষ্ঠানে অংশ না নিয়ে সনদের প্রতি একপ্রকার অনাস্থাই প্রকাশ করেছে। ফলে এই প্রশ্ন ওঠা খুবই সংগত যে এই সনদ জাতীয় ঐক্য সৃষ্টি করতে পারল কি না এবং ভবিষ্যতে এই সনদের ভিত্তিতে জাতীয় ঐকমত্য প্রতিষ্ঠিত হওয়া সম্ভব কি না? আরও একটু বৃহত্তর পরিসরে ভাবতে গেলে দেখা যায়, আরও অনেক জনসমর্থনপুষ্ট রাজনৈতিক দল সনদ স্বাক্ষর এবং জাতীয় ঐক্য প্রক্রিয়ার বাইরে রয়ে গেছে...

এর মধ্যে প্রথমেই বলা যায় জুলাই সনদের প্রসঙ্গ। জাতীয় ঐকমত্য কমিশনের সংলাপে অংশ নেওয়া ৩০টি রাজনৈতিক দলের সবাই তো জুলাই সনদে স্বাক্ষর করল না। এ ছাড়া জুলাই অভ্যুত্থানের স্ট্রাইকিং ফোর্স ছাত্রদের দল জাতীয় নাগরিক পার্টিও (এনসিপি) স্বাক্ষর অনুষ্ঠানে অংশ না নিয়ে সনদের প্রতি একপ্রকার অনাস্থাই প্রকাশ করেছে। ফলে এই প্রশ্ন ওঠা খুবই সংগত যে এই সনদ জাতীয় ঐক্য সৃষ্টি করতে পারল কি না এবং ভবিষ্যতে এই সনদের ভিত্তিতে জাতীয় ঐকমত্য প্রতিষ্ঠিত হওয়া সম্ভব কি না? আরও একটু বৃহত্তর পরিসরে ভাবতে গেলে দেখা যায়, আরও অনেক জনসমর্থনপুষ্ট রাজনৈতিক দল সনদ স্বাক্ষর এবং জাতীয় ঐক্য প্রক্রিয়ার বাইরে রয়ে গেছে।

তার মধ্যে আওয়ামী লীগ ও ১৪ দলের শরিক অন্যান্য দলের কথা বাদ দিলেও জাতীয় পার্টি এবং আরও কিছু দলের কথা বলা যায়। যেখানে জাতীয় ঐকমত্য কমিশনের সংলাপে অংশ নেওয়া দলগুলোকেই এই সনদ একসূত্রে গ্রথিত করতে পারল না, সেখানে ভবিষ্যতে এই সনদ এসব দলকে কীভাবে সম্পৃক্ত করতে সক্ষম হবে? অবশ্য অনেকে ভাবতে পারেন বা অনেকের পরিকল্পনাও থাকতে পারে যে ওইসব দল আর কখনোই দেশের রাজনীতির মাঠে প্রবেশ করতে পারবে না। কিংবা প্রবেশ করতে দেওয়া হবে না। কিন্তু এই ভাবনা কতটা বাস্তবসম্মত, সে প্রশ্ন থেকেই যায়।

দ্বিতীয় ইস্যুটি হলো নির্বাচনের ধরন। কী পদ্ধতিতে নির্বাচন হবে–সংখ্যানুপাতিক (পিআর) পদ্ধতি নাকি প্রচলিত পদ্ধতিতে। নির্বাচনের মাধ্যমে যে জাতীয় সংসদ গঠিত হবে, তা কি এক কক্ষবিশিষ্ট নাকি দ্বিকক্ষবিশিষ্ট। দ্বিকক্ষবিশিষ্ট হলে উচ্চকক্ষে কি পিআর পদ্ধতিতে সদস্য নিয়োগ হবে, নাকি প্রচলিত যে পদ্ধতিতে নারী সংসদ সদস্য নিয়োগ করা হয় সেই পদ্ধতিতে হবে? এসব বিষয় কিন্তু এখন পর্যন্ত ফয়সালা হয়নি। এ রকম আরও কয়েকটি বিষয়ে বিভিন্ন রাজনৈতিক দলের 'নোট অব ডিসেন্ট' দেওয়া রয়েছে। এই নোট অব ডিসেন্ট দিয়ে রাখা বিষয়গুলোর মীমাংসা কীভাবে করা হবে? পরবর্তী সংসদ সংখ্যাগরিষ্ঠ সদস্যের ভোটের ভিত্তিতে করবে, নাকি অন্য কোনোভাবে?

তৃতীয় যে ইস্যুটির ফয়সালা হয়নি তা হলো গণভোট ও জাতীয় নির্বাচন আলাদা আলাদাভাবে ভিন্ন ভিন্ন সময়ে হবে, নাকি একই দিনে দুটি আলাদা ব্যালটে হবে। জামায়াত নেতা সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের একই দিনে গণভোট ও জাতীয় সংসদ নির্বাচনের ধারণাকে 'উদ্ভট' বলে অভিহিত করেছেন। অথচ বিএনপি চায় একই দিনে দুটি নির্বাচন। এনসিপিরও তাতে আপত্তি নেই। কিন্তু জামায়াতের ঘোর আপত্তি আছে। তারা নভেম্বরে গণভোট অনুষ্ঠানের দাবিতে দৃঢ় এবং অনড় অবস্থান নিয়ে আছে। সংলাপে অংশ নেওয়া কোনো কোনো দল জামায়াতের দাবির প্রতি সমর্থন জানাচ্ছে। কোনো কোনো দল বিএনপি-এনসিপির প্রস্তাবের পক্ষে অবস্থান নিয়েছে। নির্বাচনের আগে জাতীয় ঐকমত্যের ভিত্তিতে এসব প্রশ্নের ফয়সালা হওয়া দরকার। কিন্তু তার সম্ভাবনা কতটা!

আরেকটি ইস্যু হলো, আগামী জাতীয় নির্বাচন কি অন্তর্ভুক্তিমূলক (ইনক্লুসিভ) হবে, নাকি অংশগ্রহণমূলক (পার্টিসিপেটরি) হবে? আওয়ামী লীগের দাবি, তাদের অধীনে সব নির্বাচনই ছিল অন্তর্ভুক্তিমূলক। কারণ ওই সব নির্বাচনের কোনো দলকেই জোরপূর্বক নির্বাচন থেকে বাদ দেওয়া হয়নি। তবে তাদের অধীনে সব নির্বাচন অংশগ্রহণমূলক হয়নি। কারণ, বিএনপিসহ কোনো কোনো রাজনৈতিক দল সব নির্বাচনে অংশগ্রহণ করেনি। কারণ, বিএনপিসহ অধিকাংশ দলের দাবি ছিল, তারা নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকার ছাড়া নির্বাচনে অংশগ্রহণ করবে না। সবশেষ তারা ২০২৪ সালে অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনে এ কারণে অংশগ্রহণ করেনি। তবে প্রশ্ন হলো, আগামী নির্বাচনে কি জোরপূর্বক কোনো দলকে বাদ দেওয়া হবে? নাকি যেকোনো দল ইচ্ছা করলে নির্বাচনে অংশ নিতে পারবে? যদি জোর করে কোনো কোনো দলকে নির্বাচনে অংশ নেওয়া থেকে বিরত থাকতে বাধ্য করা হয়, তাহলে সেই নির্বাচন কি সর্বজনীন হিসেবে স্বীকৃত হবে? বিশেষ করে আন্তর্জাতিক অঙ্গনে?

এনসিপির কাঙ্ক্ষিত নির্বাচনী প্রতীক (শাপলা) বরাদ্দ করা না-করাও একটি ইস্যু। আপাতদৃষ্টিতে মনে হচ্ছে, এনসিপি একটি প্রতীক চেয়েছে আর নির্বাচন কমিশন সেটি বরাদ্দ না করার বা করতে না পারার কথা বলেছে, এটা যেন এনসিপি কোনোভাবেই মানতে পারছে না। তাই নির্বাচন কমিশন প্রতীক বরাদ্দসংক্রান্ত আইনকানুন, আরপিও সংশোধন প্রভৃতি যা কিছুই বলুক না কেন, এনসিপির অবস্থান অনড়। শাপলা প্রতীক তাদের দিতেই হবে। এটি একটি ছোট বিষয় মনে হতে পারে। কিন্তু নির্বাচনী পথযাত্রায় বিঘ্ন সৃষ্টি করার জন্য যথেষ্ট গুরুত্বপূর্ণ।

অন্তর্বর্তী সরকারের কোনো কোনো উপদেষ্টার দুর্নীতি এবং ষড়যন্ত্রের যে অভিযোগ রাজনীতিকদের পক্ষ থেকে তোলা হয়েছে, সেটিও একটি গুরুত্বপূর্ণ ইস্যু। জামায়াতের আবদুল্লাহ মোহাম্মদ তাহের এবং এনসিপির আহ্বায়ক নাহিদ ইসলাম অত্যন্ত স্পষ্ট করেই এসব অভিযোগ তুলেছেন। তাঁরা নিশ্চয়ই সুনির্দিষ্ট তথ্য-প্রমাণ ছাড়া এসব অভিযোগ তোলেননি। প্রবাসী ইউটিউবারদের কাছ থেকেও অনেক কথা মানুষ জানতে পারছে। এখন যদি প্রশ্ন ওঠে–ষড়যন্ত্রকারী উপদেষ্টাদের বহাল রেখে সুষ্ঠু নির্বাচন সম্ভব নয়, তাহলে সেটাও নির্বাচনের পথযাত্রায় বিঘ্ন ঘটানোর জন্য যথেষ্ট গুরুত্বপূর্ণ হয়ে উঠবে।

সর্বোপরি আবারও সেই রাজনৈতিক ঐক্যের প্রসঙ্গ চলে আসে। জুলাই অভ্যুত্থানকে কেন্দ্র করে গড়ে ওঠা রাজনৈতিক ঐক্য তো অনেক আগেই ভেঙে গেছে। এরপর দীর্ঘ অধ্যবসায়ের পরও জুলাই সনদকে কেন্দ্র করেও রাজনৈতিক দলগুলোর মধ্যে ঐকমত্য সৃষ্টি হলো না। ফলে রাজনীতি কিন্তু রাজপথে চলে যাওয়ার আশঙ্কাও উড়িয়ে দেওয়া যায় না। অন্তর্বর্তী সরকারকে নির্বাচনী যাত্রাপথে এই ইস্যুগুলো মীমাংসা করতে হবে।

আইডিয়োলজিক্যাল সন্ত্রাসের গল্প : সংখ্যালঘু নিরাপত্তা নিয়ে ভারতের কূট অপপ্রচার



মিসবাহ উদ্দিন আহমদ

জুলাই বিপ্লবের পর থেকে ভারতের সরকার এবং গনমাধ্যমে বাংলাদেশের অভ্যন্তরীণ বিষয়ে প্রকাশ্যে হস্তক্ষেপ চালিয়ে যাচ্ছে। তারা 'আইডিয়োলজিক্যাল সন্ত্রাস', মৌলবাদ ও জঙ্গিবাদসহ নানা অপপ্রচার চালিয়ে বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুণ্ন করার অপচেষ্টা করছে।

ফ্যাসিস্ট হাসিনা ও তার দলীয় নেতাকর্মীদের আশ্রয়-প্রশ্রয় দিয়ে ভারত এখন বাংলাদেশকে অস্থিতিশীল করার প্রকাশ্য ষড়যন্ত্রে লিপ্ত। যে 'সন্ত্রাসের তত্ত্ব' তারা বাংলাদেশের বিরুদ্ধে প্রচার করছে, বাস্তবে সেই সন্ত্রাসই ঘটছে ভারতের ভেতরে- সংখ্যালঘু মুসলমানদের ওপর নির্যাতনের মাধ্যমে।

আমরা 'আইডিয়োলজিক্যাল সন্ত্রাস' (Ideological Terrorism বা Ideological Extremism) বলতে কি বোঝানো হয় বোঝার চেষ্টা করব–

কোনো চিন্তাধারা, মতবাদ বা মতাদর্শকে জোর করে অন্যদের উপর চাপিয়ে দেওয়া, এবং সেই মতাদর্শের বিরোধী মানুষদের ভয় দেখানো, নিপীড়ন করা বা দমন করা।

সহজভাবে বললে–

যখন কেউ বা কোনো গোষ্ঠী ভাবে, 'আমাদের চিন্তাধারাই একমাত্র সত্য', এবং তারা সেই ধারণা প্রতিষ্ঠার জন্য হিংসা, ভয়, বা প্রচারযুদ্ধ ব্যবহার করে, সেটাকেই বলা হয় আইডিয়োলজিক্যাল সন্ত্রাস। এই সন্ত্রাসের মূল অস্ত্র হলো তথ্য, প্রচার ও প্রভাব। সামাজিক যোগাযোগমাধ্যম, শিক্ষা, সংস্কৃতি ও গণমাধ্যমের পরিসরে এক ধরনের চিন্তার আধিপত্য প্রতিষ্ঠা করে অন্য মতকে 'বিরুদ্ধ', 'অশুভ' বা 'রাষ্ট্রবিরোধী' আখ্যা দেওয়া হয়। ফলে সমাজে উদারতা ও মতের বহুত্ব ধীরে ধীরে বিলুপ্ত হতে থাকে।

আইডিয়োলজিক্যাল সন্ত্রাসের সবচেয়ে বিপজ্জনক দিক হলো– এটি অদৃশ্যভাবে মানুষের চিন্তা, মনন ও বিবেককে বন্দি করে ফেলে। এতে যুক্তিবোধের পরিবর্তে অন্ধ আনুগত্য জন্ম নেয়। রাষ্ট্রনীতি, শিক্ষা, এমনকি ধর্মীয় ব্যাখ্যাতেও বিভাজন সৃষ্টি হয়। ফলশ্রুতিতে সমাজে সংলাপ ও সহনশীলতার জায়গায় আসে ঘৃণা, বিভাজন ও সহিংসতা।

ভারতের এই অপপ্রচারের বাস্তব চিত্র সম্পন্ন ভিন্ন। নরেন্দ্র মোদির প্রশাসন এবং তার দল বিজেপি গোটা ভারতবর্ষকে রাষ্ট্রের মৌলিক ধারণাগুলো– ধর্মনিরপেক্ষতা, বহুত্ববাদ ও গণতন্ত্র– ধীরে ধীরে হিন্দুত্ববাদী জাতীয়তাবাদের ছায়ায় ঢেকে যাচ্ছে। ভিন্নমত প্রকাশকারীদের দেশদ্রোহী বা 'অ্যান্টি-ন্যাশনাল' তকমা দিয়ে দমন করা হচ্ছে। বিশ্ববিদ্যালয় থেকে সংবাদমাধ্যম পর্যন্ত, মতাদর্শিক একচেটিয়াকরণ যেন এক অঘোষিত সেন্সরশিপে রূপ নিয়েছে। রাষ্ট্রীয় ন্যারেটিভ এমনভাবে গড়ে তোলা হচ্ছে যাতে হিন্দুত্বই হয় একমাত্র দেশপ্রেমের মাপকাঠি।



ভারতে মুসলিম নির্যাতন একটি বহুমাত্রিক ও চলমান সামাজিক-রাজনৈতিক বাস্তবতা, যা মূলত সাম্প্রদায়িক রাজনীতি, ধর্মীয় জাতীয়তাবাদ ও রাষ্ট্রীয় নীতির প্রভাবে গঠিত। সংক্ষিপ্তভাবে বলা যায়–

১. **সামাজিক সহিংসতা:** মুসলিমদের বিরুদ্ধে গণপিটুনি, মব লিঞ্চিং, গোরক্ষার নামে হত্যা, এবং ধর্মীয় উস্কানিমূলক প্রচারণা বেড়েছে বিশেষত ২০১৪ সালের পর থেকে। 'গরু রক্ষক' গোষ্ঠীর হামলা- মুসলিম ব্যক্তি বা গরু-সম্পর্কিত অভিযোগে। দাবি করা হয় যে এসব হামলা বাড়ছে এবং অনেক ক্ষেত্রে পুলিশ বা স্থানীয় প্রশাসন হস্তক্ষেপ করছেন না।

২. **রাজনৈতিক বৈষম্য:** মুসলিমরা সংসদ, প্রশাসন ও নীতিনির্ধারণী পদে ক্রমশ কম প্রতিনিধিত্ব পাচ্ছেন। বিজেপি নেতৃত্বাধীন সরকারে মুসলিম মন্ত্রী প্রায় অনুপস্থিত।

৩. **নাগরিকত্ব ও আইনগত নিপীড়ন:** অসমে এনআরসি ও সারা দেশে CAA (Citizenship Amendment Act) মুসলিমদের নাগরিকত্ব প্রশ্নে অনিশ্চয়তার মধ্যে ফেলেছে। অনেকে এটিকে ধর্মভিত্তিক বৈষম্য হিসেবে দেখছেন।

৪. **সাংস্কৃতিক ও ধর্মীয় দমন:** আজান, হিজাব, কুরবানির মতো ধর্মীয় চর্চাগুলোকে কেন্দ্র করে মুসলিম পরিচয়কে সংকুচিত করার প্রবণতা দেখা যায়।

৫. **গণমাধ্যম ও প্রচারণা:** বিভিন্ন মূলধারার টিভি চ্যানেল ও সোশ্যাল মিডিয়ায় মুসলিমদের বিরুদ্ধে ঘৃণামূলক বক্তব্য এবং বিভ্রান্তিকর প্রচারণা প্রায় নিয়মিত।

৬. **অর্থনৈতিক বৈষম্য:** মুসলিম সমাজের একটি বড় অংশ শিক্ষা, চাকরি ও ব্যবসায়িক সুযোগ থেকে বঞ্চিত, যা সামাজিক বিচ্ছিন্নতা বাড়াচ্ছে।

সমগ্র ভারতের অন্তরে অভ্যন্তরে বহু রাজ্য হিন্দু মৌলবাদ সাম্প্রদায়িকতা বিরোধী প্রতিরোধের ডাক এসেছে।

সাংবিধানিক ও মানবাধিকার সংগঠনের অভিযোগ

মহারাষ্ট্রে জানুয়ারি থেকে মার্চ ২০২৫-এ প্রায় ৮০০টিরও বেশি ধর্মীয় উত্তেজনার ঘটনা হয়েছে।

(তথ্য সূত্র: হিন্দুস্তান টাইমস)

যুক্তরাষ্ট্রের একটি আন্তর্জাতিক ও মানবাধিকার সংস্থার রিপোর্টে বলা হয়েছে যে ২০১৪ সালের পর থেকে হিন্দু জাতীয়তাবাদী গোষ্ঠীর অভিযোগ, সামাজিক বয়কট, ধর্মান্তর বাধ্য করার প্রচেষ্টা ও সংখ্যালঘু মুসলিম সম্প্রদায়ের প্রতি বৈষম্যমূলক আইন প্রয়োগ বেড়েছে। মার্চ ২০২৫-এ মহারাষ্ট্রের নাগপুরে অরঙ্গজেবের সমাধি তুলে দেওয়ার দাবি নিয়ে হিন্দু সংগঠনগুলোর আন্দোলন ও মুসলিম-হিন্দু উভয়পক্ষের মধ্যে ব্যাপক সংঘর্ষ হয়েছে।

সিএসএসএস রিপোর্ট অনুসারে ২০২৪ সালে ভারতজুড়ে 'কমিউনাল (ধর্মীয়) হিংসা' ২০২৩-র তুলনায় প্রায় ৮৪% পেরিয়েছে।

Hindutva Watch ও Bridge Initiative-এর মতো সংস্থাগুলো বলেছে যে, হিংসা ও বিদ্বেষমূলক কার্যকলাপগুলোর বেশিরভাগই এমন রাজ্যগুলোর মধ্যে যেখানে বিজেপি জোরালো রাজনীতিতে আছে। এই 'আইডিয়োলজিক্যাল সন্ত্রাস'-এর গভীরতা বোঝা যায় নাগরিকত্ব সংশোধনী আইন (সিএএ), কাশ্মীরের বিশেষ মর্যাদা বাতিল বা গোরক্ষার নামে সংখ্যালঘু নিপীড়নের ঘটনাগুলোতে। এখানে সন্ত্রাস মানে অস্ত্র নয়- ভয়, ঘৃণা ও বিভাজনের রাজনীতি।

ভারতের পক্ষ থেকে বাংলাদেশ সম্পর্কে 'সংখ্যালঘু নিরাপত্তা' ইস্যুতে ধারাবাহিক অপপ্রচার আসলে একধরনের আইডিয়োলজিক্যাল সন্ত্রাসের অংশ– যার উদ্দেশ্য রাজনৈতিক প্রভাব বিস্তার ও আঞ্চলিক মানসিক বিভাজন সৃষ্টি করা। বাংলাদেশ দীর্ঘদিন ধরে ধর্মীয় সম্প্রীতি, অসাম্প্রদায়িক মূল্যবোধ ও পারস্পরিক সহাবস্থানের দৃষ্টান্ত স্থাপন করেছে। অথচ ভারতের কিছু রাজনৈতিক গোষ্ঠী ও গণমাধ্যম এই বাস্তবতাকে বিকৃত করে বাংলাদেশের অভ্যন্তরীণ স্থিতি নষ্ট করার কূট কৌশল চালিয়ে যাচ্ছে।

এ ধরনের অপপ্রচার শুধু বাংলাদেশের ভাবমূর্তি ক্ষুণ্নই করে না, দক্ষিণ এশিয়ার শান্তি ও পারস্পরিক আস্থার ভিত্তিও দুর্বল করে। তাই আজ প্রয়োজন তথ্যভিত্তিক জবাব, সচেতন কূটনৈতিক তৎপরতা এবং সমাজে ঐক্য ও সত্য প্রতিষ্ঠার আন্দোলন। আইডিয়োলজিক্যাল সন্ত্রাসের প্রতিকার হবে সত্যের জোর, যুক্তির আলো এবং জাতীয় ঐক্যের অটুট প্রাচীর গড়ে তোলার মাধ্যমে।

নিউইয়র্ক, ইউএসএ

'নিউইয়র্ক নিউ হরাইজন ক্লাব' এর যাত্রা শুরু

নিউইয়র্ক: সেবামূলক স্বেচ্ছাসেবী সংগঠন লায়ন্স ক্লাবস ইন্টারন্যাশনাল-এর নতুন চ্যার্টার্ড শাখা হিসেবে আনুষ্ঠানিকভাবে যাত্রা শুরু করেছে 'নিউইয়র্ক নিউ হরাইজন ক্লাব'। ১৫ অক্টোবর বৃহস্পতিবার সন্ধ্যায় নিউইয়র্কের জ্যাকসন হাইটসের সানাই রেস্টরেন্টে এক সংবাদ সম্মেলনের মাধ্যমে এই ক্লাবের যাত্রা শুরু হয়।

ক্লাবের প্রতিষ্ঠাতা সদস্যরা জানান, নিউইয়র্ক নিউ হরাইজন ক্লাব মানবসেবার পাশাপাশি প্রবাসে নেতৃত্ব বিকাশ, সামাজিক দায়বদ্ধতা ও ঐক্যের বার্তা ছড়িয়ে দেবে। তারা বিশ্বাস করেন, এই ক্লাবের উদ্যোগগুলো বাংলাদেশি কমিউনিটির ভাবমূর্তি ও অবদানকে আরও উজ্জ্বল করবে। নতুন ক্লাবের ঘোষণাপত্রে বলা হয়েছে, আমরা দৃঢ়ভাবে বিশ্বাস করি, 'নিউইয়র্ক নিউ হরাইজন লায়ন্স ক্লাব' প্রবাসী বাংলাদেশি সম্প্রদায়ের মানবসেবার চেতনা ও নেতৃত্ব বিকাশে এক নতুন দিগন্ত উন্মোচন করবে। লায়ন্স ক্লাবস ইন্টারন্যাশনালের মূল প্রতিশ্রুতি 'মানবতার সেবা'কে আরও শক্তিশালীভাবে এগিয়ে নেবে।" নতুন ক্লাবের পক্ষ থেকে জানানো হয়েছে, শিক্ষা, স্বাস্থ্য, দৃষ্টি সংরক্ষণ, ক্ষুধা নিবারণ ও পরিবেশ রক্ষায় বিভিন্ন কর্মসূচি গ্রহণের পরিকল্পনা নেওয়া হয়েছে। পাশাপাশি, স্থানীয় ও আন্তর্জাতিকভাবে সেবামূলক নেটওয়ার্ক বিস্তারের মাধ্যমে কমিউনিটির প্রয়োজনীয় সহযোগিতা নিশ্চিত করা হবে।



এদিকে সংবাদ সম্মেলনে লায়ন্স ক্লাবস ইন্টারন্যাশনালের নবগঠিত শাখা 'নিউইয়র্ক নিউ হরাইজন ক্লাব'-এর প্রাথমিক কার্যনির্বাহী কমিটি আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়েছে। নতুন কমিটিতে সভাপতি হিসেবে দায়িত্ব পেয়েছেন তারেক হাসান খান এবং সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন মোঃ সোহেল হোসেন (আহমেদ সোহেল)।

পরিচালকবৃন্দ হিসেবে দায়িত্ব পালন করবেন গিয়াস আহমেদ, এম এম শাহীন, মোঃ খালেক ও মোহাম্মদ হোসেন কামাল। সহ-সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন নাঈম আহমেদ, মোহাম্মদ জামিল হোসেন ও মোহাম্মদ হুদা এবং সরওয়ার চৌধুরী সিপিএ।

কোষাধ্যক্ষ পদে দায়িত্ব পেয়েছেন মুস্তাক চৌধুরী। সাংস্কৃতিক ও বিনোদন চেয়ারপারসন হিসেবে সংযোজিত হয়েছে ইশতিয়াক রুমি। যুগ্ম সাধারণ সম্পাদক হিসেবে রয়েছেন তাহমিনা তুষটি (আডমিন) ও সাজ্জাদ রহমান খান (প্রজেক্ট)। নারী বিষয়ক সম্পাদক হিসেবে দায়িত্ব পেয়েছেন ফারহানা খান। টেইল টুইস্টার পদে রয়েছেন মহব্বত আখন্দ।

ক্লাব সার্ভিস চেয়ারপারসন হিসেবে নির্বাচিত হয়েছেন শাহরিয়ার রহমান বিপ্লব এবং লায়ন্স টেইমার হিসেবে রয়েছেন আমজাদ সেলিম। কার্যনির্বাহী সদস্যবৃন্দ হলেন–আব্দুল এ মিয়া (পাখি), শাহজাহান চৌধুরী, গোলাম হোসেন, মোসলেহ উদ্দিন, অপু পাশা ও তাওহীদ মাহবুব মুন্না।

প্রসঙ্গত, লায়ন্স ক্লাবস ইন্টারন্যাশনাল ১৯১৭ সালে যুক্তরাষ্ট্রে প্রতিষ্ঠিত হয়। বর্তমানে এটি বিশ্বের দুই শতাধিক দেশ ও অঞ্চলে ১৫ হাজারের বেশি ক্লাব ও প্রায় ১৪ লক্ষ সদস্য নিয়ে বিশ্বের সর্ববৃহৎ সেবামূলক সংগঠন হিসেবে কাজ করছে। "উই সার্ভ" – এই মূলমন্ত্রে অনুপ্রাণিত হয়ে সংগঠনটি শিক্ষা, স্বাস্থ্যসেবা, দৃষ্টি সংরক্ষণ, ক্ষুধা নিবারণ, পরিবেশ সংরক্ষণ ও দুর্যোগ মোকাবিলাসহ বিভিন্ন মানবিক কর্মকাণ্ডে বিশ্বব্যাপী সুনাম অর্জন করেছে





আবার অগ্নিপরীক্ষায় জেনারেল ওয়াকার!

শেষ পৃষ্ঠায় পর জেঁকেবসা স্বৈরাচারী শাষনের। সেদিন ছিলেন তিনি একজন হিরো। এই হিরোকেই সবার আগে ফাঁসির দড়িতে ঝুলতে হবে যদি কোনদিন শেখ হাসিনা ক্ষমতায় ফিরে আসতে পারে।

আজ জেনারেল ওয়াকারের সামনে আর এক কঠিন পরীক্ষা। তার বাহিনীর সাবেক এবং ইনসার্ভিস মিলিয়ে ২৪জন অফিসার আইসিটির মামলায় আসামী হয়ে গেছেন। প্রত্যেকের নামে গ্রেপ্তারী পরোয়ানা জারী হয়েছে। আগামী ২২ তারিখে সবাইকে ধরে আদালতে হাকিমের সামনে হাজির করতে হবে। এই ২৪জনের মধ্যে ১৪জন বর্তমানে সেনাবাহিনীতে চাকুরিরত। এদের পদবী মেজর জেনারেল থেকে কর্ণেল মেজর পর্যন্ত। বাকি দশ সাবেক এখন সিভিলিয়ান। সাবেক ফৌজিয়ান হলেও সিভিল কোর্টের মামলায় তাদেরকে মাজায় দড়ি বেঁধে কোর্টে তুলতে কোন বাধা নাই। কিন্তু প্রশ্নটা এসেছে ইন-সার্ভিসদেরকে নিয়ে। পুলিশ গিয়ে তাদেরকে হাতকড়া লাগাতে পারবে, না কি সিভিল কোর্টের পরোয়ানা তাদের ওপর কার্যকর নয়!

জিয়া হত্যা মামলার আসামীদের পর এত অধিক সংখ্যক ইন-সার্ভিস আর্মি অফিসারের কোন ফৌজদারী মামলায় আসামী হওয়ার ঘটনা এই প্রথম। ১৯৮১ সালের ৩০ মে প্রেসিডেন্ট জিয়াউর রহমান ব্যর্থ সেনা অভ্যুত্থানে নিহত হলে তৎকালীন সেনাপ্রধান জেনারেল এরশাদ সে হত্যাকান্ডের বিচার করেছিলেন। আসামী করা হয়েছিল সামরিক বাহিনীর ১৮জন অফিসারকে। তাদের মধ্যে একজন ছিলেন বিগ্রেডিয়ার জেনারেল। কর্ণেল দুইজন লেফটেন্যান্ট কর্ণেল তিনজন, মেজর চারজন ক্যাপ্টেন দুইজন এবং লেফটেন্যান্ট একজন। সে বিচার হয়েছিল সামরিক ট্রাইব্যুনালে। মাত্র ১৮ দিনের বিচারে ১৩ জনকে ফাঁসি এবং পাঁচজনকে বিভিন্ন মেয়াদে কারাদন্ড দেওয়া হয়েছিল। রায় ঘোষনার পর পর ১৩ জনের মধ্যে ১২ জনের ফাঁসি কার্যকরও করা হয়েছিল।

এবার যে ১৪ জন আসামী হয়েছে তাদের অপরাধ শেখ হাসিনার শাষনকালীন সময়ের। ক্রিমিনাল অফেন্স। খুবই গুরতর অপরাধ সন্দেহ নাই। শেখ হাসিনার সরকার বিদায় হয়েছে ১৪ মাসের ওপর। প্রথম প্রশ্নটাই তো আসবে এতদিন পরে কেন তারা আসামী! বলবেন এতদিন তদন্ত হয়েছে। বুঝলাম তদন্তে ১৪মাস সময় লেগেছে, কিন্তু কোন অফিসার কোন কোন অপরাধের সাথে জড়িত তা তো ওপেন সিক্রেট। সোস্যাল মিডিয়া থেকে শুরু করে বিভিন্ন মিডিয়ায় নিয়মিত এসব তথ্য এসেছে। সে সব তথ্যের ভিত্তিতে বেশ কয়েকজনকে বরখাস্তও করা হয়েছে। কয়েকজন গ্রেপ্তার হয়ে জেলেও আছে। এই ১৪জন কিভাবে ধরাছোঁয়ার বাইরে রইলেন! তারা এখনও চাকুরিতে বহালই বা কিভাবে!

চাকুরিরত সেনা কর্মকর্তাদের কোন সিভিল কোর্টে বিচারের ব্যাপারে নানাজনে নানা আইনী ব্যখ্যা দিচ্ছেন। নারায়নগঞ্জের সাত খুনের মামলার বিচারের কথা তুলেছেন। সে মামলায় আসামীদের মধ্যে কয়েকজন সামরিক কর্মকর্তা ছিল। তাদের বিচার হয়েছে সিভিল কোর্টে। তবে তার আগে তাদেরকে সেনাবাহিনী থেকে বরখাস্ত করা হয়েছিল। কেউ বলছেন এবারের এই মামলার অভিযুক্তরা যেহেতু এখনও আর্মির চাকুরিতে আছে কোন সিভিল কোর্টে তাদের বিচার হতে পারে না, করতে হলে সেনা আইনে সামরিক ট্রাইব্যুনালে হতে হবে। এর মধ্যে একটা মজার ঘটনা ঘটে গেছে। গ্রেপ্তারী পরোয়ানা জারীর মাত্র দুইদিন আগে আইসিটি আইনে কিছু গুরুত্বপূর্ণ সংশোধনী আনা হয়েছে। তাতে বলা হয়েছে কারও বিরুদ্ধে ওই আদালতে অভিযোগ দাখিল হওয়ামাত্র তার কতগুলো নাগরিক অধিকার বা সুযোগ সুবিধা বাতিল হয়ে যাবে। যদি কেউ সরকারি চাকুরিতে থেকে থাকে, সে বরখাস্ত হয়ে যাবে। তার অর্থ, এই সংশোধনীর বলে চাকুরিরত অফিসারদের নাম আসামীর তালিকায় এসে যাওয়ার সঙ্গে সঙ্গে তাদের আর কারও চাকুরি নাই। তারা এখন সিভিলিয়ান এবং পুলিশ গিয়ে তাদের মাজায় দড়ি বেঁধে কোর্টে তুলতে পারবে।

সংশোধনীটা নাকি তড়িঘরি আনা হয়েছে এই ইন-সার্ভিস অফিসারদেরকে আসামী বানিয়ে বিচার করার জন্যই। যদি সেটাই হয়ে থাকে তাহলে সন্দেহ করার যথেষ্ঠ কারন আছে যে এর মধ্যে কোন অন্য উদ্দেশ্য আছে। জামাত নেতাদেরকে ফাঁসিতে ঝোলানোর জন্য শেখ হাসিনাও তার আমলে আইসিটি আইনে এমন হুটহাট সংশোধনী আনতো। সরকার প্রধান হিসেবে প্রফেসর ইউনুস প্রতিরক্ষা মন্ত্রনালয়ের মন্ত্রী। তাছাড়া তিনি সশস্ত্র বাহিনীসমূহের সর্বাধিনায়ক। তার অনুমোদন ব্যতিরেকে আদালতের আইনের সংশোধন বা চাকুরিরত অফিসারদেরকে সিভিল মামলার আসামী করা হয়েছে- এমনটা মনে করার কারন নাই। অবশ্যই এটা একটা স্পর্শকাতর বিষয়। আর্মির লোকদের যে কোন অপরাধের বিচারের জন্য নিজেদের আইন আদালতের ব্যবস্থা থাকার পরও কোন সিভিল আদালতে কাউকে মাজায় দড়ি বেঁধে নিয়ে তোলার বিষয় বিরূপ প্রতিক্রিয়ার সৃস্টি করবে এটাই স্বাভাবিক। এটা কারোর অপরাধ আড়াল করা বা বিচারের বিরোধীতা করার জন্য না, বাহিনীসমূহের প্রেস্টিজ বা ভাবমূর্তির প্রশ্নে কমোশন সৃস্টি হওয়াটা কোন অস্বাভাবিক কিছু না।

প্রফেসর ইউনুস এত বিদ্বান-বুদ্ধিমান মানুষ, তিনি কি বিষয়টা আঁচ করতে পারেন নাই! যদিও বলা হচ্ছে এটা একটা অরাজনৈতিক সরকার, কিন্তু সরকার চালানোটাই সবচাইতে বড় রাজনীতি। অনেক সমস্যা রাজনৈতিকভাবে সমাধান করতে হয়। এটা কি অন্যভাবে হ্যান্ডেল করা যেতো না! সেনা প্রধানের সাথে বসে, তাদেরকে আস্থায় নিয়ে কি কাজটা করা একেবারেই দুঃসাধ্য ছিল! অপরাধির বিচার হতে হবে এ ব্যাপারে কি কারও দ্বিমত আছে! আদালতে নিয়ে ওয়ারেন্ট ইস্যু করার আগে আর্মির অভিযুক্তদেরকে কি অপসারনের ব্যবস্থা করা যেতো না! সে ব্যপারে কি সরকারের তরফ থেকে কোন উদ্যোগ নেওয়া হয়েছিল! নাকি হয়েছিল, জেনারেল ওয়াকার রাজী হন নাই। যদি তাই হয়ে থাকে ব্যপারটা কি আর্মির ওপর চাপিয়ে দেওয়া হলো না! শেষ পর্যন্ত ওয়াকার ভার্সাস ইউনুস বা আর্মি ভার্সাস সরকার! এমন পরিস্থিতি এর আগেও দুইএকবার হয়েছে। এবার যদি র‍্যাংক এ্যান্ড ফাইল অফিসাররা বলে তাদের অফিসারদেরকে তারা রক্ষা করবে, সেক্ষেত্রে জেনারেল ওয়াকার কি করবেন! তাদের সাথ দেবেন, না শক্তহাতে দমন করবেন! সেটা কি সম্ভব হবে! নাকি রাগ করে দায়িত্ব ছেড়ে চলে যাবেন। সাথ দিলে সড়াসরি সরকারের বিরুদ্ধে অবস্থান, ছেড়ে চলে গেলে আর্মিতে হযবরল অবস্থা! সেই সাবেক বিগ্রেডিয়ার সাহেবের লোকজন কি আগের মতই আছে আর্মিতে! সামাল দিতে পারবেন, না ৭ নভেম্বর কর্ণেল তাহেরের অবস্থা হবে! জিয়াউর রহমানের মত আবার জেনারেল ওয়াকারকে ফেরত আসতে হবে!

কিছু উন্নাসিক ফালতু এবং থার্ডক্লাশ ইউটিউবারকে দেখছি আনন্দে বগল বাজাচ্ছে। তাদের নাকি বিজয় হয়ে গেছে! বিজয়টা যদি গুম মামলার চার্জশীটে হতো তাহলে কথা ছিল, কিন্তু এদের নাচন-কোদন জেনারেল ওয়াকার বিপাকে পড়ে গেছে এই খুশীতে। অবশ্য একটা মহল গোড়া থেকেই জেনারেল ওয়াকারের ওপর বিলা। এই লোক নাকি ভারতের র'য়ের মাল। শেখ হাসিনার সাজানো বাগান ধ্বংশ করে দিয়েছে তারপরও নাকি সে হাসিনার লোক! গোড়া থেকেই চিহ্নিত এই মহলটা ওয়াকারুজামানকে তাড়ানোর মিশনে নেমে আছে। একজন প্রায়ই বলতো ওয়াকার তোমারে আমি খাইয়া দিমু। কোনভাবে সুবিধা করতে না পেরে শেষ পর্যন্ত এই গুম মামলার ফাঁদে ফেলে তাকে খেয়ে দেওয়ার চেষ্টা কি না তাও একটা সন্দেহের বিষয়। মনে যাচ্ছে এই মামলার টার্গেট হয়ে গেছে জেনারেল ওয়াকার! এখন দেখার বিষয় ওয়াকার সাহেব এই দ্বিতীয় অগ্নিপরীক্ষায় কিভাবে উৎড়ান।

আর মাত্র কয়েক মাসের মধ্যে নির্বাচন। অনেক বাধা ছিল। মোটামুটি কেটে যাচ্ছে বলে ধরে নেওয়া যায়। এখন এই সময়ে এসে যদি নতুন করে জটীলতা সৃস্টি হয়, তাতে নির্বাচনটাই থেমে যাবে। আর যদি তেমনটা হয়, বলার অপেক্ষা রাখে না এই যে সব ঘটনা- এগুলো এক ধরনের নাটক ছাড়া কিছু না। তবে খুব দূর্ভাগ্যজনক হবে যদি এই নাটকে আদালতকেও একটা পার্ট করা হয়!

ফেসবুক, ১১ অক্টোবর ২০২৫

জুলাই যোদ্ধাদের 'ফ্যাসিস্ট' বলায়

৭-এর পৃষ্ঠায় পর না।'

তার এই বক্তব্যের প্রতিক্রিয়ায় এনসিপির আহ্বায়ক নাহিদ বলেন, তিনি ভুলবশত, হয়তো তার কাছে তথ্য না থাকার কারণে এরকমটা বলেছেন। যেহেতু তিনি দীর্ঘদিন দেশে ছিলেন না। যেহেতু তিনি জুলাই অভ্যুত্থানের সময় দেশে ছিলেন না, রাজপথে ছিলেন না। সেহেতু তিনি জানেন না যে কে রাজপথে ছিল, কারা লড়াই করেছিল, কারা বুলেটের সামনে দাঁড়িয়েছিল।

পুলিশের হামলায় আহত ব্যক্তিদের জুলাই আন্দোলনে সক্রিয়তার কথা তুলে ধরে নাহিদ বলেন, 'আতিকুল গাজী (আতিকুল ইসলাম) যার হাত কাটা গেছে, তাকে যখন ফ্যাসিস্ট আওয়ামী লীগের দোসর বলা হয়, যখন শহীদ মীর মুগ্ধের বাবাকে ফ্যাসিস্ট আওয়ামী লীগের দোসর বলা হয়, ইয়ামিনের বাবাকে ফ্যাসিস্ট আওয়ামী লীগের দোসর বলা আমাদের জন্য খুবই কষ্টের, খুবই বেদনাদায়ক। ফলে আমাদের আহ্বান থাকবে, তিনি তার এই বক্তব্য অবিলম্বে প্রত্যাহার করবেন এবং সেই আহত যোদ্ধা এবং শহীদ পরিবারদের কাছে ক্ষমা চাইবেন এবং তাদের সঙ্গে বসে জুলাই গণঅভ্যুত্থানের গল্পটা শুনবেন, ইতিহাসটা শুনবেন।

জুলাই সনদ নিয়ে নাহিদ ইসলাম বলেন, যদি জুলাই সনদের কোনো আইনি ভিত্তি না হয়, তাহলে এর কোনো অর্থ তৈরি হবে না। ফলে আমরা এই আনুষ্ঠানিকতায় অংশ নেইনি। যদি এর আইনি ভিত্তি তৈরি না হয়, তাহলে এটা কেবল আনুষ্ঠানিকতাও থাকবে না, এটা হবে একটি গণপ্রতারণা ও জাতির সঙ্গে প্রহসন।

তিনি বলেন, আমাদের লড়াইটা কেবল শেখ হাসিনা ও আওয়ামী লীগের বিরুদ্ধে নয়, একটা ফ্যাসিবাদী ব্যবস্থার বিরুদ্ধে। রাজনৈতিক নেতৃত্ব পরিবর্তন হলেই বাংলাদেশের গণতান্ত্রিক সমস্যার সমাধান হবে না, বরং এই সংস্কারের মধ্য দিয়ে যেতে হবে। নব্বইয়ের গণঅভ্যুত্থানের পরে এর সঙ্গে যেভাবে প্রতারণা করা হয়েছিল, গণঅভ্যুত্থানকে যেভাবে জাতীয় নেতারা ও সেই সময়ের রাজনৈতিক দলগুলো পকেটবন্দি করেছিল, আমরা এবার সেটা হতে দেবো না।

জুলাই সনদের বিষয়ে বর্তমান রাষ্ট্রপতির সাংবিধানিক আদেশ জারির বৈধতা নেই জানিয়ে তিনি বলেন, এ ধরনের সাংবিধানিক আদেশ জারি করতে হলে তার বৈধতা নিতে হবে জুলাই গণঅভ্যুত্থান থেকে, যেখানে জনগণের সার্বভৌম অভিপ্রায়ের প্রতিফলন ঘটেছিল। জুলাই গণঅভ্যুত্থানের অভিপ্রায় বর্তমান রাষ্ট্রপতি ধারণ করতে পারেন না, তার কাছ থেকে এই আদেশ জারি হলে সেটি নৈতিকভাবে, রাজনৈতিকভাবে জনগণের কাছে গ্রহণযোগ্য হবে না।

'জুলাই যোদ্ধা' নামে ফ্যাসিস্ট বাহিনী বিশৃঙ্খলা করেছে

৭-এর পৃষ্ঠায় পর বিকেল পৌনে ৫টার দিকে জাতীয় সংসদের দক্ষিণ প্রাঙ্গায় ২৫টি রাজনৈতিক দলের উপস্থিতিতে 'জুলাই জাতীয় সনদ' স্বাক্ষরিত হয়। এই অনুষ্ঠানকে কেন্দ্র করে সকাল থেকেই সংসদ ভবন এলাকায় উত্তেজনা তৈরি হয়।

সংঘর্ষের সূচনা হয় মূলত 'জুলাই যোদ্ধাদের' অবস্থানের কারণে। জুলাই অভ্যুত্থানে আহত ছাত্র-জনতাকে রাষ্ট্রীয় স্বীকৃতি এবং 'জুলাই আহত বীর' হিসেবে রাষ্ট্রীয় স্বীকৃতিসহ মোট ৩ দফা দাবিতে আন্দোলনকারীরা সকাল থেকে ওই এলাকায় অবস্থান নেন।

জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ সনদপত্রে তাঁদের স্বীকৃতির বিষয়টি নিশ্চিত করে আন্দোলনকারীদের সরে যাওয়ার আহ্বান জানালেও আন্দোলনকারীরা তাঁদের আগের অবস্থানে অনড় থাকেন। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা তাঁদের সংসদ ভবন এলাকা থেকে সরিয়ে দিলে পাল্টাপাল্টি ধাওয়ার সূত্রপাত হয়।

সংঘর্ষ চলাকালে আন্দোলনকারীরা পুলিশের ব্যারিকেড হিসেবে ব্যবহৃত 'রোড ব্লকার' একত্র করে তাতে আগুন ধরিয়ে দেন। এ ছাড়া মানিক মিয়া অ্যাভিনিউয়ে সেচ ভবনের সামনে তৈরি করা অস্থায়ী তাঁবুতেও অগ্নিসংযোগ করা হয়। আগুন দেওয়ার স্থানে বিপুল পরিমাণ আসবাব ও সিরামিকসের থালাবাসন ভাঙচুর করা হয়েছে বলেও খবর পাওয়া গেছে।

এ ঘটনায় আহত অন্তত ২০ জন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসা নিয়েছেন বলে জানা গেছে।

এবার পেন্টাগন ফান্ডিং বিল পাসে ব্যর্থ সিনেটে রিপাবলিকানরা

প্রথম পৃষ্ঠার পর অবস্থান আরো তীব্র হয়েছে ও শাটডাউন সংকট আরো দীর্ঘ হচ্ছে বলে বিশ্লেষকদের ধারণা।

রিপাবলিকান সিনেট নেতা জন থুন ক্ষোভ প্রকাশ করে বলেন, "ডেমোক্র্যাটরা সৈন্যদের বেতন দেওয়ার বিলের বিরোধিতা করেছে এটা নিছক রাজনীতি।"

অন্যদিকে সিনেট সংখ্যালঘু নেতা চাক শুমার বলেন, "স্বাস্থ্যসেবা, আবাসন ও জননিরাপত্তার মতো জরুরি খাত বাদ দিয়ে শুধু প্রতিরক্ষা বিল নিয়ে এগোনো গ্রহণযোগ্য নয়।"

অধিকাংশ ডেমোক্র্যাট এর বিপক্ষে ভোট দেন। কেবল তিনজন–নিউ হ্যাম্পশায়ারের জিন শাহিন, নেভাদার ক্যাথ রিন কর্টেজ মাস্টো ও পেনসিলভানিয়ার জন ফেটারম্যান–এর পক্ষে ছিলেন।

ডেমোক্র্যাটরা তাদের অবস্থানে অনড়, তারা বলছে, স্বাস্থ্যবিমা কর ছাড়ের মেয়াদ বাড়ানোর নিশ্চয়তা না পাওয়া পর্যন্ত তারা কোনো বিল অগ্রসর হতে দেবে না। রিপাবলিকানদের কাছে সিনেটে ৫৩ আসন থাকলেও ৬০ ভোটের বাধা অতিক্রম করতে ডেমোক্র্যাট সমর্থন অপরিহার্য।

শুমারের মতে, বছরের পর বছর কংগ্রেসে বাজেট ও বরাদ্দ প্রক্রিয়া দলীয় ঐক্যের ভিত্তিতেই সম্পন্ন হয়েছে। কিন্তু এবার রিপাবলিকানরা সেই রীতি ভেঙে এককভাবে এগোতে চাইছে।

প্রতিবছরই যুক্তরাষ্ট্রে সরকারের অর্থায়ন চালিয়ে নিতে কংগ্রেসকে ১২টি পূর্ণাঙ্গ বরাদ্দ বিল পাস করতে হয়। সময়মতো বিলগুলো পাস না হওয়ায় প্রায়ই অন্তর্বর্তী বা 'স্টপগ্যাপ' বিলের আশ্রয় নিতে হয়, যা সাময়িকভাবে সরকার চালু রাখে। সাম্প্রতিক বছরগুলোতে এগুলো একত্র করে বড় 'ওমনিবাস' প্যাকেজে পরিণত করা হয়, যা প্রায়ই শেষ মুহূর্তে পাস হয় চাপের মুখে। রিপাবলিকানরা এবার সেই ধারা থেকে বেরিয়ে আলাদা আলাদা বিল পাসের প্রক্রিয়ায় ফিরতে চায়।

থুন ভোটের আগে বলেন, "যদি ডেমোক্র্যাটরা প্রতিরক্ষা বিল আটকে দেয়, সেটা তাদের জন্য ভালো দেখাবে না।" তিনি আরও জানান, চাইলে পরে বিলটিতে শ্রম, স্বাস্থ্য ও শিক্ষা বিভাগের বরাদ্দ যোগ করা সম্ভব, তবে তার জন্যও সর্বসম্মতি দরকার, যা ডেমোক্র্যাটরা স্পষ্টভাবে প্রত্যাখ্যান করেছে।

পেন্টাগন বিলটি পাস হলে সেনা সদস্যদের বেতন পুনরায় চালু হতো। এর আগে প্রেসিডেন্ট ট্রাম্প প্রতিরক্ষা দফতরকে নির্দেশ দিয়েছেন, "উপলব্ধ সব তহবিল ব্যবহার করে" সৈন্যদের মধ্যমাসের বেতন যেন স্থগিত না হয়। তবে স্পিকার মাইক জনসন একে কেবল "অস্থায়ী সমাধান" বলে মন্তব্য করেছেন এবং কংগ্রেসকে দ্রুত স্থায়ী চুক্তিতে পৌঁছানোর আহ্বান জানিয়েছেন।

নিউইয়র্ক বাংলাদেশ প্রেসক্লাবের সাধারণ সভা ৮ নভেম্বর

শেষ পৃষ্ঠায় পর পরিচালনা করেন সাধারণ সম্পাদক মমিনুল ইসলাম মজুমদার। এতে কার্যকরী পরিষদের কর্মকর্তাদের মধ্যে উপস্থিত ছিলেন যুগ্ম সাধারণ সম্পাদক আলমগীর হোসেন সরকার, কোষাধ্যক্ষ রশীদ আহমদ, সাংগঠনিক সম্পাদক সৈয়দ ইলিয়াস খসরু, দপ্তর সম্পাদক মাহাথির ফারুকী, কার্যকরী সদস্য রওশন হক, আবিদুর রহিম, মোস্তাফিজুর রহমান। অনলাইনে অংশগ্রহন করেন এসএম জাহিদুর রহমান।

কার্যকরী কমিটির সভায় বার্ষিক সাধারণ সভায় সময় নির্ধারণ ছাড়াও নির্বাচন কমিশন গঠন, আজীবন ও সাধারণ সদস্য বৃদ্ধি, সদস্যদের মৃত্যু অনুদান, কার্যকরী কমিটির কর্মকর্তা সংখ্যা বৃদ্ধি ও ক্লাবের আগের গঠণতন্ত্রে ফিরে যাওয়া নিয়ে ব্যাপক আলোচনা হয়।

উপস্থিত সকল সদস্যদের সর্বসম্মতিক্রমে তিন সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করা হয়। ক্লাবের অন্যতম উপদেষ্টা মঈনুদ্দীন নাসেরকে প্রধান করে এবং উপদেষ্টা এবিএম সালেহ উদ্দীন ও সদস্য চৌধুরী এম আলী কাজলকে সদস্য করে তিন সদস্য বিশিষ্ট নির্বাচন কমিশন গঠন করা হয়। এছাড়াও ১০জন সদস্য এবং ২জন সহযোগি সদস্য হিসেবে অনুমোদন প্রদান করে কার্যকরী কমিটি।

সে সকল সদস্য আগামী ৩০ অক্টোবরের মধ্যে বকেয়া চাঁদা পরিশোধ করবেন তারাই সাধারণ সভা ও নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করতে পারবেন বলে সিদ্ধান্ত গ্রহন করে কার্যকরী কমিটি। সবশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন। -প্রেস বিজ্ঞপ্তি।



ছবি: এনওয়াইবি প্রেসক্লাব

নর্থ বেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ'র নির্বাচন কমিশন গঠন

নিউইয়র্ক : বাংলাদেশের উত্তর বঙ্গের ১৬টি জেলার প্রবাসীদের সামাজিক সংগঠন নর্থবেঙ্গল ফাউন্ডেশন ইউএসএ ইনক'র নির্বাচন কমিশন গঠন করা হয়েছে। গত ৫ অক্টোবর রোববার সন্ধ্যায় জ্যাইকায় অনুষ্ঠিত সংগঠনের কার্যকরী কমিটি, উপদেষ্টা পরিষদ ও ট্রাস্টিবোর্ড সদস্যদের এক যৌথ সভায় এই সিদ্ধান্ত নেয়া হয়।

ফাউন্ডেশনের সভাপতি ডা. চৌধুরী সারোয়ারুল হাসান ও সাধারণ সম্পাদক মোজাফফর হোসেন জানান, উল্লেখিত সভায় সর্বসম্মতিতে গঠিত তিন সদস্যের নির্বাচন কমিশনের সদস্যরা হলেন- ড. রুহুল কুদ্দুস (প্রধান নির্বাচন কমিশনার), মোহাম্মদ দবিরুল ইসলাম ও আহসানউল্লাহ ফিলিপ নির্বাচন কমিশনার।

সভায় জানানো হয়, ফাউন্ডেশনের বর্তমান কার্যকরী কমিটির মেয়াদ আগামী ৩০ নভেম্বর পর্যন্ত। সেই মোতাবেক ৩০ নভেম্বরের মধ্যে নতুন কমিটি ঘোষণা করতে হবে। নতুন কমিটি গঠনের লক্ষ্যে নির্বাচন কমিশন প্রয়োজনীয় পদক্ষেপ নেবেন। ফাউন্ডেশনের নতুন কমিটি গঠনের ব্যাপারে সকল উত্তরবঙ্গবাসীর সার্বিক সহযোগিতা কামনা করা হয় সভায়।

'জুলাই যোদ্ধা' নামে ফ্যাসিস্ট বাহিনী বিশৃঙ্খলা করেছে

— সালাহউদ্দিন আহমদ



বাংলা পত্রিকা ডেস্ক: জুলাই জাতীয় সনদ স্বাক্ষরের অনুষ্ঠানস্থলে বিশৃঙ্খলার জন্য 'বিগত ফ্যাসিস্ট সরকারের ফ্যাসিস্ট বাহিনী' জড়িত বলে দাবি করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ। তিনি বলেছেন, এই বিশৃঙ্খলা সৃষ্টিকারীদের মধ্যে জুলাই অভ্যুত্থানের সঙ্গে জড়িত কেউ থাকতে পারে না।

শনিবার জিয়াউর রহমান ফাউন্ডেশনের ২৬ তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সমাধিতে শ্রদ্ধা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ মন্তব্য করেন সালাহউদ্দিন আহমদ।

তিনি বলেন, 'জুলাই যোদ্ধা নামের একটি সংগঠন আছে। তারা ঐকমত্য কমিশনের সঙ্গে কথা বলেছে এবং কমিশনের সহসভাপতি দাবি অনুযায়ী সংশোধনও করেছেন। এরপরও অসন্তোষ থাকার কথা নয়।'

তিনি আরও বলেন, 'আমরা খোঁজ নিয়েছি। বিশৃঙ্খলতার বিষয়টি তদন্তাধীন আছে। জুলাই যোদ্ধাদের নামে এখানে কিছুসংখ্যক ছাত্র নামধারী উচ্ছৃঙ্খল লোক ঢুকেছে। এরা ফ্যাসিস্ট সরকারের ফ্যাসিস্ট বাহিনী বলে মনে করি। আওয়ামী ফ্যাসিস্টরা বিভিন্ন ফাঁকফোকরে বিশৃঙ্খলার চেষ্টা করছে।'

সালাহউদ্দিন আহমদ দাবি করেন, এখানে জুলাই অভ্যুত্থানের সঙ্গে জড়িত কেউ থাকতে পারে না।

'জুলাই জাতীয় সনদ' স্বাক্ষর অনুষ্ঠানকে কেন্দ্র করে গুরুবার রাজধানীর মানিক মিয়া অ্যাভিনিউ এলাকা একরকম রণক্ষেত্রে পরিণত হয়। 'জুলাই যোদ্ধাদের' সঙ্গে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যদের সংঘর্ষের ঘটনা ঘটে। সংঘর্ষের জেরে গুরুত্বপূর্ণ এই সড়কে সব ধরনের যান চলাচল সম্পূর্ণ বন্ধ হয়ে যায়। ৬-এর পৃষ্ঠায় দেখুন

জুলাই যোদ্ধাদের 'ফ্যাসিস্ট' বলায় সালাহউদ্দিনকে ক্ষমা চাইতে হবে

— নাহিদ ইসলাম



বাংলা পত্রিকা ডেস্ক: 'জুলাই যোদ্ধা নামে আওয়ামী লীগের ফ্যাসিস্ট বাহিনী সংসদ এলাকায় বিশৃঙ্খলা করেছে'– বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদের এমন মন্তব্যের তীব্র নিন্দা জানিয়েছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম। একইসঙ্গে সালাহউদ্দিন আহমদকে এমন বক্তব্যের জন্য ক্ষমা চাওয়ার আহ্বান জানিয়েছেন তিনি।

তিনি বলেছেন, 'বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন সাহেব (গুরুবার) ঘটনায় যেসব জুলাই যোদ্ধা আহত হয়েছে, তাদের ফ্যাসিস্ট আওয়ামী লীগের অনুসারী হিসেবে আখ্যা দিয়েছেন। আমরা তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।'

শনিবার রাজধানীর বাংলামোটরে এনসিপির অস্থায়ী কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন।

জুলাই জাতীয় সনদে সই না করা ও অনুষ্ঠানে যোগ না দেওয়ার বিষয়ে নিজেদের অবস্থান জানাতে এই সংবাদ সম্মেলন ডাকা হয়।

এদিন সকালে রাজধানীর শেরেবাংলা নগরে বিএনপি প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সমাধিতে শ্রদ্ধা জানানোর পর সালাহউদ্দিন মানিক মিয়া অ্যাভিনিউয়ের প্রসঙ্গ তুলে সাংবাদিকদের বলেন, 'যেসব বিশৃঙ্খলা হয়েছে, আমরা খোঁজ নিয়েছি, এটা তদন্তাধীন আছে। দেখা গেছে, এখানে জুলাই যোদ্ধাদের নামে কিছুসংখ্যক ছাত্র নামধারী উচ্ছৃঙ্খল লোক ঢুকেছে। সেটা ফ্যাসিস্ট সরকারের ফ্যাসিস্ট বাহিনী বলে মনে করি। আওয়ামী ফ্যাসিস্টরা বিভিন্ন ফাঁকফোকরে বিশৃঙ্খলার চেষ্টা করছে। এখানে কোনো জুলাই যোদ্ধা বা অভ্যুত্থানের সঙ্গে জড়িত কেউ থাকতে পারে ৬-এর পৃষ্ঠায় দেখুন

নিউইয়র্কে চিটাগাং অ্যাসোসিয়েশন অব নর্থ আমেরিকা'র ঐতিহ্যবাহী মেজবান

নিউইয়র্ক : নিউইয়র্ক সিটির ব্রুকলীনে পাবলিক স্কুল-১৭৯ এর মিলনায়তনে চিটাগাং অ্যাসোসিয়েশন অব নর্থ আমেরিকা'র উদ্যোগে ১২ অক্টোবর রোববার ঈদে মিলাদুন্নবী (সা.) মাহফিল এবং চট্টগ্রামের ঐতিহ্যবাহী 'মেজবান' অনুষ্ঠিত হয়। যুক্তরাষ্ট্রে বসবাসরত বীর চট্টলার পাশাপাশি বিভিন্ন শ্রেণী-পেশার প্রতিনিধিত্বকারি প্রবাসীরা সপরিবারে অংশ নেন এই মাহফিলে। মাহফিলে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন ইসলামিক চিন্তাবিদ ড. সাইয়্যদ মুফতি মুহাম্মদ আনসারুল করিম আল আজহারী।



মাহফিলে সভাপতিত্ব করেন চট্টগ্রাম সমিতির সভাপতি মো. আবু তাহের। সংগঠনের সাধারণ সম্পাদক আরিফুল ইসলামের সঞ্চালনায় মাহফিলে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ডেমক্র্যাটিক পার্টির ডিস্ট্রিক্ট লিডার এ্যাট লার্জ মঈন চৌধুরী, দেশ ও প্রবাসে আর্ত-মানবতার সেবায় নিয়োজিত 'আব্দুল কাদের মিয়া ফাউন্ডেশন'র প্রতিষ্ঠাতা ও সভাপতি এম এ কাদের মিয়া, চট্টগ্রাম সমিতির প্রতিষ্ঠাতা সভাপতি এম এ রহিম, প্রতিষ্ঠাতা-কোষাধ্যক্ষ শামসুল আলম চৌধুরী, সাবেক সভাপতি মোহাম্মদ হানিফ, কাজী আজম, সাবেক সেক্রেটারি মোর্শেদ রিজভী, নির্বাচন কমিশনার আবু তালেব চৌধুরী চান্দু প্রমুখ। সকল বক্তাই বীর চট্টলার প্রবাসীগণকে অভিনন্দন জানিয়ে বলেন, এই মাহফিলের মধ্যদিয়ে তারা ঐক্যের সুমহান এক ঐতিহ্যকে এগিয়ে নেয়ার পথ সুগম করলেন।

এই মাহফিলের জন্যে গঠিত সাব কমিটির আহবায়ক মো. টি আলম, যুগ্ম আহবায়ক মো. কলিমউল্লাহ, সদস্য সচিব শফিকুল আলম, যুগ্ম সদস্য-সচিব মোহাম্মদ ঈশা, প্রধান সমন্বয়কারি আরিফ চৌধুরী এবং সমন্বয়কারি তানিম মহসিন ছিলেন অতিথি আপ্যায়নে। দুর্যোগপূর্ণ আবহাওয়া সত্ত্বেও স্কুলের মিলনায়তন কানায় কানায় পূর্ণ হয়েছিল। উল্লেখ্য, ১৯৮৯ সালে চট্টগ্রাম সমিতি প্রতিষ্ঠিত হয় 'ঈদে মিলাদুন্নবী (সঃ) উদযাপনের মধ্যদিয়ে। এবারের আয়োজনেও সপরিবারে বিপুলসংখ্যক প্রবাসীর সমাগম ঘটায় সকলের প্রতি গভীর কৃতজ্ঞতা জানিয়েছেন সমিতির সভাপতি মো. আবু তাহের এবং সেক্রেটারি আরিফুল ইসলাম













‘ফিরে আসা মানেই তো জীবিত থাকা নয়’





আদর সোহাগ

সকালবেলা। গ্রামের মাঠের ধারে সূর্যের আলোটা ঠিক যেন নতুন ধোওয়া কাপড়ের মতো পরিষ্কার। নদীর ঘাটে মেয়েরা জল তুলছে, দূরে গরুর গাড়ি চলেছে ধীরে ধীরে কাঁকর পথ ধরে।

রামেশ্বর হাল চষে ফেরে এসেছে। মুখে ধুলো মাখা, কাঁধে লাঙল। ঘরে ঢুকেই দেখে তার বউ হরিমতী বসে আছে উঠোনের ধারে, হাতে পিঁড়ি, চুলে সিঁদুর ফিকে হয়ে গেছে। রামেশ্বর থেমে বলে,

-"কি রে, খাওন বানালি না এখনো?"

হরিমতী মুখ তুলে কিছু বলে না। শুধু চুলের একপাশে বাতাসে উড়ে যাওয়া লম্বা গোছা সরিয়ে নেয়। তার চোখদুটো লালচে, যেন অনেকক্ষণ ধরে কেঁদেছে।

রামেশ্বর একটু থেমে জিজ্ঞেস করে,

-"কাঁদছিস কেন?"

-"না।"

এই "না" শব্দটা যেন গোটা উঠোনে এক নিঃশব্দ ভার ফেলে যায়।

রামেশ্বর জানে, হরিমতী আজও তার ভাইয়ের খোঁজে মন খারাপ করে আছে।

দুই বছর হলো- ছোট ভাই গোবিন্দ শহরে গেছে কাজের খোঁজে, তারপর আর কোনো খবর নেই।

চিঠি আসত একসময়, এখন তাও বন্ধ।

হরিমতী মাঝে মাঝে বলে,

-"ওর তো প্রতিশ্রুতি ছিল, পয়লা বৈশাখে ফিরবে। এবারও গেল, ফেরে না কেন?"

রামেশ্বর কিছু বলে না। জানে, এই কথার জবাব তার হাতে নেই।

কিন্তু প্রতিদিন সকালে, জমির দিকে যেতে যেতে সে দেখেছে- পথের ধারে একটা বটগাছের নিচে হরিমতী দাঁড়িয়ে থাকে, দূরে মাটির রাস্তা ধরে কেউ আসছে কিনা, তাই চেয়ে থাকে।

একদিন দুপুরে হঠাৎ গাঁয়ের হাট থেকে খবর এল- একজন অপরিচিত ছেলে নাকি হাটে এসে জ্ঞান হারিয়ে পড়েছে, মুখে শুধু বলছে "রামেশ্বর"।

রামেশ্বর ছুটে গেল হাটে।

গরম রোদ, মাটির গন্ধ, আর ভিড়ের মাঝখানে সে দেখল মাটিতে পড়ে আছে এক শুকনো, পুড়ে যাওয়া মুখ। চেনা আবার অচেনা।

হ্যাঁ, সে গোবিন্দ।

গোবিন্দের চোখ তখনো আধখোলা।

রামেশ্বর হাঁটু গেড়ে বসে বলল,

"গোবিন্দ!

গোবিন্দ ধীরে চোখ মেলে তাকাল। মুখে একফোঁটা হাসি, কণ্ঠে ভাঙা স্বর,

"ভাই... আমি ফিরলাম...

তারপরই নিঃশব্দে চোখ বন্ধ করে ফেলল সে।

রামেশ্বর হতভম্ব হয়ে বসে রইল। আশপাশে কেউ কিছু বলতে পারল না।

পরে হাটের লোকজন জানাল- গোবিন্দ কলকাতার ইটভাটায় কাজ করত। মালিক টাকা না দিয়ে পালিয়ে যায়, মাসের পর মাস গড়াতো কিন্তু শ্রমিকদের হাতে টাকা আসেনা। হাতে আসে শুধু অনাহার আর অসুখ। জ্বরে জ্বরে গোবিন্দ কাজ চালিয়ে গেছে, তারপর একদিন অচেতন হয়ে পড়ে। সহকর্মীরা বলেছিল, "বাড়ি ফিরে যা, হয়তো বাঁচবি।"

গোবিন্দ ফিরলো তবে তার বাঁচা হলো না।

ঘামে ভেজা পকেটে পাওয়া গেল একটা পুরনো খামে ভাঁজ করা কাগজ। তাতে গোবিন্দ লিখেছিল,

"দাদা, আমি ঠিক আছি। কিছু টাকা জমলে আসব। হরিমতীকে বলো, আমি কথা রাখব।"

চিঠিটা অসমাপ্ত, হয়তো কালি শুকিয়ে গেছে মাঝপথে। তবে আর কিছু লেখা না থাকলেও চিঠির ভাজে স্পষ্ট হয়ে উঠেছে গোবিন্দর যাবিত দিনের অজানায় হারিয়ে যাওয়া কথাগুলো।

হরিমতী তখন উঠোনে ছিল। রামেশ্বর যখন ভাইয়ের দেহটা নিয়ে ফিরল, সূর্য তখন পশ্চিমে হেলে পড়েছে।

হরিমতী ছুটে এসে চুপ করে বসে পড়ল মৃতদেহটার পাশে। কিছুক্ষণ পর ফিসফিস করে বলল...

ও তো বলেছিল ফিরবে। ফিরল বটে... কিন্তু এমন করে কে ফেরে?

রামেশ্বর নিঃশব্দে দাঁড়িয়ে রইল।

তার মুখে কোনো শব্দ নেই, চোখে শুধু একটা শূন্য দৃষ্টি।

বাইরে তখন বাতাসে ধুলো উড়ছে, দূরে গরু ফিরে আসছে মাঠ থেকে।

বটগাছের নিচে পড়ে আছে শুকনো পাতা, যেন প্রতিটি পাতায় লেখা আছে একটাই কথা -

'ফিরে আসা মানেই তো জীবিত থাকা নয়'।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে কৃতজ্ঞতা এডিনিটর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট

- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.



Operate by JH office)
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please
Scan & Visit us!
(Operate by JH office)

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Crow St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

নিউইয়র্কসহ ডেমোক্র্যাট স্টেটগুলোর ২৭.২৪ বিলিয়ন তহবিল বাতিল!

প্রথম পৃষ্ঠার পর

স্টেটের ৭৩৮.৭ মিলিয়ন ডলারের প্রকল্প তহবিল বাতিল করা হয়েছে।

দ্য নিউইয়র্ক টাইমস এর বিশ্লেষণে দেখা গেছে, তহবিল প্রকল্পের অধিকাংশই অবস্থিত ডেমোক্র্যাট নেতৃত্বাধীন রাজ্য ও শহরগুলোতে।

নিউইয়র্ক টাইমস জানায়, মোট স্থগিত বা বাতিল তহবিলের ৯৭ শতাংশের বেশি ক্ষতি হয়েছে ডেমোক্র্যাট প্রতিনিধিদের ডিস্ট্রিক্টগুলা। সবচেয়ে বড় ক্ষতির মুখে নিউইয়র্কের প্রতিনিধি ড্যান গোল্ডম্যান (১৭.৮ বিলিয়ন ডলার), এরপর ইলিনয়ের ড্যানি ডেভিস (২.৩৭ বিলিয়ন)ও ক্যালিফোর্নিয়ার লতিফা সাইমন (১.৪ বিলিয়ন)।

হোয়াইট হাউস সূত্রে জানা গেছে, পোর্টল্যান্ডসহ আরও কয়েকটি সিটির ফেডারেল অনুদানও স্থগিত হতে পারে। প্রশাসনের দাবি, এসব শহর ট্রাম্পের অভিবাসন নীতির বিরোধিতা করছে, তাই তাদের বরাদ্দ পুনর্বিবেচনা করা হচ্ছে।

টাইমসের তথ্যমতে, মোট ৮৭টি ডেমোক্র্যাটিক ডিস্ট্রিক্টে প্রায় ২৭ বিলিয়ন ডলারের প্রকল্প থেমে গেছে, যেখানে মাত্র ১৪টি রিপাবলিকান ডিস্ট্রিক্টে ক্ষতি হয়েছে ৭০০ মিলিয়ন ডলারেরও কম।

স্থগিত হওয়া প্রকল্পগুলোর মধ্যে রয়েছে নবায়নযোগ্য জ্বালানি, বিদ্যুৎ গ্রিড উন্নয়ন এবং গণপরিবহন সম্প্রসারণ যার বড় অংশ নিউইয়র্ক ও ক্যালিফোর্নিয়ার মতো রাজ্যে।

নিউইয়র্ক-শিকাগোর বড় প্রকল্প স্থগিত


সবচেয়ে বড় ধাক্কা লেগেছে নিউইয়র্কের হাডসন রিভার টানেল ও সেকেন্ড অ্যাভিনিউ সাবওয়ে নির্মাণে, যার মোট বাজেট প্রায় ১৮ বিলিয়ন ডলার। এছাড়া শিকাগোতে ২.১ বিলিয়ন ডলারের রেল সম্প্রসারণ প্রকল্প ও বন্ধ করে দেওয়া হয়েছে।

হোয়াইট হাউস বলেছে, এসব প্রকল্পের চুক্তি ও নিয়োগ নীতিতে "বৈচিত্র্য বা জাতিগত বিবেচনা" আছে কি না, তা পর্যালোচনার জন্যই তহবিল স্থগিত রাখা হয়েছে। তবে সমালোচকদের মতে, এটি আসলে রাজনৈতিক প্রতিশোধের অংশ ডেমোক্র্যাটদের নিয়ন্ত্রিত শহরগুলোর ওপর চাপ সৃষ্টির উদ্দেশ্যে এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

কিন্তু রাজনৈতিক বিশ্লেষকদের মতে, এটি ট্রাম্পের পুরোনো অবস্থান–ডেমোক্র্যাট-নিয়ন্ত্রিত শহরগুলোর প্রতি কেন্দ্রীয় সহায়তা কমিয়ে দিয়ে প্রশাসনিক খরচ কমানোর পরিকল্পনা বাস্তবায়ন।

সরকারি অচলাবস্থার শুরুতেই প্রশাসন ২২৩টি জ্বালানি প্রকল্পে ৭.৬ বিলিয়ন ডলারঅর্থায়ন বন্ধ করে দেয়। এই প্রকল্পগুলোর মধ্যে ১৬টি রাজ্যের উদ্যোগ ছিল, যার মধ্যে ১৪টি ডেমোক্র্যাট শাসিত।

সবচেয়ে বড় ক্ষতিগ্রস্ত উদ্যোগ হলো 'আর্কেস' একটি ১.২ বিলিয়ন ডলারের পরিষ্কার হাইড্রোজেন প্রকল্প, যা ট্রাক ও শিল্পখাতে কার্বন নিঃসরণ কমানোর লক্ষ্য নিয়ে শুরু হয়েছিল। বাইডেন আমলে অনুমোদিত এই প্রকল্পটিই এখন থেমে গেছে।



রাজনৈতিক মহলে এই সিদ্ধান্তকে ট্রাম্পের "প্রতিশোধমূলক রাজনীতি" বলে বর্ণনা করা হচ্ছে। প্রেসিডেন্ট বারবার নিউইয়র্কের হাকিম জেফ্রিস ও সিনেট নেতা চাক শুমারকে দোষারোপ করেছেন, বাজেট সংকটে সমঝোতা না করার জন্য। শিকাগোর মেয়র ব্র্যান্ডন জনসন ও ইলিনয় গভর্নর জেবি প্রিৎজকারের প্রতিও তিনি আক্রমণ চালিয়ে বলেন, "দুজনেরই জেলে যাওয়া উচিত।"

অর্থনীতিবিদরা বলছেন, এই রাজনৈতিক টানাপোড়েন দীর্ঘস্থায়ী হলে তা শুধু প্রশাসনিক নয়, বরং যুক্তরাষ্ট্রের অবকাঠামো উন্নয়ন পরিকল্পনার দিকেও গভীর প্রভাব ফেলবে।

পর্তুগালে প্রবাসী বাংলাদেশিদের

প্রথম পৃষ্ঠার পর

২০২৪ সালের ৩১ ডিসেম্বর পর্যন্ত পর্তুগালে বসবাসরত বাংলাদেশি নাগরিকের সংখ্যা দাঁড়িয়েছে ৫৫ হাজার ১৯৯ জন। এ সংখ্যাটি ২০১৭ সালের তুলনায় প্রায় চারগুণ বৃদ্ধি নির্দেশ করে। প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশ এখন ভারত এবং নেপালের পরই দক্ষিণ এশীয় দেশগুলোর মধ্যে অন্যতম বড় অভিবাসী আগমনের উৎস দেশ হিসেবে পর্তুগিজ অভিবাসন পরিসংখ্যানে স্থান পেয়েছে। এর মধ্যে পুরুষের সংখ্যা ৪৮,১২৮ জন এবং নারীর সংখ্যা ৭,০৭১ জন। গত বছর নতুনভাবে ১০,৮৪৮টি রেসিডেন্স পারমিট বাংলাদেশিদের প্রদান করা হয়েছে, যা ২০২৩ সালের তুলনায় সামান্য বৃদ্ধি নির্দেশ করে।

সাধারণ নির্বাচনের বিজ্ঞপ্তি

মঙ্গলবার, ৪ নভেম্বর, ২০২৫

অগ্রিম ভোটদান: শনিবার, ২৫ অক্টোবর, ২০২৫ – রবিবার, ২ নভেম্বর, ২০২৫

নিউ ইয়র্ক সিটির নির্বাচন বোর্ড, নির্বাচন আইন ৪-১২০ এবং ৪-১২২ এর বিধান অনুযায়ী,
এ ঘোষণা দেয় যে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে মঙ্গলবার, ৪ নভেম্বর, ২০২৫, সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত।

আপনি ভোট দেওয়ার যোগ্য কিনা জানতে, প্রার্থী তালিকা দেখতে, আপনার ভোটকেন্দ্র খুঁজে পেতে, নমুনা ব্যালট দেখতে বা ব্যালটের জন্য অনুরোধ করতে, ভিজিট করুন:

VOTE.NYC

অথবা কল করুন টোল ফ্রি: 866-VOTE-NYC · TTY নম্বর: (212) 487-5496
নির্বাচনকর্মী হতে, অনুগ্রহ করে ভিজিট করুন: POLLWORKER.VOTE.NYC

অগ্রিম ভোটদান
শনিবার, ২৫ অক্টোবর, ২০২৫
থেকে রবিবার, ২ নভেম্বর, ২০২৫

আপনার অগ্রিম ভোটদান কেন্দ্র, সময়,
নমুনা ব্যালট দেখার বা ব্যালটের জন্য অনুরোধ করার জন্য ভিজিট করুন:

VOTE.NYC

THE BOARD OF ELECTIONS
IN THE CITY OF NEW YORK
Executive Office, 32 Broadway, 7th Floor
New York, NY 10004

নির্বাচন কমিশনারগণ
Frederick M. Umane—প্রেসিডেন্ট
Jodi Morales—সেক্রেটারি
Jose Miguel Araujo
Michael J. Coppotelli
Marc A. Landis
Gino A. Marmorato
Frank R. Seddio
Simon Shamoun
Michele A. Sileo
Keith Sullivan

ট্রাম্পবিরোধী 'নো কিংস' আন্দোলনে ৭০ লাখ মানুষের বিক্ষোভ

শেষ পৃষ্ঠায় পর ট্রাম্প প্রশাসন যুক্তরাষ্ট্রকে ধীরে ধীরে স্বৈরাচারী পথে নিয়ে যাচ্ছে আর গণতন্ত্রকে ভেঙে দিচ্ছে খণ্ডে খণ্ডে।

রিপাবলিকানরা এই বিক্ষোভকে ব্যঙ্গ করে বলেন,"এটি হেইট আমেরিকা র‍্যালি"।

এই আন্দোলন সম্পর্কে ট্রাম্প আগেই মন্তব্য করেছিলেন, "ওদের দিনটা আসছে। শুনেছি খুব কম মানুষই নাকি যাবে সেখানে কিন্তু যাক, ওরা তাদের 'দিনটা' পালন করুক।"

সিএনএন'র প্রতিবেদনে বলা হয়, প্রেসিডেন্ট ট্রাম্পের ক্ষমতায় ফেরার পর তৃতীয় বড় জাতীয় বিক্ষোভ ছির এটি, যখন পুরো যুক্তরাষ্ট্রে গভর্মেন্ট শাটডাউন চলছে এবং প্রশাসনের ক্ষমতার ভারসাম্য নিয়ে দেশজুড়ে উত্তেজনা চলছে।

মিশিগানের অবসরপ্রাপ্ত সরকারি কর্মী পেগি কোল নিজের ৭০তম জন্মদিন উদ্‌যাপন করতে ১০ ঘন্টার পথ পাড়ি দিয়ে ওয়াশিংটনে বিক্ষোভে যোগ দেন। তিনি বলেন, "এটা ভয়ের সময়। যদি আমরা চুপ করে বসে থাকি, তবে আমাদের গণতন্ত্র একে একে হারিয়ে যাবে।"

জুন মাসে ট্রাম্পের সামরিক প্যারেডের দিনে যে প্রথম 'নো কিংস' আন্দোলন হয়েছিল, এবার তার চেয়েও বড় সমাবেশ হয়েছে। আগেরবার ৫০ লাখ মানুষ রাস্তায় নেমেছিল, এবার সেই সংখ্যা আরও বেড়ে ৭০ লাখে পৌঁছায়। শুধু নিউইয়র্কেই অংশ নেয় এক লাখের বেশি মানুষ।

বিক্ষোভের বেশির ভাগই ছিল শান্তিপূর্ণ। পোর্টল্যান্ড ও নিউইয়র্ক পুলিশ জানিয়েছে, কোনো গ্রেপ্তার হয়নি। তবে দক্ষিণ ক্যারোলিনায় এক নারী বন্দুক হাতে বিক্ষোভের কাছে উপস্থিত হওয়ায় গ্রেপ্তার হয়েছেন, আর জর্জিয়ায় এক ব্যক্তি বিক্ষোভকারীর পতাকা ছিনিয়ে নিয়ে হামলা চালান।

আয়োজক সংগঠন 'ইনডিভিজিবল প্রজেক্ট' জানায়, তারা সহিংসতা পরিহার করে অহিংস প্রতিবাদের প্রশিক্ষণ দিয়েছে কয়েক হাজার মানুষকে। তাদের প্রতীকী রঙ ছিল হলুদ–একতা ও শান্তির প্রতীক হিসেবে।

লস অ্যাঞ্জেলেসে কেউ ইউনিকর্ন পোশাক পরে নেচেছেন, কেউ ব্যাঙ বা ডাইনোসরের পোশাকে হাজির হয়েছেন। এক বিক্ষোভকারী বলেন, "যখন রাস্তায় সঙ্গীত বাজছে আর মানুষ হাসছে, তখন একে যুদ্ধক্ষেত্র বলা কঠিন। "গণতন্ত্র কেমন দেখায় এই তো তার চিত্র,"এমন স্লোগানে মুখর ছিল সারা দেশ। "ঘৃণা নয়, ভয় নয় অভিবাসীরা স্বাগত" লেখা ব্যানার উড়ে বিক্ষোভে অংশগ্রহণকারীদের হাতে।

আটলান্টায় বিক্ষোভে সিনেটর রাফায়েল ওয়ারনক বলেন, "এটা ক্ষমতাবানদের বিরুদ্ধে নয়, বরং জনগণের ক্ষমতার পক্ষে এক আন্দোলন।" আয়োজক কিম্বারলি ডিমার্ট স্মরণ করিয়ে দেন, "আটলান্টা ছিল নাগরিক অধিকার আন্দোলনের জন্মভূমি আমরা সেই ইতিহাস হারাতে চাই না।"

নিউইয়র্কে এক প্রবীণ নারী বিক্ষোভকারী বললেন, "ষাটের দশকে আমরা লড়েছিলাম অধিকার বিস্তারের জন্য–নারী অধিকার, সংখ্যালঘু অধিকার, ভোটাধিকারের জন্য। এখন সেই সব অর্জনই কেড়ে নেওয়া হচ্ছে। পুরো গণতন্ত্রটাই হুমকির মুখে।"

ওয়াশিংটনে একদল বিক্ষোভকারী ১৭৭৬ সালের আমলের বিপ্লবী পোশাক পরে আসে তাদের বক্তব্য, "আমেরিকার স্বাধীনতার ঘোষণাই বলেছিল–কোনো রাজা নয়, জনগণের শাসন।"

নেব্রাস্কার ববি ক্যাসতিলো বলেন, "এখন কথা বলার স্বাধীনতাও যেন ঝুঁকিতে। সরকার, কর্মক্ষেত্র, এমনকি পরিবার থেকেও ভয় কাজ করছে।"

ডিসিতে সমাবেশে টেলিভিশন উপস্থাপক বিল নাই বলেন, "এই প্রশাসন ভিন্নমত সহ্য করতে পারে না। আমাদের মুক্ত বক্তব্য ও সংবাদমাধ্যমের ওপর হামলা হচ্ছে এটাই ফ্যাসিবাদ।"

ওরেগনের অ্যাশল্যান্ডে জোয়েল লেসকো বলেন, "আজকের দিনটা আনন্দের আমরা আমাদের দেশ, বাকস্বাধীনতা আর বৈচিত্র্যের পক্ষে কণ্ঠ তুলছি।"

শিকাগো, লস অ্যাঞ্জেলেস ও পোর্টল্যান্ডে অভিবাসনবিরোধী অভিযানের প্রতিবাদই ছিল মুখ্য। লস অ্যাঞ্জেলেসের মেক্সিকান-আমেরিকান কর্মী মারিয়া রিভেরা কামিংস বলেন, "আমরা সবাই অভিবাসী আর সবাই সমান অধিকারের দাবিদার।"

শিকাগোর বিক্ষোভে মেক্সিকান পতাকা হাতে জনতা স্লোগান দেয় "গণতন্ত্রে হাত দিও না" এবং "আইস আউট!" অভিনেতা জন কুস্যাক বলেন, "না, তুমি আমাদের শহরে সৈন্য পাঠাতে পারবে না। বিশৃঙ্খলা তৈরি করে ক্ষমতায় টিকে থাকার চেষ্টা চলবে না।"

ইলিনয়ের ডাকোটা ইংলার্ট বলেন, "আমরা সবাই একই রক্তে গড়া মানুষ। যাদের পরিবার বিচ্ছিন্ন করা হচ্ছে, যাদের ঘরবাড়ি ছিনিয়ে নেওয়া হচ্ছে, তাদের জন্যই আজ এখানে।"

এদিকে সরকার বন্ধের কারণে স্বাস্থ্যসেবা ও সামাজিক তহবিলের কাটছাঁট নিয়েও ছিল প্রতিবাদের ঢেউ। ওয়াশিংটনে ফেডারেল কর্মচারী অ্যাথনি লি বলেন, "২০ বছরের সরকারি চাকরিজীবনে এমন ধ্বংস আমি দেখিনি। সরকারি সেবাগুলো একে একে গুটিয়ে যাচ্ছে।"

আরেক কর্মী মনিকা বলেন, "চাকরি হারিয়ে মানুষ ঘর হারাচ্ছে, সন্তানদের ভবিষ্যৎ অনিশ্চিত–এটাই ট্রাম্প প্রশাসনের আমেরিকা।"

মেরিল্যান্ডের সমাজকর্মী এলিজাবেথ নিই বলেন, "যারা আশ্রয়হীন, যারা মেডিকেডের ওপর নির্ভরশীল–সবাই এখন ঝুঁকিতে।"

ডিসির সমাবেশে সিনেটর বার্নি স্যান্ডার্স বলেন, "এটা কেবল এক ব্যক্তির লোভ নয় এটা সেই ধনী গোষ্ঠীর ষড়যন্ত্র, যারা গণতন্ত্রকে নিজেদের সম্পদের সিঁড়ি বানিয়েছে। তারা দেশের অর্থনীতি ও রাজনীতি দখল করেছে, আর পরিশ্রমী মানুষগুলো ক্রমেই পেছনে পড়ে যাচ্ছে।"



নিউইয়র্কে সংগীতশিল্পীকে

শেষ পৃষ্ঠায় পর ১০ হিলসাইড এভিনিউস্থ এক্সিট রিয়েলটর অফিসে এ ঘটনাটি ঘটে। ঘটনার পরপরই সারোয়ারকে চাকরিচ্যুত করেছে এক্সিট রিয়েলটি। বিষয়টি কমিউনিটিতে ব্যাপক আলোড়ন ও সমালোচনার সৃষ্টি হয়েছে। সর্বত্র আলোচনার ঝড় বইছে। সোশাল মিডিয়ায় অনেকে বলছেন, বাবু এমন কাজ করতে পারেন না। বিশ্বাস করতে কষ্ট হয়। অনেকে প্রশ্ন তুলেছেন, প্রমির চলাফেরার নিয়ে। অনেকে বলছেন, বাবু এমন কিছু করেছেন, যাতে প্রমি পুলিশকে জানাতে বাধ্য হয়েছেন। বাবুর সাথে বারবার যোগাযোগ করেও তাকে পাওয়া যায়নি। প্রমির স্বামী রায়ান তাজ সোশাল মিডিয়ায় তাদের পারিবারিক বিষয় নিয়ে লেখালেখি না করতে অনুরোধ করেছেন।

এ বিষয়ে কণ্ঠশিল্পী প্রমি বলেছেন, ১৮৯-১০ হিলসাইড এভিউনিতে অবস্থিত এক্সিট রিয়েলটরের অফিসে কাজ করেন। সারোয়ার খান বাবুও এই অফিসে রিয়েল এস্টেট এজেন্ট হিসেবে দায়িত্বরত। মঙ্গলবার দুপুর ১ টার দিকে সারোওয়ার খান বাবু অফিসে কাজের কথা বলে তার ডেকে নিয়ে যান।

প্রমি বলেন, আমি তার রুমে ঢুকার পর সারোয়ার দরজা আটকে দেন এবং আমার হাত ধরে টেনে জোরপূর্বক তার দিকে টেনে নেয়ার চেষ্টা করেন এবং আমাকে চুমু দেয়ার চেষ্টা করেন এবং অশালীনভাবে হয়রানীর চেষ্টা করেন। পরে আমি তাঁর হাত থেকে ছুটে রুম থেকে বেরিয়ে আসি এবং ঘটনাটি সাথে সাথে অফিসের ম্যানেজারকে বলি। ঘটনা শুনে ম্যানেজের তাৎক্ষণিক তাঁকে চাকুরিচ্যুত করেন ও তখন ৯১১ এ কল দিয়ে পুলিশ ডাকা হয়।

প্রমি আরো বলেন, খবর পেয়ে পুলিশ অফিসে পৌঁছালে তখন সারোওয়ার সেখান থেকে পালিয়ে যায়। এজন্য পুলিশ তাকে আটক করতে পারেনি। এ বিষয়ে আমি পুলিশের কাছে লিখিত অভিযোগ দিয়েছি। পুলিশ তাকে গ্রেফতার করতে খুঁজছে ।

তিনি আরো বলেন,' আমি নিউইয়র্কে দীর্ঘ ১ যুগ ধরে কণ্ঠশিল্পী হিসেবে পারফর্ম করছি। এছাড়া আমি এনওয়াই পিডি পুলিশ ডিপার্টমেন্টে চাকরি করছি। এবং পার্ট টাইম জব হিসেবে এক্সিট রিয়েলটরেও কর্মরত আছি। আমি চাই তদন্তের মাধ্যমে তার বিরুদ্ধে আইনী পদক্ষেপ গ্রহণ করা হোক। কারণ আমাদের কমিউনিটিতে এ রকম অপকর্ম যাতে কেউ করার সাহস না পায় ভবিষ্যতে।

প্রমি তাজ ঘটনার সময় চেয়ার দিয়ে নিজেকে রক্ষা করতে গিয়ে সামান্য আহত হয়েছেন। তার মধ্যে এক ধরনের প্যানিক তৈরি হয়েছিল। হাসপাতালে ভর্তি হয়েছিলেন তিনি। গত বুধবার প্রমি হাসপাতাল থেকে বাড়ি ফিরেছেন। উল্লেখ্য প্রমি পুলিশ ডিপার্টমেন্টের অক্সিলারি টিমে পার্টটাইম কাজ করছেন। ফুল টাইম কাজ করেন এক্সিট রিয়েলিটিতে।

ওসমানী মেডিকেল কলেজ

শেষ পৃষ্ঠায় পর

সম্মেলন বক্তারা, সংগঠনের চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্যসেবার গৌরবোজ্জ্বল ইতিহাসের অংশ হিসেবে কভিড, বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ এবং শিক্ষার্থী ও প্রাক্তন শিক্ষার্থীদের আর্থিক সংকটে পাশে দাঁড়িয়ে প্রতিষ্ঠানের মূল্যবোধকে সমুন্নত রাখেছে।

বক্তারা আরো বলেন এই সম্মেলন আমাদের অর্জনের ঐতিহ্যের উদযাপন, পুরানো বন্ধুদের সাথে পুনরায় সংযোগ স্থাপন এবং নতুন বন্ধন তৈরির একটি প্ল্যাটফর্ম গড়ে তোলার পাশাপাশি চিকিৎসা সেবার আধুনিক জ্ঞান এবং দৃষ্টিভঙ্গি অর্জনের মাধ্যমে স্বাস্থ্যসেবার ভবিষ্যতকে আলোকিত করবে বলে চিকিৎসক নেতৃবৃন্দরা জানান।

ডা. রুকাইয়া চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে বিশিষ্ট চিকিৎসকদের মধ্যে বক্তব্য রাখেন ডা. মুহাম্মদ সাইদুজ-জামান চৌধুরী, ডা. ইবরুল চৌধুরী, ডা. মোহাম্মদ আবুল হোসেন প্রমুখ। সম্মেলনে শুভেচ্ছা বক্তব্য রাখেন নিউইয়র্ক স্টেট এসেম্বলি ডিস্ট্রিক্ট ৩৬ এর এসেম্বলি মেম্বার প্রার্থী মেরী জোবায়দা।

রাতের ডিনার এবং মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে সম্মেলন শেষ হয়।



নিউইয়র্কে জনস্রোত

শেষ পৃষ্ঠায় পর পরিণত হয় নিউইয়র্ক সিটির টাইমস স্কয়ার থেকে ইউনিয়ন স্কয়ার পর্যন্ত। পুলিশ বিভাগের হিসাবে, শহরের পাঁচটি বরো মিলিয়ে এদিন ১ লাখের বেশি মানুষ বিক্ষোভে অংশ নেন।

শিশু-কিশোরসহ পরিবার নিয়ে আসা অনেকেই হাতে নিয়ে এসেছিলেন নানা ব্যানার ও পতাকা। কারও পোস্টারে লেখা ছিল, "আমেরিকা গড়ে উঠেছে অভিবাসীদের হাতে", আবার কারও বার্তা"আমরা ধনকুবেরদের সামনে মাথা নত করি না।" পুরো পথজুড়ে ছিল শান্তিপূর্ণ পরিবেশে প্রতিবাদ, আর কোনো গ্রেপ্তারের খবর পাওয়া যায়নি।

পাশাপাশি নিউইয়র্কের ব্রুকলিন, লং আইল্যান্ডেও ছোট ছোট সমাবেশ হয়েছে।

এদিকে স্টেট গভর্নর ক্যাথি হোকুল সামাজিক মাধ্যমে লিখেছেন, "আজ যারা প্রতিবাদে অংশ নিয়েছেন, সবাইকে ধন্যবাদ। মানবতার পক্ষে, অবিচারের বিরুদ্ধে দাঁড়ানোই আমেরিকার প্রকৃত শক্তি। নিউইয়র্ক দুই শতাব্দীরও বেশি সময় ধরে কোনো রাজাকে মানে না এবারও মানবে না।"

এ বছরের জুন মাসে প্রেসিডেন্ট ট্রাম্পের ওয়াশিংটন ডিসির সামরিক প্যারেডের দিন প্রথম 'নো কিংস' আন্দোলন হয়, যেদিন নিউইয়র্কেও কয়েক হাজার মানুষ ফিফথ অ্যাভিনিউ জুড়ে মিছিল করেন।

শনিবারের বিক্ষোভে অংশ নেওয়া গেইল নামের এক নারী বলেন, "অভিবাসীদের আটক আর সরকার বন্ধের পর পরিস্থিতি ভয়ানক হয়ে গেছে। কংগ্রেস, সিনেট কেউ যেন একসঙ্গে কাজ করছে না।"

প্রদর্শনকারীরা বলেন, "নো কিংস" নামটি আসলে সরকারের ক্রমবর্ধমান কর্তৃত্ববাদী প্রবণতার প্রতিবাদ। শিকাগো, পোর্টল্যান্ডসহ বিভিন্ন শহরে সেনা মোতায়েনের ঘটনাকে তারা এই প্রবণতার বড় উদাহরণ হিসেবে দেখছেন।

ম্যানহাটনের গ্রিনউইচের বাসিন্দা ডেবোরা প্রেসম্যান বলেন, "আমার মনে হয় কেউই রাস্তায় সামরিক উপস্থিতি চায়নি।"

কুইন্সের আদম সুঘো মন্তব্য করেন, "যদি তাদের মধ্যে সামান্য সততা বা মর্যাদা থাকত, অনেক আগেই তারা বদলে যেত।"

নিউইয়র্ক সিভিল লিবার্টিজ ইউনিয়নের সিনিয়র সংগঠক ড্রিয়া হেরেরা বলেন, "এই আন্দোলন প্রমাণ করছে জনগণের শক্তিই শাসকের চেয়ে বড়।"

হারলেমের বাসিন্দা জেফ পিটারসন বলেন, "অনেকে বলেছিল এটি নাকি ঘৃণামূলক বা সহিংস আন্দোলন হবে। কিন্তু দিনের শেষে দেখা গেল, এটি ছিল আনন্দমুখর ও শান্তিপূর্ণ এক মিছিল একটি মানবিক বার্তা।"

আত্মবিশ্বাসী মামদানী, লাড়াইয়ের চেষ্টায় কুওমো

প্রথম পৃষ্ঠার পর

করতে গিয়ে সাবেক গভর্ণর অ্যান্ড্রু কুওমো অনেকটাই ধরাশায়ী হয়ে পড়েন। অন্য প্রার্থী কার্টিস স্লিওয়া এ বিতর্কে পাত্তাই পাননি। এছাড়া সকল জরীপেও তিনি বেশ এগিয়ে প্রতিদন্দ্বি অ্যান্ড্রু কুওমো থেকে। বর্তমান মেয়র এরিক অ্যাডামস সম্প্রতি মেয়রাল প্রার্থী থেকে নিজেকে প্রত্যাহার করে নিয়ে কুওমো সমর্থনের ইঙ্গিত দেন একটি গণমাধ্যমের স্বাক্ষাতকারে। যদিও সরাসরি কুওমোকে সমর্থন দেওয়ার বিষয়টি নিশ্চিত করেননি। তবে তিনি মামদানীকে নিয়ে সমালোচনা করেছেন। অন্য প্রার্থী রিপাবলিকান প্রচারণায় বেশ সরব থাকলেও ডেমোক্র্যাট অধ্যুষিত নিউইয়র্কে মেয়র নির্বাচনের জরীপে এখনো সিঙ্গেল ডিজিটেই রয়ে গেছেন।

এদিকে জোহরান মামদানীর প্রতিদন্দ্বীতা নিয়ে এশিয়ান কমিউনিটিতে মিশ্র প্রতিক্রিয়া দেখা দিয়েছে। বিশেষ করে মুসলিম কমিউনিটির বড় অংশ মামদানীর পক্ষে থাকলেও হিন্দু কমিউনিটি প্রকাশ্যে কুওমোর পক্ষে প্রচার চালাচ্ছেন। এছাড়াও বাংলাদেশি কমিউনিটির বিশাল অংশ মামদানীর পক্ষে প্রচার চালাচ্ছেন। তবে শেষ মুহূর্তে এসে মামদানীর বেশ কয়েকটি এজেন্ডা নিয়ে দ্বিধান্বিত বাংলাদেশি কমিউনিটির একটি ক্ষুদ্র অংশ।

মামদানী এশিয়ান কমিউনিটির পাশাপাশি মেক্সিকান, আফ্রিকান কমিউনিটির কাছে সমর্থনে এগিয়ে আছেন। মুসলিম কমিউনিটির পাশাপাশি ইহুদি সম্প্রদায়ের একটি অংশ মামদানীকে প্রকাশ্য সমর্থন দিয়ে যাচ্ছে।

তবে মামদানীকে শুধু মাত্র সাবেক গভর্ণর অ্যান্ড্রু কুওমোর সাথে প্রতিদন্দ্বিতা নয়, তাকে ট্রাম্প প্রশাসন, কর্পোরেট ধনকুবেরদের সাথে লড়াই করে বিজয় অর্জণ করতে হবে এমনটি বিশ্লেষক ও যুক্তরাষ্ট্রের গণমাধ্যমগুলোর দাবি। কারণ হিসেবে বলা হচ্ছে, মামদানী বিজয়ী হলে নিউইয়র্কের ফেডারেল ফান্ড বাতিলসহ সরাসরি নিজ প্রশাসনের হস্তক্ষেপ করবেন বলে একাধিকবার প্রেসিডেন্ট ট্রাম্প হুশিয়ারি দিয়েছেন। এছাড়াও এরিক অ্যাডামসকেও নির্বাচন থেকে সড়ে দাঁড়াতে ট্রাম্প নিজেই বলেছিলেন গণমাধ্যমে। অপরদিকে মামদানী নিউইয়র্কে কর্পোরেটদের ওপর ট্যাক্স বৃদ্ধিসহ একাধিক এজেন্ডা ঘোষণা করায় ধনকুবেররা-ই ডেমোক্র্যাট প্রাইমারীতে মামদানীর কাছে পরাজিত অ্যান্ড্রু কুওমোকে স্বাধীন প্রার্থী হিসেবে প্রতিদন্দ্বিতায় নামিয়েছেন। অপরদিকে মামদানী সিনেটর বার্নি স্যান্ডারস, কংগ্রেসওম্যান আলেকজেন্দ্রা ওকাসিও কর্টেজ, গভর্ণর ক্যাথি হোকুলের প্রকাশ্য সমর্থন পেলেও ডেমোক্র্যাট শীর্ষ নেতৃত্ব সিনেটর চাক শুমার ও কংগ্রেস হাকিম জেফ্রিস সমর্থন দেননি।

এদিকে নিউইয়র্ক টাইমস সম্প্রতি মামদানীকে নিয়ে একটি প্রতিবেদনে দাবি কারে ' সিটি মেয়র নির্বাচনে অপ্রতিরোধ্য জোহরান মামদানি'

এ প্রতিবেদনে বলা হয়েছে, মাত্র ৩৩ বছর বয়সী এই ডেমোক্রেটিক সোশ্যালিস্ট সিটি মেয়র প্রার্থী আগে নিউইয়র্ক সিটিতে তেমন পরিচিত ছিলেন না। তবে এখন চিত্র ভিন্ন। নির্বাচনে সাবেক গভর্নর এবং সিটির অন্যতম বিখ্যাত রাজনৈতিক পরিবারের সদস্যের বিরুদ্ধে জয়লাভের পথে রয়েছেন মামদানি। জুনের প্রাথমিক নির্বাচনে মামদানি শুধু প্রতিকূলতাকেই হারাননি বরং ১২.৮ পয়েন্টের বিশাল ব্যবধানে জয়ী হয়েছেন। এই জয় দেশের রাজনীতিতে আলোড়ন সৃষ্টি করেছে। প্রাথমিক নির্বাচনের পর তিনি শহরের ক্ষমতাধর ব্যক্তি, ব্যবসায়ীক, শিল্প ও সংস্কৃতি প্রতিষ্ঠানের প্রধান এবং সংশয়ী স্থানীয় ডেমোক্রেটদের সঙ্গে ব্যক্তিগতভাবে সাক্ষাৎ করে সমর্থন আদায়ের জন্য অপ্রতিরোধ্যভাবে এগিয়ে যাচ্ছেন তিনি।

১৬ অক্টোবর এনবিসি নিউজ আয়োজিত প্রথম বিতর্কে মামদানীকে তীব্র আক্রমণ করতে গিয়ে সাবেক গভর্ণর অ্যান্ড্রু কুওমো অনেকটাই ধরাশায়ী হয়ে পড়েন। অন্য প্রার্থী



কার্টিস স্লিওয়া এ বিতর্কে পাত্তাই পাননি। বিতর্কে প্রাধান্য পায় গাজা যুদ্ধ, মুসলিম কমিউনিটি ও ট্রাম্প প্রশাসনের আগ্রাসন থেকে মুক্তির বিষয়। বিতর্কে অ্যান্ড্রু কুওমো মামদানীকে নিউইয়র্কের জন্য অনভিজ্ঞ ও ফিলিস্তিনপন্থী বলে আক্রমণের চেষ্টা করেন। তবে মামদানী মঞ্চে বেশ স্বাচ্ছন্দ ও দক্ষতার সাথে কুওমোর ছুঁড়ে দেয়া প্রশ্নের জবাব দেন। মুসলিম কমিউনিটির সাথে ১০ বছর ধরে কোন সম্পর্ক রাখেননি কেন মামদানীর প্রশ্নের জবাবে অনেকটায় বিব্রত হয়ে যান কুওমো।রাজনৈতিক বিশ্লেষক জে.সি. পোলানকোর মতে, অভিজ্ঞ কুওমো পুরো বিতর্কেই নিজেকে ডিফেন্ড ভূমিকায় রেখেছেন। সেখানে মামদানী ছিলেন স্বাচ্ছন্দ্য ও নিখুতভাবে কুওমোকে মোকবেলা করেছেন।আরেক বিশ্লেষক নিক রেইসম্যান বলেন, "জোহরান মামদানি প্রায় সব জরিপে এগিয়ে ছিলেন, বিতর্কে তিনি তার অবস্থান আরো মজবুত করেছেন। এবং মঞ্চে আত্মবিশ্বাসের সাথে কুওমোকে মোকবেলা করেছেন তবে বিতর্কে তিন প্রার্থীই ট্রাম্প প্রশাসন কর্তৃক নিউইয়র্কে সেনা মোতায়েন এর পরিকল্পনার বিপক্ষে একমত ছিলেন।

১২ হাজার কোটি পণ্য পুড়িয়ে নিভল আগুন!

প্রথম পৃষ্ঠার পর

মধ্যে ছিল জীবন রক্ষাকারী ওষুধ তৈরির কাঁচামাল, গার্মেন্টস পণ্য, কম্পিউটার ও মোবাইলের যন্ত্রাংশ, রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের বৈদ্যুতিক সরঞ্জাম, শিশুখাদ্য, প্রসাধনীসহ বিভিন্ন পণ্য।

ব্যবসায়ীদের দাবি, ভয়াবহ এই অগ্নিকাণ্ডে প্রত্যক্ষ ও পরোক্ষ ক্ষয়ক্ষতির পরিমাণ দাঁড়াতে পারে কয়েক হাজার কোটি টাকা। প্রায় ১০০ কোটি ইউএস ডলার বা ১২ হাজার কোটি টাকার ক্ষতি হয়েছে। আগুন নেভানোর পর ওই ভবনকে ঝুঁকিপূর্ণ ঘোষণা করেছে ফায়ার সার্ভিস। সরকার এরই মধ্যে ক্ষয়ক্ষতি নিরূপণে একটি তদন্ত কমিটি গঠন করেছে। সেখানে ব্যবসায়ীদের তথ্য দিতে বলা হয়েছে। এই অগ্নিকাণ্ডসহ মিরপুর ও চট্টগ্রাম ইপিজেডের আগুন নাশকতামূলক কি না, তা খতিয়ে দেখছে অন্তর্বর্তী সরকার।

বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন এবং বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন বলেন, আগুনে পুড়ে যাওয়া পণ্যের অর্থমূল্য এবং ওজনভিত্তিক হিসাব তৈরি করা হচ্ছে। ক্ষতিগ্রস্ত ব্যবসায়ীদের ইনস্যুরেন্স ও সরকারি বিমা ব্যবস্থার আওতায় সহায়তা দেওয়া হবে।

সূত্র জানায়, আমদানি কার্গো কমপ্লেক্সের কুরিয়ার সার্ভিস অংশ থেকে গত শনিবার বেলা সোয়া ২টার দিকে আগুনের সূত্রপাত হয়। গতকাল রোববার বিকেল ৫টার দিকে ফায়ার সার্ভিস আগুন সম্পূর্ণ নিয়ন্ত্রণে আনে। ফায়ার সার্ভিসের পরিচালক (অপারেশন ও মেইনটেন্যান্স) লেফটেন্যান্ট কর্নেল তাজুল ইসলাম চৌধুরী জানান, ভবনটি সম্পূর্ণ ধ্বংসপ্রাপ্ত ও ঝুঁকিপূর্ণ। ভেতরে কিছুই অবশিষ্ট নেই।

শুক্র ও শনিবার সাপ্তাহিক ছুটির দিন হওয়ায় কার্গো ভিলেজ থেকে আমদানি পণ্য খালাস বন্ধ ছিল। ফলে গুদামে পণ্য মজুত ছিল বেশি। মজুত থাকা গার্মেন্টস পণ্য, ওষুধের কাঁচামাল, আন্তর্জাতিক কুরিয়ার শিপমেন্ট, মোবাইল যন্ত্রাংশ, প্রসাধনী, শিশুখাদ্যসহ সব পুড়ে ছাই হয়েছে।

রবিবার দিনভর ঘটনাস্থলে ভিড় করেন ক্ষতিগ্রস্ত ব্যবসায়ী ও ব্যবসায়ী সংগঠনগুলোর প্রতিনিধিরা। তাঁদের একজন উত্তরার গার্মেন্টস ইনপুট সরবরাহকারী প্রতিষ্ঠান 'ফার্স্ট অ্যান্ড সেফে'র মালিক মো. বেনজির বলেন, হংকং ও চীন থেকে রেডিমেড গার্মেন্টসের দুটি শিপমেন্ট এসেছিল। আগুনে স্যাম্পলসহ সবই পুড়ে গেছে। রোববার (গতকাল) মালামাল খালাসের কথা ছিল। তিনি ছোট ব্যবসায়ী। এটি তাঁর জন্য বিশাল ক্ষতি।

বিজিএমইএর ভারপ্রাপ্ত সভাপতি ইনামুল হক খান বলেন, উচ্চমূল্যের পণ্য ও জরুরি শিপমেন্ট সাধারণত আকাশপথে পাঠানো হয়। আগুনে এসব পণ্য ছাই হয়ে গেছে। এর প্রভাব শুধু বর্তমান রপ্তানিতেই নয়, ভবিষ্যতের ব্যবসায়িক সুযোগেও পড়বে।



তাঁর আশঙ্কা, আগুনে পোশাকশিল্পের ক্ষয়ক্ষতির পরিমাণ ১০০ কোটি টাকার বেশি হতে পারে। ইনামুল হক খান বলেন, বিজিএমইএ ইতিমধ্যে ক্ষতির তালিকা তৈরি শুরু করেছে। প্রতিদিন ২০০-২৫০টি কারখানার পণ্য আকাশপথে রপ্তানি হয়। ফলে ক্ষতির পরিমাণ বিপুল হতে পারে।

বিজিএমইএর পরিচালক ফয়সাল সামাদের মতে, পুরো আমদানি সেকশন পুড়ে গেছে। ক্ষতি এক বিলিয়ন টাকার বেশি হতে পারে।

বিভিন্ন ব্যবসায়ী ও রপ্তানিকারকেরা দাবি করছেন, ক্ষতি ১০০ কোটি ইউএস ডলার বা ১২ হাজার কোটি টাকা দাঁড়াতে পারে। বিভিন্ন পণ্যের কাঁচামাল, অ্যাকসেসরিজসহ উৎপাদনসামগ্রী পুড়ে যাওয়ায় কারখানাগুলোর পণ্য তৈরি ও রপ্তানি আটকে যাবে। এতে পরোক্ষ ক্ষতি হবে অনেক।

কেপিআইভুক্ত কার্গো ভিলেজ এলাকার অগ্নিনির্বাপণব্যবস্থা ও নিরাপত্তা নিয়ে প্রশ্ন তুলেছেন বিকেএমইএর সভাপতি মোহাম্মদ হাতেম। তিনি বলেন, এটি দেশের অর্থনীতির প্রাণকেন্দ্রগুলোর একটি। এমন জায়গায় যদি আগুনে সব পুড়ে যায়, তবে নিরাপত্তাব্যবস্থার দুর্বলতা স্পষ্ট। এখানে পর্যাপ্ত অগ্নিনির্বাপণব্যবস্থা ছিল কি না, তা তদন্ত করা জরুরি। তিনি বলেন, 'বহির্বিশ্বে আমাদের যেসব ক্রেতা রয়েছেন, তাঁরাও বেশ উদ্বিগ্ন।'

আমদানি কার্গো ভবনে আগুনে সেখানে থাকা রূপপুর পারমাণবিক বিদ্যুৎকেন্দ্রের ১৮ টন বৈদ্যুতিক সরঞ্জামও পুড়ে গেছে। আমদানিকারক প্রতিষ্ঠান মমতা ট্রেডিং কোম্পানির বিপুব হোসাইন বলেন, ছয় দিন আগে পণ্যগুলো এসেছে, রোববার খালাসের কথা ছিল। কিন্তু এনওসি পেতে দেরি হওয়ায় খালাসের আগেই সব পুড়ে গেছে।

ওষুধের জন্য আমদানি করা কাঁচামালও পুড়ে গেছে। এতে ওষুধশিল্প প্রতিষ্ঠান ক্ষতিগ্রস্ত হয়েছে। রাজধানীর কারওয়ান বাজারের সিঅ্যান্ডএফ এজেন্ট এমএস জি এস কোম্পানির কর্মকর্তা মাহাতাব উদ্দিন বলেন, তাঁদের আমদানি করা প্রায় এক লাখ মার্কিন ডলার মূল্যের ওষুধের কাঁচামাল পুড়ে গেছে। তাঁরা দেশের নামীদামি ওষুধ প্রস্তুতকারক কোম্পানিগুলোর জন্য চীন, ভারত ও জার্মানি থেকে কাঁচামাল আনেন। ভেতরে তাঁদের ২০টি শিপমেন্ট ছিল, সবই পুড়ে গেছে। এসব কাঁচামাল দিয়ে ক্যানসারসহ জীবন রক্ষাকারী ওষুধ তৈরি হতো। এতে ওষুধ উৎপাদনে প্রভাব পড়বে।

ফায়ার সার্ভিসকে দ্রুত ঢুকতে না দেওয়ার অভিযোগ

প্রত্যক্ষদর্শীরা অভিযোগ করেন, আগুন লাগার কিছুক্ষণ পর ফায়ার সার্ভিস এলেও সঙ্গে সঙ্গে ঢুকতে পারেনি। ৮ নম্বর গেটে তাদের অনুমতির জন্য অপেক্ষা করতে হয়। এ জন্য বেশ কিছুটা সময় চলে যায়। এই সময়ে আগুন ছড়িয়ে পড়ে।

তবে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ জাহেদ কামাল এই অভিযোগ নাকচ করে বলেন, 'আমাদের ইউনিট ঘটনাস্থলে পৌঁছানোর পর আগুন দ্রুত ছড়িয়ে পড়ে। গেটে দেখা গাড়ি হয়তো অন্য সংস্থার ছিল।'

এ বিষয়ে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন এবং বাণিজ্য উপদেষ্টা শেখ বশিরউদ্দীন বলেন, এই অভিযোগ পুরোপুরি সঠিক নয়। বিমানবন্দরের নিজস্ব অগ্নিনির্বাপণ ইউনিট ৩০ সেকেন্ডের মধ্যেই কাজ শুরু করেছে। এটি একটি কেপিআই এলাকা, এখানে নিজস্ব ব্যবস্থাও রয়েছে।

আগুনে নেভাতে বেশি সময় লাগার পাঁচ কারণ

আগুন নেভাতে প্রায় ২৭ ঘণ্টা লাগার জন্য পাঁচটি কারণ বলেছে ফায়ার সার্ভিস। গতকাল বিকেলে ফায়ার সার্ভিসের পরিচালক (অপারেশন ও মেইনটেন্যান্স) মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী বলেন, প্রথমত উচ্চ ঝুঁকিপূর্ণ দাহ্য বস্তুর আধিক্য, দ্বিতীয়ত স্টিল স্ট্রাকচারে তাপ শোষণ, তৃতীয়ত অপরিষ্কার ও গাদাগাদি পরিবেশ, চতুর্থত অগ্নিনিরাপত্তা ব্যবস্থার ঘাটতি এবং সর্বশেষ ছোট ছোট স্টিলের স্ট্রাকচার কেটে ভেতরে প্রবেশ করতে বেগ পেতে হয়েছে। তিনি বলেন, কার্গো ভিলেজের যে অংশে আগুন লেগেছিল, এর প্রতিটি জায়গা খোপ খোপ করে ভাগ করা ছিল এবং ভেতরে অনেক অংশ স্টিলের তৈরি। স্টিলের কাঠামো দিয়ে একতলা থেকে দোতলা পর্যন্ত আছে, এ জন্য আগুন নেভাতে এত সময় লেগেছে।

তাজুল ইসলাম বলেন, 'এখানে যদি অ্যাকটিভ অথবা প্যাসিভ মানে আমাদের যেকোনো ধরনের ডিটেকশন সিস্টেম থাকত এবং তার সঙ্গে প্রোটেকশন সিস্টেম থাকত, তাহলে হয়তো দুর্ঘটনা এত বড় হতো না। আমাদেরও তদন্ত করে বের করতে হবে, আসলে কখন কীভাবে এই আগুন লাগল।'

ক্ষতিপূরণ দেবে কে

উড়োজাহাজ থেকে পণ্য নামানো থেকে আমদানিকারকের হাতে পৌঁছানো পর্যন্ত দায়িত্বে থাকে বিমান বাংলাদেশ এয়ারলাইনস। বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) বিমানবন্দরের নিয়ন্ত্রক সংস্থা হিসেবে অবকাঠামো, নিরাপত্তা ও কার্গো টার্মিনাল তদারক করে। এ জন্য ব্যবহার ও নিরাপত্তা বাবদ আলাদা চার্জ নেয়।

সিঅ্যান্ডএফ এজেন্ট অ্যাসোসিয়েশনের সহসভাপতি খায়রুল আলম ভুইয়া মিঠু বলেন, পণ্যের নিরাপত্তার দায়িত্ব বিমান বাংলাদেশ ও বেবিচকের। চার্জ তারা নেয়, এখন ক্ষতিপূরণ দেবে কে?

ব্যবসায়ীরা বলছেন, অন্য দেশের বিমানবন্দরের চেয়ে বেশি চার্জ নেওয়ার পরও এখানে অবকাঠামো দুর্বল ও নিরাপত্তা ঝুঁকিপূর্ণ। ফলে এ ধরনের অগ্নিকাণ্ডে বিপুল ক্ষতির দায় এখনো নির্ধারিত হয়নি।

বর্তমানে শাহজালাল বিমানবন্দর দিয়ে বছরে প্রায় ১ দশমিক ৭৫ লাখ টন পণ্য পরিবহন হয়, যার ১৭ শতাংশ বহন করে বিমান বাংলাদেশ এয়ারলাইনস। বাকি অংশ বহন করে এমিরেটস, কাতার, টার্কিশ, ক্যাথে প্যাসিফিক ও ইথিওপিয়ান এয়ারলাইনস।

নাশকতা কি না, খতিয়ে দেখছে সরকার

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম ইপিজেড ও রাজধানীর মিরপুরের শিয়ালবাড়ীতে আগুনের ঘটনাগুলো নাশকতামূলক কি না, তা খতিয়ে দেখছে অন্তর্বর্তী সরকার। এ বিষয়ে তদন্ত ও তদারকির জন্য স্বরাষ্ট্রসচিবকে প্রধান করে একটি কমিটি গঠন করা হয়েছে।

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ উপদেষ্টা ফারুক-ই-আজমের সভাপতিতে রবিবার মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত 'দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী নির্দেশিকা' সংক্রান্ত বৈঠকে এই সিদ্ধান্ত হয়। বৈঠক সূত্র জানায়, দেশের কেপিআইভুক্ত এলাকাগুলোর অগ্নিনির্বাপণব্যবস্থা যথাযথ আছে কি না, তা যাচাই করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশ দেওয়া হয়েছে।

রাজধানীসহ সারা দেশের বহুতল ভবন, শিল্পপ্রতিষ্ঠান ও বিপণিবিতানগুলোতেও অগ্নিনির্বাপণব্যবস্থা কার্যকর আছে কি না, তা যাচাই করে আগামী দুই সপ্তাহের মধ্যে প্রতিবেদন দিতে বলা হয়েছে।

বৈঠক শেষে ত্রাণ উপদেষ্টা সাংবাদিকদের বলেন, কমিটির প্রতিবেদন অনুযায়ী সরকার প্রয়োজনীয় ব্যবস্থা নেবে।

আগামী ৫ নভেম্বর দুর্যোগ ব্যবস্থাপনা স্থায়ী নির্দেশিকা-সংক্রান্ত পরবর্তী বৈঠক হবে। এর আগেই কমিটিকে তদন্ত প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে।

আমদানি পণ্য খালাস ও রাখার বিকল্প ব্যবস্থা


হযরত শাহজালাল বিমানবন্দরে আমদানি পণ্যের খালাস কার্যক্রম স্বাভাবিক রাখতে সিভিল এভিয়েশন কর্তৃপক্ষ অস্থায়ীভাবে তৃতীয় টার্মিনালে জিএসই মেইনটেন্যান্স (গ্রাউন্ড সাপোর্ট ইকুইপমেন্ট) এলাকা পণ্য সংরক্ষণের জায়গা হিসেবে নির্ধারণ করেছে। সেখানে শুল্কায়নপ্রক্রিয়া শেষে কাস্টমস কর্তৃপক্ষ পণ্য খালাস করছে।

উপদেষ্টা শেখ বশিরউদ্দীন বলেন, আপাতত আমদানি পণ্য তৃতীয় টার্মিনালে রাখা হবে। আগুনের কারণ অনুসন্ধানে একটি কমিটি গঠন করা হয়েছে। তারা বিভিন্ন সংস্থা ও প্রত্যক্ষদর্শীদের সঙ্গে কথা বলে প্রতিবেদন দেবে।



সাক্ষর হলো ‘জুলাই সনদ’





প্রথম পৃষ্ঠার পর অনুষ্ঠানের মধ্য দিয়ে সনদে স্বাক্ষর করেন ২৪ টি রাজনৈতিক দল ও জোটের প্রতিনিধিরা। তবে জুলাই গণ - অভ্যুত্থানে নেতৃত্ব দেওয়া তরুণদের দল জাতীয় নাগরিক পার্টি (এনসিপি) ও চারটি বামপন্থী দল সনদ স্বাক্ষর অনুষ্ঠানে ছিল না। অন্যদিকে দলগুলোর মঞ্চ তৈরি করা হয়। মঞ্চে প্রধান উপদেষ্টা, কমিশনের সদস্য এবং ৩০ টি রাজনৈতিক দল ও জোটের দুজন করে প্রতিনিধির বসার ব্যবস্থা রাখা হয়। এ ছাড়া শহীদ পরিবারের পক্ষ থেকে শহীদ মীর মাহফুজুর রহমান মুগ্ধর বাবা মীর মোস্তাফিজুর রহমান এবং শহীদ তাহির জামান প্রিয়র মা শামসী আরা বেগম জুলাই জাতীয় সনদ স্বাক্ষর মঞ্চে উপস্থিত ছিলেন। তবে বৃষ্টি ও জুলাই যোদ্ধাদের বিক্ষোভের কারণে অনুষ্ঠান কিছুটা দেরিতে শুরু হয়। পূর্বনির্ধারিত সময় অনুযায়ী বিকেল ৪ টায় অনুষ্ঠানের কথা থাকলেও আধ ঘন্টার মতো দেরি হয়। বিকেল ৪ টা ৩৭ মিনিটে জাতীয় সংগীত পরিবেশনের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। উপদেষ্টা পরিষদের সদস্য, সরকারের পদস্থ কর্মকর্তা ও বাংলাদেশে নিযুক্ত বিভিন্ন দেশের কূটনীতিকেরা অনুষ্ঠানে যোগ দেন ।

বিকেল সাড়ে চারটার দিকে অনুষ্ঠানস্থলে যান অধ্যাপক মুহাম্মদ ইউনূস। এ সময় তাঁর সঙ্গে ছিলেন আইন উপদেষ্টা আসিফ নজরুল, সংস্কৃতিবিষয়ক উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকী ও জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি আলী রীয়াজ। অনুষ্ঠান শুরুর পর আলী রীয়াজ স্বাগত বক্তব্য দেন। এরপর অনুষ্ঠিত হয় ঐতিহাসিক স্বাক্ষর অনুষ্ঠান। প্রথমে রাজনৈতিক দলের নেতারা জুলাই জাতীয় সনদের অঙ্গীকারনামার ওপর স্বাক্ষর করেন ।

এরপর জাতীয় ঐকমত্য কমিশনের সভাপতি ও প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস স্বাক্ষর করেন। স্বাক্ষরের মধ্য দিয়ে এই সনদ জাতীয় সম্পদে পরিণত হয়েছে বলে ঐকমত্য কমিশনের পক্ষ থেকে জানানো হয়। রাজনৈতিক দলগুলোর মধ্যে বিএনপির পক্ষে দলটির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ, জামায়াতে ইসলামীর পক্ষে দলের নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মো. তাহের ও সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার সনদে সই করেন। জুলাই সনদে স্বাক্ষর করা অন্য দলগুলো হচ্ছে নাগরিক ঐক্য, গণসংহতি আন্দোলন, ইসলামী আন্দোলন বাংলাদেশ, এলডিপি, খেলাফত মজলিস, রাষ্ট্র সংস্কার আন্দোলন, এবি পার্টি, বাংলাদেশ খেলাফত মজলিস, জাতীয় সমাজতান্ত্রিক দল – জেএসডি, গণঅধিকার পরিষদ, বাংলাদেশের বিপ্লবী ওয়ার্কার্স পার্টি, বাংলাদেশ নেজামে ইসলাম পার্টি, জমিয়তে উলামায়ে ইসলাম, লেবার পার্টি, ভাসানী জনশক্তি পার্টি, ইসলামী ঐক্যজোট, জাতীয় গণফ্রন্ট, জাকের পার্টি, জাতীয়তাবাদী সমমনা জোট, ১২ দলীয় জোট, এনডিএম এবং আমজনতার দল।

মঞ্চে উপস্থিত থাকলেও গণফোরামের ভারপ্রাপ্ত সভাপতি সুব্রত চৌধুরী ও সাধারণ সম্পাদক মিজানুর রহমান উপস্থিত থাকলেও স্বাক্ষর করেননি। এনসিপি, সিপিবি, বাংলাদেশ জাসদ, বাসদ ও বাসদ মার্ক্সবাদী দলের নেতারা স্বাক্ষর অনুষ্ঠানে অনুপস্থিত ছিলেন। এ দলগুলো আগেই সংবাদ সম্মেলন করে জুলাই সনদে সই করবে না বলে জানিয়েছে। এসব দলের কোনো প্রতিনিধিও স্বাক্ষর অনুষ্ঠানে অংশ নেননি।

স্বাক্ষর অনুষ্ঠান শেষে বিএনপির স্থায়ী কমিটির সদস্য সালাহউদ্দিন আহমদ বলেন, ‘এগুলো বাস্তবায়নের মধ্য দিয়ে গণতান্ত্রিক এবং সাংবিধানিক সংস্কারের রাষ্ট্রকাঠামো অর্জন করতে পারব। সেই রাষ্ট্রকাঠামোর মাধ্যমে নতুন বাংলাদেশের যাত্রা শুরু হবে। শক্তিশালী গণতান্ত্রিক ও সাংবিধানিক প্রতিষ্ঠান নির্মিত হবে। রাষ্ট্রের সকল ক্ষেত্রে ভারসাম্য বজায় থাকবে।’ নির্বাচনের বিষয়ে তিনি বলেন, “নির্বাচন কীভাবে হবে, সেটা সংবিধানে লেখা আছে। বিভ্রান্তি তৈরির সুযোগ নেই। এরপরও প্রধান উপদেষ্টা নির্বাচনী প্রক্রিয়া নিয়ে বসতে চাইলে বসা হবে।”

জুলাই সনদ বাস্তবায়নে বিলম্ব হলে তা জাতির সঙ্গে গাদ্দারি বলে গণ্য হবে মন্তব্য করেছেন জামায়াতে ইসলামীর নায়েবে আমির সৈয়দ আবদুল্লাহ মোহাম্মদ তাহের। তিনি বলেছেন, “ঐকমত্য কমিশনের বৈঠকে যে সিদ্ধান্ত হয়েছে, সেটা যেন এই সরকার বাস্তবায়ন করে। আইনি ভিত্তি দেওয়ার আগেই জুলাই সনদে জামায়াতের স্বাক্ষর করার কারণ জানতে চাইলে তাহের বলেন, ‘সংলাপে যেসব সংস্কার নিয়ে আলোচনা হয়েছে, সেগুলোর সঙ্গে সব দলের মতো জামায়াতও একমত। তাই আমরা স্বাক্ষর করেছি।”

এদিকে স্বাক্ষর অনুষ্ঠান শুরুর আগে সকালে ‘জুলাই শহীদ পরিবার ও আহত যোদ্ধা’ ব্যানারে শতাধিক মানুষ জুলাই আন্দোলনে অবদানের রাষ্ট্রীয় স্বীকৃতি, আইনি সুরক্ষা, পুনর্বাসনের বিষয়টি সনদে অন্তর্ভুক্ত করার দাবিতে বিক্ষোভ শুরু করেন। বিক্ষোভের একপর্যায়ে তাঁরা সংসদ ভবন এলাকার গেট টপকে ভেতরে ঢোকেন। সনদ স্বাক্ষর অনুষ্ঠানের মঞ্চের সামনে অবস্থান নেন। মঞ্চের সামনে নির্ধারিত অতিথিদের চেয়ারে বসে স্লোগান দিতে থাকেন। বেলা একটার দিকে পুলিশ তাদের সরিয়ে মানিক মিয়া অ্যাভিনিউতে নিয়ে যায়। সেখানে পুলিশের সঙ্গে পাল্টাপাল্টি ধাওয়া হয়। রাস্তা থেকে সরাতে পুলিশ টিয়ার শেল নিক্ষেপ করে। বিক্ষোভকারীরা রাস্তায় তৈরি করা দুটি অস্থায়ী তাঁবুতে আগুন দেয়। বেলা সোয়া তিনটার দিকে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তাদের সেখান থেকে সরিয়ে দেয়।

এ সময় থমথমে পরিস্থিতি তৈরি হয়। এর আগে বৃহস্পতিবার রাতেও তারা মানিক মিয়া অ্যাভিনিউতে বিক্ষোভ প্রদর্শন করে এবং তাদের দাবি মানা না হলে সনদ স্বাক্ষর অনুষ্ঠান প্রতিহতের ঘোষণা দেয়।

আন্দোলনকারীদের দাবির মুখে কমিশনের পক্ষ থেকে জানানো হয়, জুলাই জাতীয় সনদের অঙ্গীকারনামার ৫ ধারা সংশোধন করা হবে। সংশোধিত অংশে বলা হয়েছে, “গণ অভ্যুত্থানপূর্ব বাংলাদেশে ১৬ বছরের আওয়ামী ফ্যাসিবাদ বিরোধী গণতান্ত্রিক সংগ্রামে গুম, খুন ও নির্যাতনের শিকার হওয়া ব্যক্তিদের এবং ২০২৪ সালের জুলাই-আগস্ট গণ-অভ্যুত্থানকালে ফ্যাসিস্ট আওয়ামী লীগ ও তার সহযোগী আইনশৃঙ্খলা বাহিনীর কতিপয় সদস্যদের দ্বারা সংঘটিত সকল হত্যাকাণ্ডের বিচার, শহীদদের রাষ্ট্রীয় মর্যাদা প্রদান ও শহীদ পরিবারকে এবং জুলাই আহতদের রাষ্ট্রীয় বীর, আহত জুলাই বীর যোদ্ধাদের যথোপযুক্ত সহায়তা প্রদান যেমন মাসিক ভাতা, সুচিকিৎসা, পুনর্বাসন ব্যবস্থা এবং শহীদ পরিবার ও আহত বীর যোদ্ধাদের আইনগত দায়মুক্তি, মৌলিক অধিকার সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করব।” বিকেল ৪ টায় অনুষ্ঠান শুরু হওয়ার কথা থাকলেও বৈরী আবহাওয়ার কারণে অনুষ্ঠানের সময়সূচিতে কিছুটা পরিবর্তন আনা হয়। প্রধান উপদেষ্টার দপ্তর থেকে অনুষ্ঠান কিছুটা পেছানোর আগাম বার্তা দেওয়া হয়। তবে বেলা তিনটা থেকেই অনুষ্ঠানস্থলে আসতে থাকেন আমন্ত্রিত অতিথিরা। বৃষ্টির কারণে একাধিকবার অতিথিদের নিরাপদ আশ্রয়ে যেতে দেখা যায়। বিএনপির স্থায়ী কমিটির সদস্য মির্জা আব্বাস, গয়েশ্বর চন্দ্র রায়, ডা . এ জেড এম জাহিদ হোসেন, জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল হামিদুর রহমান আজাদ, কেন্দ্রীয় নেতা মাওলানা আবদুল হালিম, মাওলানা মো. শাহজাহান চৌধুরীকে দেখা যায়। অতিথিদের সারিতে ছিলেন আইন বিচার ও সংসদবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুল, বিদ্যুৎ ও জ্বালানি উপদেষ্টা মো. ফাওজুল কবির খান, মুক্তিযুদ্ধবিষয়ক উপদেষ্টা ফারুক ই আজম, শিক্ষা উপদেষ্টা অধ্যাপক ড.সি আর আবরার, পরিবেশ বিষয়ক উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান, ভূমি উপদেষ্টা আলী ইমাম মজুমদার, সংস্কৃতিবিষয়ক উপদেষ্টা মোস্তফা সরয়ার ফারুকীসহ উপদেষ্টা পরিষদের সদস্যরা। স্থানীয় সরকার উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া, তথ্য উপদেষ্টা মাহফুজ আলম কিছুক্ষণ বসে মঞ্চের পেছনে চলে যান বলে জানা গেছে। সেনাপ্রধান জেনারেল ওয়াকার - উজ - জামানসহ তিন বাহিনীর প্রধানেরা এবং বিভিন্ন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রধানেরাও জুলাই সনদ জুলাই সনদ স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ।



জাতীয় সংগীতের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়। অনুষ্ঠানে জুলাই সনদ স্বাক্ষর ও প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের বক্তব্যের পর বাংলাদেশের ৫৪ বছরের ইতিহাস তুলে ধরে ৭ মিনিটের একটি ডকুমেন্টারি প্রদর্শন করা হয়। এতে মহান মুক্তিযুদ্ধ থেকে শুরু করে বিভিন্ন গণতান্ত্রিক আন্দোলন ও বিডিআর বিদ্রোহে সেনা কর্মকর্তাদের নৃশংস হত্যার চিত্র তুলে ধরা হয় ; বিশেষ করে এই ডকুমেন্টারিতে শেখ হাসিনার সাড়ে ১৫ বছরের গুম - খুন, মানবাধিকার লঙ্ঘন, অর্থ পাচার বর্ণনার পাশাপাশি জুলাই গণ - অভ্যুত্থানে ছাত্র - জনতার ওপর চালানো বর্বর হামলার চিত্র তুলে ধরা হয়। অনুষ্ঠান শেষে ফেরার সময় অতিথিদের হাতে জুলাই সনদের বই দেওয়া হয়।

প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী (জাতীয় ঐকমত্য) মনির হায়দারের সঞ্চালনায় অনুষ্ঠানের স্বাগত বক্তব্যে কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ বলেন, এই জুলাই জাতীয় সনদ কেবল রাজনৈতিক দলগুলোর মধ্যে সম্পাদিত চুক্তি নয়, এটা নাগরিকের সঙ্গে রাজনৈতিক দলগুলোর ও রাষ্ট্রের একটি সামাজিক চুক্তি। আশাবাদ জানিয়ে তিনি বলেন, “যে জাতীয় দলিল তৈরি হয়েছে, তার বাস্তবায়ন ঘটবে। দ্রুততার সঙ্গে বাস্তবায়ন ঘটবে। নাগরিকদের মতামতের মধ্য দিয়ে এই দিকদিশা নির্দেশক বাংলাদেশ রাষ্ট্রকে ভবিষ্যতে পরিচালনা করবে।”

প্রধান উপদেষ্টার প্রতি আস্থা রেখেই জুলাই সনদে সই করেছি বলে মন্তব্য করে তাহের বলেন, “আমরা আশা করি, উনিও উনার কথা ঠিক রাখবেন। বাংলাদেশে নতুন কোনো সংকট তৈরির ক্ষেত্রে উনারা যেন কোনো ধরনের কর্তৃত্ব তৈরি না করেন।”



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।



ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইল আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবন আমাদের কাম্য। আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্য প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনাদের এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

ন্যাচারালাইজেশন আবেদনে নৈতিক চরিত্র মূল্যায়নে পরিবর্তনঃ ইউএস সিটিজেনশীপ এ্যান্ড ইমিগ্রেশন সার্ভিসেস (ইউএসসি আইএস) ১৫ আগষ্ট ২০২৫ তারিখে একটি পলিসি মেমোরেন্ডাম জারি করেছে। নতুন পলিসিতে সিটিজেনশীপ আবেদনে 'সৎ নৈতিক চরিত্র' মূল্যায়নে যেভাবে পরিবর্তন আনা হয়েছে।

এ বিষয়ে এর আগেও এই বিভাগে প্রকাশ করা হয়েছে।

ইতোপূর্বে চরিত্র মূল্যায়নে কতিপয় অপরাধ, ড্রাগ গ্রহণ, ধোকাবাজি করা (ফ্রড) এবং ভুলভাবে তথ্য উপস্থাপননার উপর জোর দেয়া হতো। এসব অপরাধ তেকে কঠোরভাবে দূরে থাকলে তা আবেদন মঞ্জুরের ক্ষেত্রে ইতিবাচক ফল দেবে।

নতুন নীতি ঃ সাম্প্রতিক পলিসি মেমোরান্ডামে নৈতিক চরিত্র মূল্যায়নে নতুন দৃষ্টিভঙ্গি প্রবর্তন করা হয়েছে। অফিসাররা কেবল তাদের অযোগ্যতার বিষয়গুলোই বিবেচনা করবে না– তাদের ইতিবাচক গুণ এবং যে কমিউনিটিতে তারা বসবাস করছেন, সেই কমিউনিটি'র স্ট্যান্ডার্ড অনুসরন করে চলে কিনা, সেটাও বিবেচনায় নেবে।

ইতিবাচক গুণের মধ্যে থাকতে পারে, পারিবারিক পরিবেশ, শিক্ষাগত যোগ্যতা, আইনসম্মত কর্ম ইতিহাস, ইউএস রেসিডেন্সী গ্রহণের আইন সম্মত সময়। ট্যাক্স প্রদান এবং আর্থিক দায়িত্বশীলতা।

যেসব আচরণ অযোগ্য বরে বিবেচিত হবেঃ কোন আবেদনকারী নৈতিক চরিত্র পালনের মত কোন কাজে যুক্ত আছে কিনা। বেপরোয়া ট্রাফিক আইন লংঘন, কাউকে অবমাননা করা। পূর্বে অসংগত আচরণ করেছে তারা পুর্নবাসনে সঙ্গ আচরণে ফিরে এসেছে কি-না।

পুর্নবাসনের প্রমাণপত্রে রয়েছে যেমনঃ চাইল্ড সাপোর্টের অর্থ পরিশোধ পরিবারিক দায়িত্ব পালনের প্রমানপত্র, অন্যান্য অন্য শর্ত পালনের প্রমাণ, সৎ নৈতিক চরিত্রের প্রমানের জন্য এ্যাফিডেভিট পত্র, কোন বেনিফিট ওভার পেমেন্ট হলে তার ফেরৎ দেবার প্রমাণ, বকেয়া ট্যাক্স পরিশোধের প্রমাণ, একই বয়স সদস্যগ্রস্ত মানুষকে সাহায্য করার প্রমাণ। এ ব্যাপারে সবসময় আমাদের পরামর্শ হচ্ছে যে কোন সমস্যঅ সমাধানে এখানে অভিজ্ঞত ইমিগ্রাশন এটর্নীল সাহায্য গ্রহণ।

ভিসা বুলেটিনে দ্বৈত চার্টঃ ইউএস স্টেট ডিপার্টমেন্ট পরিবার ভিত্তিক এবং চাকুরিভিত্তিক ক্যাটাগরিতে পৃথক দু'টি চার্ট প্রকাশ করে থাকে। একটি চার্ট ফাইনাল এ্যাকশন হিসেবে ব্যবহার হয়। এই চার্টটিকে চার্ট 'এ' বলা হয়। এই ক্যাটাগরিতে একজন আবেদনকারীর গ্রীনকার্ড অথবা ভিসা প্রকৃতপক্ষে কখন অনুমোদন লাভ করতে পারে তার ইঙ্গিত পাওয়া যায়।

আর দ্বিতীয় চার্টটি হচ্ছে ন্যাশনাল ভিসা সেন্টারের সাক্ষাতকারের জন্য চূড়ান্তভাবে ফাইর করার লক্ষ্যে। এই চার্টটিকে সাধারণতঃ চার্ট 'বি' বলা হয়। প্রকৃতপক্ষে এটাই আসল চার্ট তারিখ।

চার্ট 'বি' ভিসা হচ্ছে ভিসা আবেদনের ফাইর ফাইনাল করার ইঙ্গিত দেয়া ইউএস ডিপার্টমেন্টের ওয়েব সাইটে প্রতিমাসে ফ্যামিলি ভিত্তিক এবং চাকুরি ভিত্তিক অগ্রাধিকারের উভয় চার্টই প্রকাশ করা হয়ে থাকে। প্রতি সপ্তাহে আপনার জানতে চাওয়ার প্রেক্ষিতে ভিসা বুলেটিনের সর্বাপেক্ষ অগ্রগতি সম্পর্কে এবং মাঝে মধ্যে ভিসা বুলেটিনের দ্বৈত চার্ট প্রকাশ করা হয়ে থাকে।

নভেম্বর ভিসা বুলেটিন ২০২৫ঃ ইউএস স্টেট ডিপার্টমেন্ট (ডিওএস) নভেম্বর ২০২৫'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে নভেম্বর ২০২৫'র পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা উল্লেখ করা হলো। উল্লেখ্য যে, 'ফাইনাল এ্যকশন ডেট' বলতে সেই ডেটকে বোঝায় যখন ইউএসসিআইএস/ডিওএস জমাকৃত আবেদনের উপর তাদের সিদ্ধান্ত প্রদান করে। আর এতে করে প্রায়োরিটি তারিখ নির্ধারিত হয় এর পূর্বে।

নভেম্বর ২০২৫'র সার্বিক পর্যালোচনায় দেখা যাচ্ছে যে, পরিবার ভিত্তিক ভিসা ক্যাটাগরিতে অল্প কিছুটা অগ্রগতি হয়েছে।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেস : প্রথমঃ (এফ ১)ঃ ইউএস সিটিজেনদের অবিবাহিত পুত্র-কন্যা : নভেম্বর ০৮, ২০১৬।

দ্বিতীয়ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউসে (স্বামী/স্ত্রী), সন্তান এবং অবিবাহিত পুত্র-কন্যা।

এ. (এফ ২এ) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্পাউস (স্বামী/স্ত্রী) এবং ২১ নিম্ন বয়সী সন্তান ঃ ফেব্রুয়ারি ০১, ২০২৪।

বি. (এফ ২বি) ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত পুত্র-কন্যা (২১ বছর বা তদুর্ধ্ব বয়সী) ঃ ডিসেম্বর ০১, ২০১৬।

তৃতীয় ঃ (এফ ৩) ঃ ইউএস সিটিজেনদের বিবাহিত পুত্র-কন্যা ঃ সেপ্টেম্বর ০৮, ২০১১।

চতুর্থ ঃ (এফ ৪) ঃ প্রাপ্ত বয়স্ক ইউএস সিটিজেনদের ভাই-বোন ঃ জানুয়ারি ০৮ ২০০৮।

পারিবারিকভিত্তিক এবং চাকুরিভিত্তিক ভিসার প্রাপ্যতা সম্পর্কে জানতে ইউএস ডিপার্টমেন্ট অফ স্টেটের ওয়েবসাইট ভিজিট করুন।

এই বিভাগের মাধ্যমে আমরা সবসময় পরামর্শ দিয়ে থাকি সেটা হচ্ছে– ইমিগ্রেশন বিষয়ে যেকোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের আগে প্রয়োজনবোধে একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে সাক্ষাতে পরামর্শ গ্রহণ করা ভালো।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা:
২২৫ ব্রডওয়ে (৩৮ তলা),
নিউইয়র্ক ১০০০৭।
ফোন: ২১২-৫১৩-৭৪৭৪
ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০
ই-মেইল:
kazmiandreeves@gmail.com
এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।


অনুবাদ: হুসনে এ. বেগম

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com
Tel: 212-513-7474, Fax: 914-462-3990
* Immigration Cases & Appeals * Bankruptcy Cases
* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.
এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।
যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা
আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।
আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।
আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।


Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com


PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
[100% Scholarship for Training & Job Placement, Condition applied]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300 OFF
* Minimum $10000 cash purchase required
CALL NOW
718-406-9745
718-200-2655
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel


Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

সাহিত্য সাময়িকী

কোন ছলে ফেরাবে সে

দুখু বাঙাল

আমাকে নিয়ে আশপাশের লোকদের কোনো মাথাব্যথা নেই
তারা আমাকে চেনেন জানেন এবং তারা আমাকে দেখেছেন,
পিতার জমিদারি গ্রাস করা নদীর ভাঙনের শব্দ থেকে-
কীভাবে অত্যাচারী রাজন্যকে ছুড়ে ফেলার মন্ত্র শিখে নিতে হয়
কিংবা নিজের বানানো বাড়িখানি পুড়ে পুড়ে ছাই করা
সহাস্য লেলিহান শিখার সাথে কীভাবে ভাব জমাতে হয়।
কোনো কিছুতেই তারা আমাকে হাপিত্যেশ করতে দেখেননি।
রাষ্ট্রপতির সফরসঙ্গী হয়ে বিদেশ ভ্রমণের প্রস্তাব প্রত্যাখান করায়
কাছের লোকজন জাবরকাটা মহিষের মতো নির্বিকার থাকলেও
জিজ্ঞাসা আর কৌতূহলের অন্ত ছিল না সাধারণ মানুষের মাঝে।
মহামান্য রাষ্ট্রপতির দাওয়াত কবুলে ব্যর্থ এই আমি।
সাধারণ মানুষের উদ্দেশে আজ আমার সরল নিবেদন-
শৈশবে হল্লা করে কেয়াচূর্ণে মুখের আদল বদলে নিতাম আমরা
সেই কেয়াফুল এখন আকাশের তারা হয়ে গেছে।
রাষ্ট্রপতির সফরসূচি আর ডায়রঝরা কেয়ার প্রত্যাবর্তনের লগ্নটা
কাকতালীয়ভাবে সমসাময়িক সময়ে হয়ে পড়ায়
কেয়ার দিকে ঝুঁকে থাকতে পারাটাই ছিল আমার জন্য স্বাভাবিক;
নিক্তির মতো কারো প্রতি ঝুঁকে পড়বার অধিকার চিরদিনই মনের
কবি তো মনের রাজা- কোন ছলে ফেরাবে সে হৃদয়ের দাম!

ভাত রঙের হাওয়া

দ্বীপ সরকার

নিঃশ্বাসে যাদের ভাতরঙের হাওয়া-
চিকন সাপের মতো, চিহ্নের ফনা
তাদের দুঃখ-মেঘলতিকার মতো,
পরজীবী নীল-উড়ে যায়,বিষণ্নদূরে
নারিকেল পাতার অহংকারি ছায়ার ভেতর
যাদের মুখ নড়ে ওঠে
তারা দুখী সম্প্রদায়ের লোক
বেদনা রঙের আগুণ-তাদের আয়না

আমাদের সময়টা-বিবিধ নীল
নীল দূরত্বের রেলিং ভাঙছি
সিঁড়িদের গোপন ক্ষত-
অন্তরে যাদের দুঃখ রঙের চিতা
তারা হেঁটে যায় কোথায়?
সমীকরণ সাঁতরে-খোঁজে কি?

চিহ্ন রেখে ঘনিভূত হওয়া সন্ধ্যা
ধ্বংসস্তূপ ফেটে আছে ফুটফুটে জোসনা
জোনাকীদের নিদারুণ আলোকে-
যেখানে ফুটছে বাহারি দুঃখ

শেষ গাছটা যখন বিক্রি হলো

জসীম উদ্দীন মুহম্মদ

থার্মোমিটারের চলন্ত পারদ যদি একফোঁটা অশ্রু হয়
সমুদ্রের নিচের ডুবুরিরাও খুঁজে পায় পার্কিং লট
তখন দেখো, তিমির পেটে কেমন করে কিলবিল করে
অথবা করছে পুরাতন প্লাস্টিকের দাম্ভিক মহাদেশ!

ঘড়ির কাঁটা দুইয়ের বদলে তিনবার টিকটিক করে
কারণ সময়ও দ্বিধায় ভোগে, ফিউচার নামের শব্দটা
কি ফোঁটা-ফোঁটা করে ঝরে যাবে? নাকি...
বৃষ্টি নামবে, কিন্তু মাটি ভিজবে না; আসলে ভিজে যাবে
আমাদের ভেতরের ঘুমন্ত দানব দ্বিচারিতার চাদর!

সূর্য ওঠে কমলা রঙের, যেন আগুনের তাণ্ডবে পোড়া
এক সস্তা পেইন্টিং; শেষ গাছটা যখন বিক্রি করা হলো
তখন তৈরি হচ্ছে অক্সিজেনের জেনারেটর তৈরির
বিজ্ঞাপন; কেউ কি শুনেছে মৃতশিশুর নি:শব্দ হাসি?



অনুধ্যান

সুমন বনিক

শিয়রে সায়র
নিঃসঙ্গ হিজল-করচের
বিচ্ছেদ-বিবাগীমন।

জলমগ্নহাওর আর
জলদেহ-মানব;
মিলেমিশে একাকার!

জলের জোয়ানি
বাঁচার প্রেরণা জোগায়।

প্রকৃতিজ প্রেমের আঁতুড়ঘরে
বাজে রাধারমণের বিরহ-বাঁশি।
আকুলিবিকুলিমন হাবুডুবু-খায়
তাঁর-ই ভাবসাগরে।

হৃদয়ের বাজপাখি ডানা-মেলে
সাধনোচিত ধামে;
মরমের তত্ত্বতালাশে।



ভাষা

হাশিম কিয়াম

তুমি কোন ভাষায় কথা কও?
আমি ব্যাকরণ বুঝি না
শব্দের ঢেউ জুড়ে জুড়ে কোন সে
সাগর বানাও, সাঁতার জানি না, হাবুডুবু খাই
পাখির ভাষায় একবার কথা কও, মগ্ন হয়ে শুনি
তোমার ভাষা পর্দার আড়ালের নর্তকী,
ঘোলা জলের সাপ, দৃষ্টি সীমায় উড়ন্ত
রঙিন কাচ, পাঁজর ভাঙা হাতুড়ি, দূরে
সরিয়ে রাখার থোকা থোকা মাদুলি...
আমিও কি আমার ভাষা বুঝি?
মাটিরও ভাষা আছে, উর্বর শব্দরাশির
নিপুণ কারুকাজ
এসো, মাটির কাছে কাদা-জলের মৈথনে
জন্মানো ভাষা শিখি...

ফেরার টিকিট অগ্রীম বুকিং

মুহাম্মদ রফিক ইসলাম

ফেরার টিকিট অগ্রীম বুকিং দিয়েই
আমরা পৃথিবীতে আসি
বসত গড়ি
নিয়মে অনিয়মে বানাই রাজ্য-সাম্রাজ্য
এবং লিখিত-অলিখিত মনগড়া সংবিধান
দীর্ঘ মেয়াদী পরিকল্পনা বাস্তবায়নে সমূহ চেষ্টা-প্রচেষ্টা
আমিত্ববাদ প্রতিষ্ঠার নিছক দখলদারিত্ব
অথচ ভাড়াটিয়া ভাড়াটিয়াই থাকে
স্বত্ব থাকে না যাযাবর-বেদুইনের
লাইনে দাঁড়িয়ে নিয়ম করে আসা গেলেও
ফেরার পথে কোন দাঁড়ি-কমা নেই
সিরিয়ালও নেই
উপর থেকে তাঁর ডাক এলে
আমরা বাধ্য অনুগত অনন্ত যাত্রাপথের...

নিউইয়র্কে 'বিরক্ত সিলেটবাসী'দের বিক্ষোভ





শেষ পৃষ্ঠায় পর সম্পাদক ইব্রাহীম চৌধুরী, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক রানা ফেরদৌস চৌধুরী, জালালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সভাপতি বদরুল হোসেন খান, সাবেক সভাপতি মাইনুল হক চৌধুরী হেলাল, সংগঠক সেলিনা উদ্দিন, ষ্টেট অ্যাসেম্বলী ডিষ্ট্রিক্ট -৩৯ এর আগামী নির্বাচনে প্রার্থী মেরী জোবায়দা, সৈয়দ ইলিয়াস খসরু, মো. জাবেদ উদ্দিন সহ আরো অনেকে বক্তব্য রাখেন।

অবস্থান কর্মসূচী চলাকালে বক্তারা বলেন- সিলেট অঞ্চল প্রাকৃতিক সম্পদের অপরূপ সম্ভার, পর্যটন এলাকা। সিলেট থেকে দেশের ৪০ ভাগ গ্যাস সরবরাহ করা হয়। সিলেটের চা, পাথর, মাটি, বালু, বিদ্যুৎ সবই আছে। আর আমরা সিলেটিরা শুধু রেমিটেন্স পাঠাবো কিন্তু উন্নয়ন পাবো না, এটা কেমন কথা।

সিলেটে বাস-ট্রেন তথা সড়ক পথে যোগাযোগ ব্যবস্থা নাজুক। আন্তর্জাতিক বিমান বন্দরের দাবী দীর্ঘদিনের। নামকাওয়াস্তে শুধু লন্ডন থেকে বাংলাদেশ বিমান গিয়ে নামে। তাও ভাড়া স্থিগুন। আমাদের রেমিটেন্সের টাকায় দেশের অর্থনীতির চাকা সচল থাকে। অথচ; সিলেটে উন্নয়ন হয়না। এটি হতে পারেনা।

বক্তরা বলেন- দেশের একটি থানায়ও হাজার কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়। কিন্তু সিলেট বিভাগ ছিটেফোটাও পায়না। উন্নয়ন নিয়ে এমন বৈষম্য কেনো? আমরা গুরুত্ব বিবেচনায় সকল অঞ্চলের মতো সিলেটে সমান বরাদ্দের দাবী জানাই। এই আওয়াজ নিউইয়র্ক থেকে নয়, বিশ্বব্যাপী তুলতে হবে। যেখানে যেখানে সিলেটি আছে সেখান থেকে।

সাবেক উপজেলা চেয়ারম্যান ও 'জাগো সিলেট' আন্দোলনের নেতা মুক্তিযোদ্ধা বাবরুল হোসেন বাবুল বলেন, ৫৪ বছর হয়েছে দেশ স্বাধীন হয়েছে। কিন্তু সিলেট বিভাগ সরকারের উন্নয়ন বঞ্চিত হয়েছে। আমরা এখন সিলেটের উন্নয়ন চাই। নয়তো প্রবাস থেকে আমরা আন্দোলন চালাবো।

বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম রাজনৈতিক দলগুলোর উদ্দেশ্যে ক্ষোভ প্রকাশ করে বলেন- আপনারা যখন নির্বাচন করেন, ক্ষমতায় যান তখন হযরত শাহজালাল (র.) এর মাজারে যান। সেখান থেকে দোয়া নিয়ে আসেন। কিন্তু আমরা (সিলেটবাসী) কোন উন্নয়ন পাইনা। আমাদের দাবীগুলো মেনে নিবেন। আমাদেরকে ক্ষুব্ধ হতে দিবেননা আশাকরি।

সাংবাদিক ও সংগঠক ইব্রাহিম চৌধুরী খোকন বলেন, সরকারে যে আছেন, যে আসবেন- আমরা রাজনীতি বুঝিনা। সিলেটের উন্নয়ন নিশ্চিত করা না পর্যন্ত উন্নয়নের ধারাবাহিক লড়াই চলবে।

আয়োজকরা জানান, বৃহত্তর সিলেটের সার্বিক উন্নয়নে ২২ দফা দাবীতে অন্তর্বর্তী সরকারের কাছে স্মারকলিপি পেশ করা হয়েছে। উল্লেখযোগ্য দাবীগুলোর মধ্যে রয়েছে: ওসমানী বিমানবন্দরকে পূর্ণাঙ্গ আন্তর্জাতিক মানে গড়া, ঢাকা-সিলেট মহাসড়ক ছয় লেনের কাজ অবিলম্বে শুরু করা, সিলেট-কক্সবাজার সরাসরি ট্রেন লাইন চালু, সিলেট উন্নয়ন কর্তৃপক্ষ কার্যকরভাবে চালু, প্রবাসীদের হয়রানী বন্ধ সহ ওয়ান স্টপ সার্ভিস চালু প্রভৃতি।















FOOD Dynasty

BIG SALE
মাছের সেল

7507 37th Avenue, Jackson Heights, NY 11372

17 October - 20 November 2025

এই প্রথম জ্যাকসন হাইটসে
সরাসরি সিলেটের হাওড় থেকে সংগ্রহকৃত মাছের বাজার

FOOD DYNASTY, JACKSON HEIGHTS

FISH SALE







FOOD Dynasty

7507 37th Avenue, Jackson Heights, NY 11372

718-779-2077

আর নয় বার্মা,
থাইলেন্ডের মাছ

জ্যাকসন হাইটসে এখন
সিলেটের হাওড়ের
মাছ

সরাসরি সিলেটের হাওড় থেকে সংগ্রহকৃত মাছের বাজার

আইস'র হাতে আটক কানাডার আশ্রয়প্রার্থী বাংলাদেশি তরুণ

শেষ পৃষ্ঠায় পর নিতে চায় না।"

বর্তমানে তাঁর আইনজীবী 'প্রি-রিমুভাল রিস্ক অ্যাসেসমেন্ট'-এর আবেদন করেছেন, যাতে তাঁকে বাংলাদেশে ফেরত পাঠানো না হয় এবং পুনরায় কানাডায় ফেরার সুযোগ দেওয়া হয়।

মাহিন শাহরিয়ার নামে ওই তরুণ বর্তমানে নিউইয়র্কের বাফেলোতে ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইসিই) হেফাজতে আছেন। আইস ডিটেনশন সেন্টার থেকে তিনি কানাডিয়ান প্রেসকে ফোনে দেওয়া এক সাক্ষাৎকারে বলেন, গত ১২ মে তিনি কানাডা-যুক্তরাষ্ট্র সীমান্ত অতিক্রম করেন, যা ছিল একটি মানবপাচারের ফাঁদ।

শাহরিয়ার জানান, তিনি মানসিকভাবে ভেঙে পড়েছিলেন। এক পরিচিত ব্যক্তি তাঁকে মন পরিবর্তনের জন্য মন্ট্রিয়লের কাছে কয়েকদিন থাকার প্রস্তাব দেন। "আমি কিছুদিন বাড়ির বাইরে থাকতে চেয়েছিলাম, আর সে বলেছিল তার কাছে জায়গা আছে," বলেন শাহরিয়ার।

তিনি বলেন, বন্ধুর দেওয়া ঠিকানায় গিয়ে বুঝতে পারেন জায়গাটি সীমান্তের খুব কাছে। "ফোনে সে আমাকে দিকনির্দেশ দিচ্ছিল, জিপিএস দেখে আমাকে বলছিল কোথায় যেতে হবে। কিছুক্ষণ পর বুঝতে পারি আমি যুক্তরাষ্ট্রে চলে এসেছি। এটা একেবারেই অনিচ্ছাকৃত ছিল," বলেন শাহরিয়ার।

বুঝতে পারার পর শাহরিয়ার নিজেই সীমান্ত টহল কর্মকর্তাদের কাছে গিয়ে সাহায্য চান, ভেবেছিলেন তাঁরা তাঁকে কানাডায় ফেরত পাঠাবেন। কিন্তু পরিবর্তে তাঁকে আটক করা হয়।

শাহরিয়ারের আইনজীবী ওয়াশিম আহমেদের কাছে পাঠানো ১ আগস্ট তারিখের এক ইমেইলে আইসিই জানায়, যুক্তরাষ্ট্র কানাডাকে বাধ্য করবে না শাহরিয়ারকে ফেরত নিতে।

শাহরিয়ার ও তাঁর আইনজীবী দুজনেই জানান, আইসিই স্বীকার করেছে যে বাংলাদেশে ফেরত পাঠালে তাঁর ক্ষতির আশঙ্কা রয়েছে। তবুও সেই সম্ভাবনা রয়ে গেছে। আহমেদ বলেন, দেশে ফেরত গেলে শাহরিয়ারকে আটক ও নির্যাতনের ঝুঁকি আছে, কারণ তাঁর বিরুদ্ধে 'বিচারপ্রক্রিয়া ব্যাহত করার' অভিযোগে মামলা হয়েছে–তিনি তাঁর মা ও ছোট বোনকে দেশ ছাড়তে সাহায্য করেছিলেন।

পারিবারিক ভাঙনের পর শাহরিয়ার, তাঁর মা ও বোন কানাডায় আশ্রয় নিয়েছিলেন। বর্তমানে তাঁর মা একজন স্বীকৃত শরণার্থী, আর বোন পড়াশোনা করছেন। শাহরিয়ার নিজে উবার চালিয়ে সংসার চালাতেন।

আইনজীবী আহমেদ জানান, এখন শাহরিয়ারকে বাংলাদেশে ফেরানো যাচ্ছে না, কারণ আইসিইর কাছে তাঁর ভ্রমণ নথি নেই। "তারা একবার তাঁকে কানাডায় ফেরাতে চেয়েছিল, কিন্তু কানাডা গ্রহণ করতে অস্বীকার করেছে," বলেন শাহরিয়ার।

কানাডার বর্ডার সার্ভিসেস এজেন্সি (সিবিএসএ) নির্দিষ্ট কোনো মামলা নিয়ে মন্তব্য করে না। সংস্থাটি এক বিবৃতিতে জানিয়েছে, অন্য কোনো দেশের অভিবাসন প্রক্রিয়ায় আটক বিদেশিদের হয়ে তারা হস্তক্ষেপ করে না।

আইনজীবী আহমেদ জানান, তিনি এখন ফেডারেল কোর্টে জরুরি শুনানির আবেদন করছেন–মানবিক কারণে শাহরিয়ারকে ফেরত নেওয়ার জন্য কানাডার অনুমতি চাইতে।

তিনি বলেন, "যে-ই তাঁর বর্তমান স্ট্যাটাস হোক না কেন, তিনি কানাডার বৈধ বাসিন্দা ছিলেন। তাঁর মা ও বোন এখনও বৈধ অবস্থায় আছেন।"

আইনজীবী আহমেদ যুক্তি দিয়েছেন, 'সেফ থার্ড কান্ট্রি অ্যাগ্রিমেন্ট'-এর অধীনে কানাডার শাহরিয়ারকে গ্রহণ করা উচিত। এই চুক্তি অনুযায়ী, শরণার্থী আবেদনকারী যদি এক দেশ থেকে অন্য দেশে প্রবেশের ১৪ দিনের মধ্যে ধরা পড়ে, তাহলে তাঁকে প্রথম দেশেই ফেরত পাঠানো হয়।

শাহরিয়ার ইতোমধ্যেই যুক্তরাষ্ট্রে এক নথিতে স্বাক্ষর করেছেন, যেখানে উল্লেখ আছে তিনি যুক্তরাষ্ট্রে আশ্রয় চাইছেন না, কারণ তাঁর পরিবার কানাডায় আশ্রয় পেয়েছে এবং তাঁর নিজের আবেদনও এখনও বিবেচনাধীন।

তাঁরআইনজীবী আহমেদ বলেন, এই পরিস্থিতি শাহরিয়ারের পরিবারের ওপর ভয়াবহ মানসিক প্রভাব ফেলেছে। তাঁর মা মানসিক চাপের কারণে একাধিকবার হাসপাতালে ভর্তি হয়েছেন, আর ছোট বোন সংসার চালাতে গিয়ে পড়াশোনা বন্ধ করে দেওয়ার আশঙ্কায় রয়েছেন।

আহমেদ আরো জানান, শাহরিয়ারের প্রথম শরণার্থী আবেদনটি একটি ভুয়া অভিবাসন পরামর্শকের প্রতারণার ফাঁদে পড়ে বাতিল হয়েছিল। সেই ঘটনার মানসিক বিপর্যস্তের সুযোগে শেষ পর্যন্ত তাঁকে সীমান্তে নিয়ে গিয়েছে।

এক স্লিপ

শেষ পৃষ্ঠায় পর ঘিরে সঙ্গত কারনেই এই সময়টা ট্রাফিক নিয়ন্ত্রন সহ আইন-শৃঙ্খলা নিয়ন্ত্রনে কড়াকড়ি ব্যবস্থা থাকে। সেই জাতিসংঘে যাওয়ার সময় শারীরিক অবস্থার কথা চিন্তা করে আমার সঙ্গী রাজনীতিক জনাব সামসুল ইসলাম মজনুর পরামর্শে কয়েক ব্লকের জন্য ট্যাক্সি নিয়ে হয়। ১০/১২ ব্লকের রাস্তা যেতে পথিমধ্যে 'রেড লাইট' ট্যাক্সি থামতেই দায়িত্ব পালনরত একজন ট্রাফিক পুলিশ বলে উঠলেন- 'ওহ বাংলাদেশী। হাসিনা-খালেদা বহুত প্রোবলেম'। একথা বলেই হেসে উঠলেন। আমরাও বুঝতে পারলাম নিউইয়র্ক সিটি পুলিশ জানে হাসিনা-খালেদা জাতিসংঘে আসলে বাংলাদেশীদের ভীড় জমে বিশ্বসংস্থার ভবন ও এর আশেপাশে। ভবনের সামনে পাল্টাপাল্টি সমাবেশ হয়, ঘটে অপ্রীতিকর ঘটনাও। এরমধ্যেই রেড লাইড গ্রীণ লাইট জ্বলে উঠলো, ট্রাফিক পেরিয়ে ধীরে ধীরে জাতিসংঘ ভবনের দিকে এগুতে থাকলো আমাদের ট্যাক্সি ।

২৮ সেপ্টেম্বর ২০২৫









অর্থনৈতিক সমস্যার সমাধানে নিউইয়র্কসহ পুরো যুক্তরাষ্ট্রে সাউথ-ইস্ট গ্রুপ নিয়ে এলো
Micro Credit ও Micro Finance



- দরিদ্র ও স্বল্প আয়ের মানুষরা মাইক্রো ক্রেডিটের মাধ্যমে লোন পেতে পারেন সহজ শর্তে।
- ক্ষুদ্র ব্যবসায়ী, ফুড ভেন্ডার ও অন্যরা মাইক্রো ফাইন্যান্সের মাধ্যমে পেরেন পারেন সহজ শর্তে লোন।
- এছাড়াও পেতে পারেন সোলার প্যানেল ও উইন্ডমিলের জন্য লোন।
- চাষাবাদের জন্য লোন

যাদের ক্রেডিট স্কোর কম, কিংবা ব্যাড ক্রেডিট তাদের ক্রেডিট লাইন বিল্ড করে দেব।

বিস্তারিত জানার জন্য যোগাযোগ করুন

Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suite # 206, Jackson Heights, NY 11372
Phone: 917-566-1612
www: southeastusagroup.com

FSR Multiservices Inc

মাল্টিসার্ভিস অফিস



বাংলাদেশী আমেরিকান কমিউনিটির জন্য
আমরা নিম্নলিখিত সার্ভিস সমূহ প্রদান করে থাকি

- মানি অর্ডার।
- ই-পাসপোর্ট এর জন্য আবেদন করা।
- ই-পাসপোর্ট এপ্লাই করার পর পাসপোর্টের স্ট্যাটাস/অবস্থান নিয়মিতভাবে আবেদনকারীকে অবহিত করা।
- মেশিন রিডেবল পাসপোর্ট (এমআরপি) এর জন্য আবেদন করা।
- এনআইডি/ভোটার আইডি কার্ড আবেদন করা।
- জন্ম সনদের জন্য আবেদন পৃষ্ঠ মুদ্রণ/সঠিক তথ্য করা/পরিবর্তন আবেদন করা।
- পাওয়ার অব এ্যাটর্নি তৈরী করা।
- নো ভিসা ফরম পূরণ করা।
- দ্বৈত নাগরিকত্ব-এর জন্য আবেদন করা।
- তালাক নোটিশ তৈরী করা।
- এয়ার টিকেট।
- সকল প্রকার ইমিগ্রেশন ফাইল করা।
- ওয়ার্ক পারমিট রিনিউর আবেদন করা।
- ক্যাশ এসিসটেন্স আবেদন করা।
- ফুড স্ট্যাম্প আবেদন করা।
- রেন্টাল এসিসটেন্স আবেদন করা।
- ট্যাক্স ফাইল।
- বাংলাদেশে ট্যাক্স রিটার্ন জমা দেয়া/ই-টিন করা।
- বাংলাদেশে বাড়ী/ফ্ল্যাটের বাৎসরিক পৌর কর জমা করা।
- EB-3 আবেদন প্রসেস করা।
- ভারতীয় ভিসার আবেদন করা।
- সৌদি ওমরাহ ভিসার আবেদন করা।

Tel (917)-776-1235 646-461-0919

বিশ্বস্ত সেবার অন্যতম বাংলাদেশী প্রতিষ্ঠান

31-10 37th Avenue,
Suite- 206, (2nd Floor), NY 11101
Email: fsr2024@yahoo.com

GRAND OPENING! JACKSON HEIGHTS OFFICE

GEHI & ASSOCIATES

Attorneys and Counselors at Law
www.gehilaw.com

ফ্রি কনসালটেশন



Naresh Gehi, Esq.

74-09-37th Ave, Suite:205, Jackson Heights, NY-11372. TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 TEL: 718-764-6911

ইমিগ্রেশন ব্যাংক্র্যাপসি ক্রেডিট কার্ড মেটার ডিভোর্স চাইল্ড কাস্টডি চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন সিটিজেনশিপ সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং।

- Do you want apply for a green card?
- Are you being deported?
- Are you having credit card problems?
- Are you unable to pay your debts?
- Has your bank account been sealed?
- Are you getting harrassed by creditors?

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTHING TO THEIR CREDITORS. PRIOR RESULTS DO NOT GUARANTEE FUTURE OUTCOME.

আমরা ৭ দিন খোলা
We are open 7 days

Call: 718-263-5999

- তুলনামূলকভাবে কম ফি
- সন্ধ্যা এবং সপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

আমাদের রয়েছে বাঙালি স্টাফ, আমরা বাংলায় কথা বলি।



Suryia Rahman, Esq

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

TODAY'S DENTAL

86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়

ডা: কাজী জাফরি সাত্তার
ডা: এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)

আমরা বাংলায় কথা বলি

REQUEST A FREE CONSULTATION
718-760-5500

HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং প্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

MAMUN'S TUTORIAL

: Directed by :

SHEIKH AL MAMUN, Certified School Teacher

MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:

Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on

K-6 & Common Core Regents Classes



Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : **347-657-0530, 917-561-1090**

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : **718-507-2113, 917-561-1090**

Quality Education Is Our Priority!

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেওনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার

এ্যাটর্নী এট ল'

আমেরিকা তে কোন নতুন ব্যবসা নুনতম বিনিয়োগে মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হয়ে পড়েন।

তাছাড়া ১ মিলিয়ন বা নুনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিকল্পভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে অন্যত্রে সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন রোগশয্যায় মানিক/পরিজনের জন্য আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিয়ে পারেন এবং ৫বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিপ্রোডাকশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.

Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klplle@gmail.com, Web: www.k-lplle.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস



(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)

একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER

Electronic Filing & Direct Deposit **2021** For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিস্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিস্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।

অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা

"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা

যোগাযোগ করুন ঃ **এম এ কাইয়ূম**
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Wasi Choudhury & Associates LLC

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

SERVICES
- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER

Wasi Choudhury, *EA*
Admitted to Practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member: naea



Tel: 718-440-6712
718-205-3460
Fax: 718-205-3475
Email: wasichoudhury@yahoo.com

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377

SECI
Sonali Exchange Co. Inc.
Secure, Fast, Reliable.



বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

রবিবার জ্যামাইকা ও জ্যাকসন হাইট্স ব্যতীত অন্যান্য শাখা বন্ধ

- আমরা দিচ্ছি সর্বোচ্চ রেট
- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ ও বিকাশ রেটও সমান
- আমরা দিচ্ছি ২.৫০% সরকারী প্রণোদনার নিশ্চয়তা

ঘরে বসে টাকা পাঠাতে
আপনার মোবাইল থেকে
Sonali Exchange App.
ডাউনলোড করে রেজিস্ট্রেশন করুন
যোগাযোগ- ২১২-৮০৮-০৭৯০

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্ক
SONALI EXCHANGE CO. INC.
সোনালী ব্যাংক পিএলসি এর একটি অঙ্গ প্রতিষ্ঠান
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE DFS NY, DF&I NJ, DFS MI, DB&F GA, OCFR MD AND FLOFR FL
NMLS NO. 1098789

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।
রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী
দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist
আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।
*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।
শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)
আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা
আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।
Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123
Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

মায়ামিতে প্রবাসী বাংলাদেশিদের ভোটার নিবন্ধন ও এনআইডি কার্যক্রমের উদ্বোধন

৩-এর পৃষ্ঠায় পর নানা প্রশ্নের উত্তর প্রদান করেন এবং একইসাথে তিনি প্রবাসীদের নতুন ভোটার হওয়ার আহ্বান জানান। এছাড়া তিনি বাংলাদেশ কনস্যুলেট জেনারেল মায়ামিকে সার্বিক সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন।

কনসাল জেনারেল মিজ সেহেলী সাবরীন তাঁর বক্তব্যে যুক্তরাষ্ট্রে বসবাসরত প্রবাসী বাংলাদেশিদের ভোটার হিসেবে নিবন্ধন ও এনআইডি সেবাপ্রদান কার্যক্রম অত্র কনস্যুলেটেও চালু হওয়ায় প্রবাসীদের তাদের দীর্ঘদিনের প্রত্যাশিত এ সেবা গ্রহণের আহবান জানান। এসময় তিনি কনস্যুলেটের পক্ষ থেকে

সুষ্ঠু সেবা প্রদান নিশ্চিতে সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন এবং সরকারের এ উদ্যোগকে সফল করতে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তিনি কমিউনিটির নেতাদের প্রতি নতুন এ সেবা সম্পর্কে প্রবাসীদের অবহিত করার আহ্বান জানান।

প্রবাসী কমিউনিটির পক্ষে বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক সংগঠনের নেতৃবৃন্দ এবং প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিগণসহ অনেকে উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত হয়ে এ উদ্যোগকে স্বাগত জানান। অনুষ্ঠানে প্রধান অতিথি মহাপরিচালক (অতিরিক্ত সচিব) এ এস এম হুমায়ুন কবীর এবং কনসাল জেনারেল

সেহেলী সাবরীন পরীক্ষামূলকভাবে গৃহীত আবেদনের বিপরীতে প্রস্তুতকৃত সেবাপ্রার্থীদের এনআইডিসমূহ হস্তান্তর করেন। এনআইডি কার্যক্রম চালু হওয়ায় মায়ামিতে বাংলাদেশ কনস্যুলেটের অধিক্ষেত্রাধীন প্রবাসী বাংলাদেশিদের মাঝে ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার সৃষ্টি হয়েছে।এই উদ্বোধনী অনুষ্ঠানের আয়োজনে ফ্লোরিডা স্টেট বি এন পি আন্তরিক সহযোগিতা ও সম্পৃক্ততা সেই সাথে বিপুল জনসমাগমের মাধ্যমে সাফল্য মন্ডিত করে ষ অনুষ্ঠানের প্রশ্নোত্তর পর্বে ফ্লোরিডা বি এন পির সিনিয়র সহ: সভাপতি জনাব রফিকুল হক গঠনমূলক প্রশ্ন তুলে ধরেন, সাবেক সভাপতি বর্তমান উপদেষ্টা জনাব দিনাজ খান প্রশ্ন রাখেন, সেই সাথে সাবেক সাধারণ সম্পাদক জনাব আরিফ আহমেদ আশরাফ ষ এ ছাড়া উপস্থিতিদের মধ্যে ছিলেন, সি: সাধারণ সম্পাদক শহীদ খান ফিরোজ ও সাংগঠনিক সম্পাদক মো: মহসিন ষ ফ্লোরিডা স্টেট বি এন পি সভাপতি জনাব এমরানুল হক চাকলাদার প্রশ্নোত্তর পর্বে সকল কে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে এই উদ্যোগের সফলতা কামনা করেন।



গভর্মেন্ট শাটডাউনে সপ্তাহে ক্ষতি ১৫ বিলিয়ন ডলার

প্রথম পৃষ্ঠার পর বার্তা সংস্থা রয়টার্সের খবরে বলা হয়েছে, ক্ষট বেসেন্ট বুধবার দুটি অনুষ্ঠানে ভুল ওই হিসাব তুলে ধরেন। তিনি সেখানে বিরোধী দল ডেমোক্রেটিক পার্টির উদ্দেশে বলেন, তারা যেন 'নায়ক' হয়ে রিপাবলিকানদের সঙ্গে হাত মিলিয়ে শাটডাউন শেষ করেন।

বেসেন্টের বক্তব্যের সংশোধনী দিয়ে ট্রেজারি বিভাগের ওই কর্মকর্তা জানান, ক্ষতির এই হিসাব হোয়াইট হাউসের কাউন্সিল অব ইকোনমিক অ্যাডভাইজার্সের এক প্রতিবেদনের ওপর ভিত্তি করে করা হয়েছে।

